টম ডনলনের পদত্যাগের গুঞ্জন, আলোচনায় জেসিকা টিশ পৃষ্ঠা ১৪

প্রথম আলো

Prothom Alo North America

17 October 2024, Thursday, 8th Year, Issue 396, 40 Pages

কমলার সমর্থনে এআর রহমান তৈরি করলেন গানের ভিডিও পৃষ্ঠা ২৬

১৭ অক্টোবর ২০২৪, ১ কার্তিক ১৪৩১, ১৪ রবিউস সানি ১৪৪৬, বৃহস্পতিবার, ৮ম বর্ষ, সংখ্যা ৩৯৬, পৃষ্ঠা: ৪০

হাসিনা-কাদেরসহ ৪৬ জনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল

১৮ নভেম্বরের মধ্যে শেখ হাসিনাসহ ৪৬ জনকে গ্রেপ্তার করে আদালতে হাজির করতে নির্দেশ দেয়া হয়।

■ প্রথমদিনে শেখ হাসিনাসহ ৫০ জনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা চায় ট্রাইব্যুনালের প্রসিকিউশন টিম।

ঢাকা অফিস

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ঘিরে জুলাই-আগস্টে সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ আরও ৪৫ জনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। বিচারপতি মো. গোলাম মর্তুজার নেতৃত্বাধীন ট্রাইব্যুনাল বৃহস্পতিবার পৃথক দু'টি আবেদনের পরিপ্রেক্ষিতে এই আদেশ দেন।

আদেশে ১৮ নভেম্বরের মধ্যে শেখ হাসিনাসহ ৪৬ জনকে গ্রেপ্তার করে আদালতে হাজির করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেয়া হয়।

প্রথমদিনে শেখ হাসিনাসহ ৫০ জনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা চায় ট্রাইব্যুনালের প্রসিকিউশন টিম। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে শেখ হাসিনাসহ আওয়ামী লীগ, ১৪ দলের নেতা, সাংবাদিক ও আইনশৃঙ্খলা বাহিনীর সাবেক শীর্ষ কর্মকর্তাদের বিরুদ্ধে এখন পর্যন্ত গুম, হত্যা, গণহত্যাসহ ৬০টির বেশি অভিযোগ জমা পড়েছে।

এর আগে গত সোমবার বিচারপতি মো. গোলাম মর্তূজা মজুমদারকে চেয়ারম্যান এবং বিচারপতি শফিউল আলম মাহমুদ ও সাবেক বিচারপতি মহিতুল হক এনাম চৌধুরীকে সদস্য হিসেবে নিয়োগ দিয়ে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল পুনর্গঠন করা হয়।

ছাত্র-জনতার আন্দোলনের মুখে

এরপর পৃষ্ঠা ১০ কলাম ৪

ট্রাম্প আরিজোনায়, কমলা এগিয়ে পেনসিলভেনিয়ায়

যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট নির্বাচন

নভেম্বরে প্রেসিডেন্ট নির্বাচনে জিততে হলে পেনসিলভানিয়ায় জয়ী হওয়া ছাড়াও এর ১৯টি ইলেকটোরাল কলেজ ভোট পাওয়া গুরুত্বপূর্ণ।

উত্তর আমেরিকা ডেস্ক

আগামী ৫ নভেম্বরের মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনকে কেন্দ্র করে জমে উঠেছে কমলা হ্যারিস ও ট্রাম্পের নির্বাচনী প্রচার প্রচারণা। এরমধ্যেই নতুন একটি জরিপে পেনসিলভানিয়া অঙ্গরাজ্যে রিপাবলিকান পার্টির প্রার্থী ডোনাল্ড ট্রাম্পকে পেছনে ফেলেছেন ডেমোক্রেটিক পার্টির প্রার্থী কমলা হ্যারিস। নিউইয়র্ক টাইমস ও সিয়েনা কলেজের সাম্প্রতিক জরিপে এমনটা উঠে এসেছে।

ডোনাল্ড ট্রাম্প

কমলা হ্যারিস

অন্যদিকে আরিজোনা অঙ্গরাজ্যে কমলার চেয়ে ছয় পয়েন্টে এগিয়ে আছেন ট্রাম্প। ইউএস টুডে ও ইকোনমিক টাইমসের প্রতিবেদনে বলা হয়েছে, জরিপে নিউইয়র্ক টাইমস, ফিলাডেলফিয়া ইনকোয়ারার ও সিয়েনা কলেজ দুটি অঙ্গরাজ্যের প্রায় ১ হাজার ৬শ'র বেশি ভোটারের মতামত নিয়েছে।

জরিপে দেখা গেছে, পেনসিলভানিয়ায় কমলার সমর্থন ৫০ শতাংশ, যেখানে ৪৭ শতাংশ ভোটার

এরপর পৃষ্ঠা ১০ কলাম ১

আরেকদফা ট্রাম্পের আমেরিকা দেখার অপেক্ষায় বিশ্ব?

বিশেষ প্রতিনিধি

প্রায় দুই সপ্তাহ পরে আমেরিকার দৃশ্যপট বদলে যেতে পারে। ট্রাম্পের আমেরিকা কেমন হবে, এ নিয়ে আলাপ শুরু হয়ে গেছে। ৫ নভেম্বর নির্বাচনের আগেই আগাম ভোট শুরু হয়েছে। জরিপের ফলাফল এবং ভোটারদের প্রতিক্রিয়া দেখে ট্রাম্প শিবির উৎফুল্ল। যদিও শেষ মুহূর্তে কি হতে পারে, এনিয়ে নিশ্চিত নন কেউ। কমলা হ্যারিসকে নিয়ে মরিয়া হয়ে উঠা ডেমোক্র্যাট দল থেকেই বলা হচ্ছে, লড়াই হবে হাড্ডাহাড্ডি। শুধু আমেরিকাই নয়, বিশ্বে নতুন ইতিহাস সৃষ্টি করতে পারেন ডোনাল্ড ট্রাম্প দ্বিতীয় দফা নির্বাচিত হয়ে। ট্রাম্পের আমেরিকা এক বদলে যাওয়া আমেরিকা হবে, এ নিয়ে নানামুখী আলোচনারও কোন শেষ নেই।

শেষ মুহূর্তের প্রচারে ব্যস্ত সময়

এরপর পৃষ্ঠা ১০ কলাম ১

বঙ্গবন্ধুকে জাতির জনক মনে করে না বর্তমান সরকার

ঢাকা অফিস

নাহিদ ইসলাম

অন্তর্বর্তীকালীন সরকার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে জাতির জনক মনে করে না বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচার উপদেষ্টা নাহিদ ইসলাম। গতকাল সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

উপদেষ্টা নাহিদ ইসলাম বলেন, আওয়ামী লীগ ফ্যাসিস্ট দল হিসেবে ক্ষমতায় ছিল। মানুষের ভোটাধিকার হরণ ও গুম-খুন করে এবং গণহত্যা করে তারা ক্ষমতায় ছিল। কাজেই কারা তাকে জাতির পিতা বললো, তারা কোন দিবসকে জাতীয় দিবস ঘোষণা করলো, নতুন বাংলাদেশে সেটার ধারাবাহিকতা থাকবে না। আমরা বাংলাদেশকে নতুনভাবে গঠন করতে চাচ্ছি। ফলে ইতিহাসের প্রতি আমাদের নতুন দৃষ্টিভঙ্গি আনতে হবে। তথ্য উপদেষ্টা আরও বলেন, আপনারা যদি আওয়ামী লীগের করা সব কিছু মনে করেন

এরপর পৃষ্ঠা ১০ কলাম ৬

নিউইয়র্ক সিটির নতুন স্কুল চ্যান্সেলর হলেন মেলিসা অ্যাভিলেস

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্ক সিটির নতুন স্কুল চ্যান্সেলর হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন মেলিসা অ্যাভিলেস-রামোস। এর আগে, তিনি ডেপুটি চ্যান্সেলর হিসেবে কাজ করছিলেন। ১৬ অক্টোবর, বুধবার দেশের বৃহত্তম পাবলিক স্কুল সিস্টেমের প্রথম লাতিনা চ্যান্সেলর হিসেবে এই পদে আসীন হলেন তিনি।

জানা গেছে, ডেভিড ব্যাঙ্কসের আকস্মিক অবসরের পর এই পরিবর্তন

এরপর পৃষ্ঠা ১০ কলাম ৪

নিউইয়র্ক সিটির নতুন স্কুল চ্যান্সেলর হিসেবে দায়িত্ব নিয়েছেন মেলিসা অ্যাভিলেস-রামোস।

CDPAP প্রোগ্রাম এর অধীনে সেবাদানকারী হিসেবে আপনি আপনার সন্তান, আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব, পাড়া-প্রতিবেশিসহ আপনার পছন্দের যে কাউকে নিয়োগ দিতে পারেন

এসেনসিয়াল হোম কেয়ার
ESSENTIAL HOME CARE
MOHAMMAD HOSSAIN ISTIAQUE, CEO

- সার্টিফিকেটের প্রয়োজন নেই
- CDPAP প্রোগ্রাম আপনার প্রিয়জনের বেতনভার বহন করবে
- আপনার পছন্দের মানুষ দিয়ে সেবা গ্রহণ করুন

Jamaica Office
170-10 Hillside Ave
Jamaica, NY 11432
Tel : 917-300-6463, 516-744-7544
Fax : 517-744-7111
E-mail : support@essentialcareny.com

Jackson Heights Office
37-18, 73 Street, Suite # 202
Jackson Heights, NY 11373
Phone: 516-744-7544, 516-605-8123, 917-300-6463, Fax : 516-744-7111
E-mail: support@essentialcareny.com

Bronx Office
2165 Starling Ave
Bronx, NY 10462
Tel: 917-970-0056
Fax: 917-970-0058
E-mail : support@essentialcareny.com

Presidential & National Healthcare Champion Awardee
Home Care Agency and run by CIP Muhammad A Kader Bhuiyan (Shishir)
ALL COUNTY HOME CARE
CDPAP HHA PCA
allcountyhc@gmail.com
www.allcountyhealthny.com
718-593-0932
QUEENS • BRONX • BROOKLYN • SUFFOLK • NASSAU • MANHATTAN • STATEN ISLAND

Muhammad A Kader Bhuiyan (Shishir)
President & CEO

CHISHTI CPA PC
GROW YOUR BUSINESS WITH US

ইনকাম ট্যাক্সে আমাদের সেবাসমূহ
- ব্যক্তিগত ট্যাক্স রিটার্ন
- কর্পোরেট ট্যাক্স রিটার্ন
- স্মল বিসনেস ট্যাক্স রিটার্ন
- সেল্ফ এমপ্লয়মেন্ট ট্যাক্স রিটার্ন (উবার, লিফট, ক্যাব ড্রাইভারস)
- একাউন্টিং বুককিপিং, ইমিগ্রেশন ফরম পূরণ, বিজনেস গঠন

চিশতী একাউন্টিং এন্ড ট্যাক্স সার্ভিসেস
Trusted Accounting and Tax Services
Over 13 Years of Accounting and Taxation Experience

ইনকাম ট্যাক্স
- INDIVIDUAL TAX RETURN
- CORPORATE TAX RETURN
- SMALL BUSINESSES TAX RETURN
- SELF-EMPLOYED (UBER/LYFT/CAD DRIVER)

একাউন্টিং ও বুককিপিং
- RAYROLL
- W2S, 1099S
- FINANCIAL STATEMENT
- SALES TAX QUARTERLY AND YEAR END FILINGS

Call/email/make appointment at www.chishtiaccounting.com
T:917-832-7785 C: 347-515-3858 E: chishti@chishtiaccounting.com
73-19 Broadway, Jackson Heights NY11372

LIBERTY TRAVELS & TECH
AIR TICKET, WORLDWIDE MONEY TRANSFER

Our Other Services:
- PHOTOCOPY
- E-MAIL PRINT
- BANNER
- MONEY TRANSFER
- BUSINESS CARDS
- CUSTOM T-SHIRT
- FLYER
- A-SIGN
- CARGO
- FEDEX/UPS
- CELL PHONE
- MUG PRINTING



Mohammad K. Chishti, CPA

72-30 Roosevelt Ave, Jackson Hts, NY 11372. Cell: 347-448-6092, 518-699-2499

Queens Social Adult Day Care Center Inc

কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্ক

কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্ক একটি ডে-কেয়ার সার্ভিস সেন্টার। আমরা লিঙ্গ, জাতি অথবা ধর্ম বৈষম্যহীনভাবে সবধরণের গ্রাহক সেবা প্রদান করি। আমরা দুরারোগে অসুস্থ্য এবং প্রতিবন্ধী গ্রাহকদের, প্রবীণ ব্যক্তিদের নিরাপদ এবং উপযুক্ত ডে-কেয়ার সার্ভিস প্রদান করে থাকি। আমরা নিশ্চিত করি যেন গ্রহক মানসম্পন্ন সেবা আমাদের সেন্টার থেকে পেতে পারেন যাতে করে তাকে কোন নার্সিং হোমে যেতে না হয়। মেট্রোপলিটন এলাকায় আমাদের অভিজ্ঞ কর্মীরা সর্বাত্মক ডে-কেয়ার সেবা প্রদান করে থাকেন।

ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস্ (পিকআপ এন্ড ড্রপস্)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

We speak Spanish, Urdu, Hindi & Arabic

আমরা নিজস্ব ট্রান্সপোর্টে ফ্রি পিকআপ এবং ড্রপস্ করে থাকি

আমরা ৭ দিনই খোলা

For details information please contact

ENGINEER MAHFUZUL HAQUE

MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain

148-41 Hillside Ave, Jamaica, NY 11435

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com



ZAM ZAM TRAVEL US
জম জম ট্রাভেল ইউএস
www.zamzamtravelus.com
zamzamtravelus

★★★★★
Special Luxurious Five Star & Economy (Customized & Group)
Umrah Package Available
★Visa ★Ticket ★Hotel ★Transportation ★Ziarat ★Guidance Services

ECONOMY STARTING FROM
Quad $1599
Tripple $1699
Double $1799

LUXURY STARTING FROM
Quad $1999
Tripple $2099
Double $2199

Special Umrah Pre-Seminar & Free Gifts for Every Haji

- AIRLINES TICKETS SELLER
- WORLDWIDE VISA SERVICES
- SAUDI ARABIA 10 YEARS VISA
- HAJJ & UMRAH PACKAGE SERVICE PROVIDER

+1 (718) 395-9697
zamzamtravelus@gmail.com
37-15 73 Street (Suite-207), Bangladesh Plaza
Jackson Heights, NY-11372

জ্যামাইকার সাটফিন বুলেভার্ডে এই প্রথম বাংলাদেশি ডাক্তার
আমরা ইমিগ্রেশনের জন্য মেডিকেল করি

মোহাম্মদ এ. ওয়াহিদ, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

আমাদের সেবাসমূহ
- যত্নসহকারে পূর্ণাঙ্গ স্বাস্থ্যসেবা দেওয়া হয়
- প্রাইমারি কেয়ার/ইন্টারনাল মেডিসিন
- রক্ত, প্রস্রাব, ইকেজি, সনোগ্রাম, এলার্জি পরীক্ষার ব্যবস্থা আছে
- হজ ও ওমরাহ যাত্রীদের জন্য ফ্লু/ভ্যাকসিন
- জব, স্কুল, টিএলসি সম্পর্কিত শারীরিক পরীক্ষা (ফিজিক্যাল এক্সাম)
- হেলথ ইনসুযরেন্স ছাড়া রোগীদের বিশেষভাবে চিকিৎসার ব্যবস্থা আছে
- ফ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস পরীক্ষার ব্যবস্থা আছে
- স্কুল ফর্ম পূরণ, WIC ফর্ম, PAP Smear পরীক্ষা, ড্রাগ টেস্ট করা হয়
- স্কুল–কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- অন্য সব ধরনের চিকিৎসা অত্যন্ত যত্নসহকারে করা হয় এবং পরার্মশ দেওয়া হয়।
- আমরা প্রায় সব ধরনের ইনসুরেন্স গ্রহণ করে থাকি।
আমাদের অফিস প্রায় ৭ দিনই খোলা।

আপনি জানেন কি?
- বাংলাদেশি ও ভারতীয় অভিবাসীদের হৃদরোগের আশঙ্কা অন্যান্য আমেরিকানদের চেয়ে বেশি।
- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখ, থাইরয়েড, এ্যাজমা (হাঁপানি), বাতের ব্যথা, চর্মরোগ, এলার্জি, যৌন রোগসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারীরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের আশঙ্কা সম্পর্কে জেনে নিন।

রুবিনা আক্তার, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

WAHID MEDICAL PLLC
147-28, Hillside Avenue, Jamaica, NY-11435
Tel: 718-487-3671, Fax: 718-487-3715

Gehi & Associates
ATTORNEYS AT LAW
www.gehilaw.com

Grand Opening
আমরা এখন Jackson Height
ফ্রি কনসালটেশন

74-09 37th Ave, Suite 205, Jackson Heights, NY 11372 — TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 — TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 — TEL 718-764-6911

*ইমিগ্রেশন *ব্যাংক্র্যাপসি *ক্রেডিট কার্ড মেটার *ডিভোর্স *সিটিজেনশিপ *চাইল্ড কাস্টডি
*চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন *সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং

- Do you want apply for a green card?
- Are you having credit card problems?
- Has your bank account been sealed?
- Are you being deported?
- Are you unable to pay your debts?
- Are you getting harrassed by creditors?

WE ARE OPEN 7 DAYS a week

আমরা বাংলায় কথা বলি

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTING TO THEIR CREDITORS, PRIOR RESULTS DO NOT GUARANRTEE FUTURE OUTVCOME

CALL: 718-263-5999

সুরাইয়া রহমান

*তুলনামূলকভাবে কম ফি *সন্ধ্যা এবং সাপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

ঢাকার উত্তরায় যুক্তরাষ্ট্র প্রবাসীর বাড়ি দখল

নিউজ ডেস্ক

ঢাকার উত্তরাতে পুলিশের এক এএসপির সহায়তায় যুক্তরাষ্ট্র প্রবাসী শেখ নুরুর রহমানের বাড়ি দখলের অভিযোগ উঠেছে। স্থানীয় মো. সোহেল রেজা ওরফে ইদন নামের এক আওয়ামী লীগ নেতা ২০২২ সালে দলবল নিয়ে জোর করে ওই প্রবাসীর বাড়িটি দখল নিয়ে প্রতি মাসে ৮৫ হাজার টাকা ভাড়া তুলে নিচ্ছেন।

এ বিষয়ে স্থানীয় থানায় একাধিকবার অভিযোগ করে কোনো সুরাহা পাননি নুরুর রহমান। সোহেল রেজা আওয়ামী লীগের নেতা হওয়ায় সরকারের পুরো প্রশাসন ছিল তার পক্ষে। ফলে আদালতে মামলা করে নিজের পক্ষে রায় পেলেও বাড়ির দখল পেতে পুলিশ প্রশাসনের সহায়তা পাননি ভুক্তভোগী।

নুরুর রহমানের অভিযোগ, সোহেল রেজা তার বোন জামাই এএসপি বাহাউদ্দিন ভূইয়ার ছত্রছায়ায় বাড়িটি দখল নিয়েছেন। ফলে আইনশৃঙ্খলা বাহিনীকে বৃদ্ধাঙুলি দেখিয়ে বছরের পর বছর অবৈধভাবে ভাড়া তুলে নিচ্ছেন। এ বিষয়ে প্রতিবাদ করায় শেখ নুরুর রহমানের স্বজনদের হত্যার হুমকিও দেওয়া হয়েছে।

১৩ অক্টোবর রোববার দপুরে রাজধানীর সেগুনবাগিচায় বাংলাদেশ ক্রাইম রিপোর্টার্স অ্যাসোসিয়েশনে (ক্র্যাব) এক সংবাদ সম্মেলনে এসব অভিযোগ করেন যুক্তরাষ্ট্র প্রবাসী শেখ নুরুর রহমান। তার পক্ষে সংবাদ সম্মেলনটির আয়োজন করেন অ্যাডভোকেট তানজিল আহমেদ সানি। এ সময় যুক্তরাষ্ট্র থেকে অনলাইনে যুক্ত হয়ে বক্তব্য দেন শেখ নুরুর রহমান।

নুরুর অভিযোগ করে বলেন, আমি একজন রেমিট্যান্স যোদ্ধা। দীর্ঘ ৩৫ বছর ধরে আমি যুক্তরাষ্ট্রে বসবাস করছি। গত দুই বছর ধরে দক্ষিণখান থানাধীন আশকোনা হজক্যাম্প রোড সংলগ্ন আমার বাড়িটি দখল করে নিয়েছে ‘সন্ত্রাসী’ সোহেল রেজা। বাড়িটির আমার বোনের অংশ ‘সন্ত্রাসী’ সোহেলের কাছে বিক্রি করে। কিন্তু সোহেল আমার ভাই সবুজকে জোর করে সাদা কাগজে স্বাক্ষর নিয়ে পুরো বাড়িই দখল নিয়েছে। সোহেলকে প্রত্যক্ষভাবে সহায়তা করেছে তার দুলাভাই এএসপি বাহাউদ্দিন ভূইয়া। ফলে বিচার চেয়েও পাওয়া যাচ্ছে না।

সংবাদ সম্মেলনে শেখ নুরুর রহমান কান্নাজড়িত কণ্ঠে বলেন, আমি নিরুপায় হয়ে আমার পৈত্রিক সূত্রে পাওয়া সম্পত্তি ফিরে পেতে আপনাদের সহায়তা চাচ্ছি।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে অ্যাডভোকেট তানজিল আহমেদ সানি বলেন, রাজধানীর দক্ষিণখান থানাধীন সাং- ৪০৪ (নতুন), ২৬ (পুরাতন) আশকোনা হজ্জক্যাম্প রোড সংলগ্ন একটি বাড়ির মালিক যুক্তরাষ্ট্র প্রবাসী শেখ নুরুর রহমান। বাড়িটি তিনি ও তার বোন দীর্ঘদিন ধরে ভোগ দখল করে আসছিলেন। কয়েক বছর আগে তার বোনের অংশের সম্পত্তি মো. সোহেল রেজা (ইদন) নামে একজনের কাছে বিক্রয় করেন। সোহেল রেজা নুরুর রহমানের বোনের অংশের সম্পত্তি কিনে সুকৌশলে পুরো সম্পত্তি দখল করেন। পরে নুরুর রহমানের বাড়ির অংশের ভাড়াটিয়াদের কাছ থেকে প্রতি মাসে ভয়ভীতি ও হুমকি দিয়ে ভাড়া তুলে আত্মসাৎ করছেন সোহেল।

‘নিত্যপণ্যের দাম ও ডেঙ্গু নিয়ন্ত্রণে ব্যর্থতায় সরকারকে ছাড় নয়’

ঢাকা অফিস

রুহুল কবির

নিত্যপণ্যের দাম ও ডেঙ্গু নিয়ন্ত্রণে ব্যর্থ হলে অন্তর্বর্তী সরকারকে জনগণ ছাড় দেবে না বলে মন্তব্য করেছেন বিএনপির নেতারা। বাজার সিন্ডিকেটের বিরুদ্ধে কঠোর হওয়ার তাগিদ দিয়েছেন তারা। বুধবার রাজধানীতে আলাদা অনুষ্ঠানে বিএনপি নেতারা বলেন, জনগণের ভোট ও ভাতের অধিকার এখনো প্রতিষ্ঠিত হয়নি।

বুধবার ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা তৈরিতে রাজধানীর গোড়ান নবাবী মোড়ে র লিফলেট বিতরণ করেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। এসময় তিনি জানান, ডেঙ্গু মোকাবিলায় সরকারের দৃশ্যমান কোন অগ্রগতি নেই। মহামারিতে মানুষ মারা গেলে ছাড় পাবে না সরকার। সেইসাথে নিত্যপণ্যের দাম নিয়ন্ত্রণে সরকারকে শক্তভাবে বাজার সিন্ডিকেটের বিরুদ্ধে অবস্থান নেয়ার তাগিদ দেন রুহুল কবির রিজভী।

রুহুল কবির রিজভী বলেন, ‘এই ছোটখাটো মাফিয়া যারা বাজার সিন্ডিকেট করে, যারা দাম ওঠানামা নিয়ন্ত্রণ করে এদেরকে ধরুন। এদের গ্রেপ্তার করুন। আইনের আওতায় আনুন। অন্তর্বর্তী সরকারকে বলতে চাই, আপনারা সতর্ক থাকুন। ভয়ংকর ভয়ংকর ষড়যন্ত্র-চক্রান্ত হবে। শেখ হাসিনা বসে নেই।’

একই দিন জাতীয় প্রেসক্লাবে এক সমাবেশে বিএনপির আরেক নেতা শামসুজ্জামান দুদু জানান, নির্বাচনের সময়সূচি না জানালে, আস্থাহীনতা তৈরি হবে। সবার আগে জনগণের ভোটের অধিকার প্রতিষ্ঠার আহ্বান জানান তিনি।

বিএনপির এ ভাইস চেয়ারম্যান বলেন, ‘সমর্থন হচ্ছে ভোটের জন্যে। সমর্থন হচ্ছে বাংলাদেশের গণতন্ত্রের জন্যে। সমর্থন হচ্ছে স্বাধীনতার জন্যে। এর বাহিরে আপনাদের সঙ্গে আমাদের কোনো লেনদেন নাই। এটি যদি না পাই, তাহলে যে আন্দোলন গত ১৬ বছর ধরে চলছে তা চলতেই থাকবে।’

গণহত্যার দায়ে সাবেক আওয়ামী লীগ সরকারের প্রধান আসামিদের বিচার না হওয়া পর্যন্ত স্বস্তি ফিরবে না বলেও মন্তব্য বিএনপি নেতাদের।

Medicare ও Medicaid-এর কভার করা সব পরিষেবা ও প্রেসক্রিপশনের ওষুধের জন্য একটি পরিকল্পনা:

- চিকিৎসা সেবা
- ভিজিটিং নার্স
- দাঁত, দৃষ্টি, শ্রবণ
- প্রেসক্রিপশনের ওষুধ
- ওভার-দ্যা-কাউন্টার (OTC)
- শারীরিক ও অকুপেশনাল থেরাপি
- বাড়িতে স্বাস্থ্য সহায়তাকারী
- প্রাপ্তবয়স্কদের ডে সেন্টার
- বিনোদন ও আহার
- পরিবহন এবং অন্যান্য!

সেইসাথে - প্রাত্যহিক জিনিসপত্র যেমন মুদি এবং প্রসাধন সামগ্রী ব্যবহারের জন্য আমাদের My Needs Card নিন**

আরো তথ্যের জন্য, ফোন করুন:
1-877-286-PACE (7223) | TTY 711 MON-FRI 8AM-8PM
centerlighthealthcare.org

*পরিষেবা, প্রেসক্রিপশনের ওষুধ এবং IDT দ্বারা নির্ধারিত OTC-এর জন্য চিকিৎসাগত আবশ্যকতা।
**My Needs Card, PACE স্ট্যান্ডার্ড বেনিফিট প্যাকেজের অধীনে প্রয়োজনীয় বা ইতোমধ্যে সরবরাহ করা Medicare এবং/অথবা Medicaid-এর কভার করা পরিষেবাগুলির বিকল্প নয়।

H3329_KeepingPACE2022_Newspaper_Approved 10132022 Bengali

বার্ধক্যের গতির সাথে তাল মিলিয়ে চলা

ELECTION COMMISSION 2024

BANGLADESH SOCIETY INC.

বাংলাদেশ সোসাইটি ইনক

86-24 Whitney Avenue, Elmhurst, New York 11373 • Tel: 718-440-8547
info@electioncommissionbds.com • www.bangladeshsocietyinc.com

A Not-For-Profit, Tax Exempt 501(c)(3) Socio-Cultural Organization. Established: 1976 * Tax ID: 80-0508683

বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশ সোসাইটির সকল সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সোসাইটির নির্বাহী কমিটির ২০২৫-২৬ মেয়াদের জন্য নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। নিম্নে বর্ণিত সময়সূচী ও ৫টি কেন্দ্রের নির্ধারিত জিপকোড অনুযায়ী ভোটিং মেশিনের মাধ্যমে নির্বাচনী কার্যক্রম পরিচালনা করা হবে। এতে আপনাদের আন্তরিক সহযোগিতা একান্ত কাম্য।

POLLING CENTERS WITH ZIP CODE

- **QUEENS: Gulshan Terrace (Dhaka Club), 59-15 37th Ave. Woodside, NY 11377**

10001, 10002, 10003, 10009, 10010, 10011, 10013, 10016, 10017, 10018, 10019, 10021, 10022, 10023, 10024, 10025, 10026, 10027, 10029, 10030, 10032, 10034, 10035, 10036, 10037, 10038, 10039, 10069, 10118, 10128, 10280, 11101, 11102, 11103, 11104, 11105, 11106, 11107, 11108, 11109, 11322, 11347, 11354, 11355, 11356, 11357, 11358, 11363, 11366, 11367, 11368, 11369, 11370, 11371, 11372, 11373, 11374, 11377, 11378, 11379, 11396, 11473, 91020, 20155, 14220, 14210, 06890, 06040, 20121, 14221, 14225, 10550, 12209, 13850, 11783, 07631, 14206, 10520, 11724, 11738, 78665, 48015, 14208, 14218, 10099, 10552, 14216

- **OZONE PARK: Muna Center of New York, 8050 Pitkin Ave., Ozone Park, NY 11417**

11417, 11416, 11420, 11208, 11207, 11415, 11419, 11421, 11418, 11414, 14116, 11471, 14115, 11239, 11692, 11385, 22414

- **BROOKLYN: P.S. 179 - 202 Avenue C Brooklyn, NY 11218**

11216, 11204, 11218, 11230, 11236, 10314, 11203, 11691, 11219, 11214, 11234, 11224, 11226, 10310, 11232, 11228, 11238, 11213, 11210 11206, 11209, 10303, 11221, 11215, 11212, 11211, 10312, 11205, 11672, 11235, 11233, 11201, 14221, 11217, 11298, 14208, 2121, 11248 11220, 21207, 11321, 11229, 11270, 12218, 10301, 11231, 11693, 11223, 10305, 12208, 1126, 11818, 112226, 11318, 112219, 111208

- **BRONX: Golden Palace, 14-51 Union Port Road, Bronx, NY 10462**

10460, 10462, 10458, 10468, 10467, 10461, 10470, 12603, 06033, 10954, 07055, 10453, 10473, 10707, 10962, 10485, 10472, 10605, 10465 10583, 10451, 11803, 10543, 10452, 10469, 06605, 10640, 1046, 19115, 10459, 07508, 07666, 10457, 07522, 07604, 10463, 07631, 08807, 11462, 06902, 02140, 10466, 10455, 467, 06401, 07424, 16462, 08879, 10456, 10642, 07502, 10704, 06461, 06040, 10705, 10801, 10708, 10701, 08043, 08554, 19152, 08401, 11510, 06810, 11467, 10416, 11472, 10065, 07072, 07013, 10672, 06769, 10743, 10482, 11452, 08081, 06759, 10474, 10552, 07513, 07524, 14215, 08854, 07410, 10488, 06042, 19111, 07470, 10454, 10471, 07306, 17882, 10710, 1976, 10742, 10400, 10432, 10762, 10475, 08406, 10700, 06095, 1979, 07501, 060462, 1060, 10470

- **JAMAICA: Ikra Party Center, 89-16 175th Street, Jamaica, NY 11432**

11432, 11423, 11542, 11365, 11040, 11412, 11433, 11435, 11767, 11428, 11598, 11746, 11753, 11784, 11411, 11426 ,11429, 11175, 11590, 11553, 11756, 11436, 11714, 11791, 11566, 11801, 11545, 11001, 11729, 11576, 11747, 11003, 11366, 11596, 11153, 11710, 11554, 11568, 11364, 11434, 11375, 11427, 11361, 11720, 11550, 11530, 11004, 11706, 11580, 11520, 11422, 11581, 11432, 11510, 11430, 11343, 11741, 11565, 11412, 11342, 11010, 11779, 11738, 11776, 11752, 11413, 11113, 10435, 11572, 11733, 11735, 2055, 11501, 11788, 11433, 11424, 11437, 114434, 11432, 22040, 11716, 14433, 11345, 11744, 11798, 11081, 11763, 11425, 11333, 11562, 11704, 11766, 114133, 11406, 11471, 1186, 11575, 11536, 11731

1. No voter will be allowed to cast his or her vote without photo ID. The following forms of identification may be accepted: Driver's License, State ID, NYC ID, Green Card, Work Authorization Card and Passport.
2. Campaigning, placement of posters, banners or distribution of flyers etc. are prohibited within 200 ft. of the polling area. Commission will remove poster/banner within this area and may back charge to the related candidate(s).
3. No radio speaker or any noise-making devices will be allowed in the vicinity of the polling area.
4. In the event of any unauthorized and unlawful conduct by any candidate or any other person in the election center on the Election Day, the local law enforcement agency will be notified immediately.
5. Only Disabled with wheelchair voter may nominate one assistant to cast his/her vote.
6. No candidate will enter to the center without Commission's permission. Candidate may check the center one time for a period of max.10 minutes. If malfunction of voting machine is detected the candidate will be allowed to check.
7. Life members may get access to voting center directly by showing LM CARD to cast their vote.
8. Voters of one center cannot cast vote in another center (including candidates/life members/polling agent). Only presiding officer, polling officer will be allowed to cast their votes at their working center.
9. Each Voter's Name & Year of Birth on the Photo ID must match with the Name & Year of Birth on the voter list.
10. The Election Commission shall decide any matter that is undefined, unclear and contradict in either part of the election by-laws or the constitution. Commission reserves all rights to make any necessary modifications to these clauses and add additional clauses if necessary.

নির্বাচনের তারিখ: ২৭শে অক্টোবর, ২০২৪ রবিবার (সকাল ৯টা থেকে রাত ৯টা)

নির্বাচন সংক্রান্ত যাবতীয় তথ্যের জন্য নির্বাচন কমিশনের সাথে যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে

Election Commission 2024 / নির্বাচন কমিশন ২০২৪

S.M. Jamal U. Ahamed (Jony)	Mohammed A. Hakim Miah	Mohammed Anwar Hussain	Mohammed A. Mannan	Mohammed Helal Uddin	Mehboobur Rahman (Badal)	Ahbab Chowdhury
Chief Election Commissioner	*Election Commissioner*	*Election Commissioner*	*Election Commissioner*	*Election Commissioner*	*Election Commissioner*	*Election Commissioner*
718-288-3838	*347-332-3653*	*347-429-5932*	*646-752-5385*	*917-660-4668*	*347-993-6461*	*917-969-1991*

সম্পাদকীয়

দূর্গা পূজাঃ সম্প্রীতি ও আবহমান বাংলার ঐতিহ্য

সব ধরনের বিপদ থেকে যিনি জীবকে রক্ষা করেন, জগতের কল্যাণ সাধন করেন ও মানুষের দুঃখকষ্ট দূর করেন, তিনিই হচ্ছেন দেবী দুর্গা। তিনি আদ্যাশক্তি, মহামায়া, শিবানী, ভবানী, দশভুজা, চণ্ডী, নারায়ণী প্রভৃতি নামে ও বিশেষণে অভিহিত হন। পুরাণে কথিত আছে, আদ্যাশক্তি মহামায়া দুষ্টের দমন ও শিষ্টের পালনের লক্ষ্যে ও সমগ্র জীবের কল্যাণার্থে যুগে যুগে ও কালে কালে বিভিন্ন রূপে ভিন্ন ভিন্ন নামে আবির্ভূত হয়েছেন। দেবী দুর্গা তাঁরই বিশেষ সময়ের, বিশেষ যুগের এক বিশেষ রূপ।

শারদীয়ার আবহগুলো দেখলে বা এর অনুষঙ্গের দিকে তাকালেই বুঝা যায় এর পরতে পরতে আবহমান বাংলা এবং বাঙালির রূপ। ভারতের পশ্চিমবঙ্গ ছাড়া অন্য কোনো রাজ্যে দুর্গা এভাবে বন্দিত হন না। এক এক জায়গায় একেকরকম ভাবে অর্চনা করা হলে ও বাংলায় দুর্গার ধারণাই ভিন্ন। এখানে তিনি অসুররূপী অশুভ শক্তির বিরুদ্ধে নারী শক্তির প্রতীক। তার ভেতর দিয়ে প্রকাশিত হয় নারীর জাগরণ। তিনি কালক্রমে হয়ে উঠেছেন বিজয়া। যার সাথে আনন্দ আর জয়ের যোগ অভিন্ন। ওই দুর্গা দশভুজা। যেমন দশভুজা ঘরে ঘরে বাংলার মায়েরা। তারা সকাল থেকে রাত পর্যন্ত অদৃশ্য দশহাতে ঘর সংসার সামলান। সামলান সব সমস্যা।

শারদীয় দুর্গোৎসব বাঙালি হিন্দু সম্প্রদায়ের প্রধান ধর্মীয় উৎসব। সব বাঙালির কাছে এ পূজা চিরায়ত ঐতিহ্য ও ধর্মীয় সংস্কৃতির মেলবন্ধনে এক অনুপম প্রীতিময় আনন্দ উৎসব। অশুভ ও অপশক্তির পরাজয় ও শুভশক্তির জয়, সত্য ও সুন্দরের আরাধনায় সর্বজীবের মঙ্গলসাধন শারদীয় দুর্গোৎসবের প্রধান বৈশিষ্ট্য। অশুভ ও আসুরিক শক্তি দমনের মাধ্যমে সমাজে ন্যায়বিচার, সত্য ও শান্তি প্রতিষ্ঠা, সব মানুষের সমধিকার নিশ্চিতকরণ, মানুষের মধ্যকার সব ধরনের বৈষম্য বা ভেদাভেদ ও অন্যায়, অবিচার দূরীকরণ ও অসত্যের বিরুদ্ধে প্রতিবাদ, হানাহানিমুক্ত অসাম্প্রদায়িক মানবপ্রেমে উদ্বুদ্ধ সমাজ গঠন করার শিক্ষালাভই দুর্গোৎসবের প্রধান লক্ষ্য ও উদ্দেশ্য।

শারদীয় দুর্গোৎসব সমাজকে অসহিষ্ণুতা, হিংসা, বিদ্বেষ ও দ্বন্দ্ব-সংঘাতের অশুভ প্রভাব থেকে মুক্ত করে মানুষের মধ্যে ঐক্য, সাম্প্রদায়িক সম্প্রীতি ও সহমর্মিতা প্রতিষ্ঠা করে। ঐক্যবদ্ধ করে সমগ্র বাঙালিকে। এক মায়াবী বন্ধনে জড়িয়ে রাখে সব বাঙালিকে। উদ্বুদ্ধ করে ভ্রাতৃত্ববোধ ও সম্প্রীতি চেতনায় ঐক্যবদ্ধ হতে। সবার মধ্যে সম্প্রীতি ও ঐক্যের বন্ধন সুদৃঢ় করে। দুর্গোৎসবের শুভ্র ও আনন্দজাগানিয়া পরশ শুধু বাঙালি হিন্দু ধর্মানুসারীদেরই নয়, এর চিরায়ত ঐকতান স্পর্শ করে প্রত্যেক বাঙালির হৃদয়কে। দুর্গোৎসবকে কেন্দ্র করে যে অনাবিল আনন্দ সবার মনের মধ্যে জেগে ওঠে, তা বাঙালির প্রতিটি গৃহ আলোকিত করে জাতি-ধর্ম-বর্ণ-নির্বিশেষে সবার মঙ্গল ও হিতকামনায়।

সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ বাংলাদেশ। ঈদুল ফিতর, ঈদুল আজহা, ঈদে মিলাদুন্নবী, জন্মাষ্টমী, শারদীয় দুর্গোৎসব, বুদ্ধপূর্ণিমা, বড়দিন প্রভৃতি ধর্মীয় অনুষ্ঠান কোনো বিশেষ ধর্মের গণ্ডিতে সীমাবদ্ধ থাকে না, জাতি-ধর্ম-বর্ণ-গোষ্ঠী-নির্বিশেষে সর্বস্তরের মানুষের অংশগ্রহণ ও উপস্থিতিতে সম্প্রীতি ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশে উদ্যাপিত হয়। জাতীয় চেতনায় ও শান্তি প্রেরণায় উদ্বুদ্ধ হয়ে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় রেখে 'ধর্ম যার যার উৎসব সবার'—এই স্লোগান সামনে রেখে সব ধর্ম-বর্ণ-গোষ্ঠীর মানুষ সাড়ম্বরে পালন করে প্রতিটি ধর্মীয় উৎসব।

সব ধর্মের মূল বাণী হচ্ছে সৃষ্টির কল্যাণে আত্মনিয়োগ করা, সমগ্র জীবের কল্যাণসাধনই ধর্মের মূল লক্ষ্য, কোনো বিশেষ সম্প্রদায়ের কল্যাণসাধন নয়। এই চেতনা মনে-প্রাণে ধারণ করেই জাতি-ধর্ম-বর্ণ-নির্বিশেষে সব মানুষের সুখ-শান্তি কামনায় ও সর্বজীবের মঙ্গলার্থে আবহমানকাল ধরে বাঙালি হিন্দু সম্প্রদায় বিপুল উৎসাহ-উদ্দীপনা ও উৎসবমুখর পরিবেশে নানা উপাচার ও অনুষ্ঠানের মাধ্যমে পালন করে শারদীয় দুর্গোৎসব, আরাধনা করে দেবী দুর্গার। উৎসবমুখরতার মধ্য দিয়ে সব ধরনের হীনতা, সংকীর্ণতা ও ধর্মান্ধতার ঊর্ধ্বে উঠে সব ভেদাভেদ ভুলে গিয়ে 'ধর্ম যার যার উৎসব সবার'—এই চেতনা ধারণ করে জাতি-ধর্ম-বর্ণ-গোষ্ঠী-নির্বিশেষে সর্বস্তরের মানুষ শারদীয় দুর্গোৎসব উদ্যাপন করে এবং আনন্দ উৎসবে অংশগ্রহণ করে। সব বাঙালি মিলিত হয় অভিন্ন মোহনায়, অভিন্ন চেতনায়। পূজার ধর্মীয় অংশটুকু হিন্দুদের; কিন্তু মেলা, উৎসব ও আপ্যায়নে অংশগ্রহণ ও ও উপস্থিতিতে শারদীয় দুর্গাপূজা পরিণত হয় সর্বজনীন উৎসবে, পরিণত হয় সর্বস্তরের মানুষের মিলনমেলায়, পরিণত হয় অন্যতম জাতীয় উৎসবে। ঐক্য ও সমন্বয়ের প্রতীক হিসেবে এ উৎসব পরিণত হয় সম্প্রীতিময় আনন্দযজ্ঞে। সবার মধ্যে ছড়িয়ে পড়ে উৎসবের আবহ এবং ঐক্যসূত্রে গ্রথিত হয় সব মানুষের হৃদয়; দৃঢ় থেকে দৃঢ়তর হয় ভ্রাতৃত্বের বন্ধন। পূজা থেকে উৎসবে রূপান্তরের এই যে প্রক্রিয়া, এটি বাঙালি জাতির অসাম্প্রদায়িক সত্তার চিরন্তন বহিঃপ্রকাশ।

সমাজ প্রগতির নানা অনুষঙ্গের মধ্যে ধর্ম কিংবা ধর্মীয় আচার অন্যতম চালিকাশক্তি হিসেবে কাজ করে। ধর্মীয় আচার যখন কোনো একটি জাতির জীবনে উৎসবের মর্যাদাপ্রাপ্ত হয় তখন তা ধর্মীয় চেতনার মধ্যে আবদ্ধ না থেকে হয়ে ওঠে অগ্রবর্তী সমাজ কাঠামোর ভিত্তিমূলের চলমান সোপান।

অতীত থেকেই দুর্গাপূজা উৎসবাকারে পালিত হয়ে আসছে সবার সম্মিলিত প্রয়াসে। সবার মঙ্গল ও হিতকামনায় এমন বৃহত্তম আয়োজন খুবই গুরুত্ব বহন করে। পূজার সময় মন্দিরে মন্দিরে ভক্তিমূলক গান, চণ্ডীপাঠ, অর্চনা, আরতি, ভক্তদের শ্রদ্ধার্ঘ্য, সেই সঙ্গে কোলাকুলি, প্রণাম, আশীর্বাদ, মেলা ইত্যাদি দুর্গোৎসবকে ধর্মীয় আবেশে আনন্দঘন করে তোলে। দুর্গোৎসব মানুষে মানুষে মেলবন্ধন সৃষ্টি করে। সৃষ্টি করে মানুষের সঙ্গে মানুষের প্রীতিময় ও কল্যাণময় সম্পর্ক। ধর্মীয় উৎসবের পাশাপাশি দুর্গাপূজা সর্বস্তরের জনগণের মধ্যে পারস্পরিক সহমর্মিতা ও ঐক্য সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। দুর্গাপূজা সর্বজনীন উৎসব—এটা শুধু কথার কথা নয়। পূজাবিধিতেও তা লক্ষ করা যায়। দেবী দুর্গা মৃণ্ময়ী প্রতিমায় সপরিবারে পূজ্যপাদ। দুর্গার সঙ্গে সিদ্ধিদাতা গণেশ, মহাবীর দেবসেনা কার্তিক, ঐশ্বর্যের দেবী লক্ষ্মী ও বিদ্যার দেবী সরস্বতী পূজিত হন। দেবাদিদেব মহাদেবের স্থান থাকে সবার ওপরে। দুর্গা দেবীর সঙ্গে তাঁর বাহন সিংহ, গণেশের বাহন ইঁদুর, কার্তিকের বাহন ময়ূর, লক্ষ্মীর বাহন পেঁচা, সরস্বতীর বাহন হংস, এমনকি মহিষাসুরও পূজিত হন। উঁচু-নিচু-স্পৃশ্য-অস্পৃশ্য সবাই একত্রে পুষ্পাঞ্জলি প্রদান করে। পূজার পর শুভ বিজয়া। বিজয়ায় অবাধ মিলন। জাতি-ধর্ম-বর্ণ-নির্বিশেষে সব মানুষ একত্রে বিজয়ার উৎসব পালন করে। সব বাধা ও মনের সংকীর্ণতা দূর করে অনৈক্য-বিভেদ, হিংসা-বিদ্বেষ, সাম্প্রদায়িক মনোভাব দূরে ঠেলে মানুষে মানুষে সমাবেশ ঘটে পূজার উৎসবস্থলে। সবার সহাবস্থান আর ঐক্যের মেলায় পরিণত হয় পূজার মন্দির।

সমাজ প্রগতির নানা অনুষঙ্গের মধ্যে ধর্ম কিংবা ধর্মীয় আচার অন্যতম চালিকাশক্তি হিসেবে কাজ করে। ধর্মীয় আচার যখন কোনো একটি জাতির জীবনে উৎসবের মর্যাদাপ্রাপ্ত হয় তখন তা ধর্মীয় চেতনার মধ্যে আবদ্ধ না থেকে হয়ে ওঠে অগ্রবর্তী সমাজ কাঠামোর ভিত্তিমূলের চলমান সোপান। বাঙালির জীবনে শারদীয় দুর্গোৎসব তেমনি এক বহমান অসাম্প্রদায়িক চেতনসত্তার প্রতিরূপ; যেখানে থাকে না কোনো জাতপাতের বাছবিচার, থাকে না কোনো ভেদাভেদ, থাকে না সাম্প্রদায়িকতার বিষবাষ্প। বাঙালি যে অসাম্প্রদায়িক জাতি হিসেবে বিশ্বের বুকে মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে তা প্রতিবছরই প্রমাণিত হয় দুর্গোৎসবের মধ্য দিয়ে। এ কারণেই দুর্গোৎসব হচ্ছে সম্প্রীতির আর বাঙালির আনন্দ-উচ্ছ্বাস উদযাপনের উৎসব—এক মহামিলনধর্মী সত্যিকার অসাম্প্রদায়িক উৎসব।

শারদীয়া দুর্গাপূজা আমাদের অতীত আর ইতিহাসের এক অনিবার্য অংশ। তার সাথে বর্তমান, আর তার সাথেই জড়িয়ে আছে অনাগত ভবিষ্যত। এই কারণে তার নিরাপত্তা আর যথাযথ মর্যাদা বিধান করা জরুরি। হঠাৎ করে বাংলাদেশে এমন কিছু ঘটনার জন্ম দেয়া হয়েছে যাতে এই বিশ্বাস টাল খাচ্ছে রীতিমতো। যা কারো কাম্য না। এই সমাজে এই জাতিতে দীঘর্কাল ধরে পাশাপাশি বসবাস করা হিন্দু-মুসলমান বা অন্যদের বিশ্বাস ও ধর্ম আচরণে বাধা দেবার মানেই হলো সম্প্রীতি বিনাশ। এই অপচেষ্টা রুখতে হবে সবাই মিলে। নয়তো আমাদের বিপর্যয় ও সর্বনাশ ঠেকানো যাবে না।

সত্যিই দিন দিন বাংলাদেশে হিন্দু, খ্রিষ্টান এবং উপজাতিরা যেভাবে হামলার শিকার হচ্ছে, তাতে এই গানটিই সবার আগে মনে পড়ে৷ পূজা এলেই কোথাও না কোথাও প্রতিমা ভাঙচুরের খবর পাওয়া যায়৷ এখনও কিছু কিছু এলাকায় পূজার সময় মুসলমানরা মণ্ডপ পাহারা দেন৷ কিন্তু আগের সেই আনন্দ যেন অনেকটাই ফিকে হয়ে গেছে৷ সাম্প্রদায়িক সম্প্রীতিতে যেন একটা ফাটল ধরেছে৷ একটা দেশ তখনই বেশি সুন্দর, যখন তাতে বৈচিত্র বেশি৷ নূতন প্রজন্ম যেনো ধর্ম, বর্ণ নির্বিশেষে বাংলাদেশকে একটি অসাম্প্রদায়িক দেশ হিসেবে গড়ে তোলে, স্থাপন করে সম্প্রীতির উজ্জ্বল দৃষ্টান্ত৷

বাংলাদেশে ইসলামি দলগুলোর অতীত, বর্তমান ও ভবিষ্যৎ

ড. সৈয়দ ইজাজ আহসান

স্বাধীনতার অব্যবহিত পরে ইসলামি দলগুলোর বেশির ভাগই হয়ে পড়ে একেবারেই নিষ্ক্রিয়। তাদের মধ্যে কেউ কেউ শুধু মাত্র ঘরোয়া রাজনীতিতে নিজেদের সীমাবদ্ধ রাখে। উপায় ছিল না, সেই সাথে বাংলাদেশে সোভিয়েত বলয়ের সমাজতান্ত্রিক ধ্যান-ধারনার উন্মেষ ও রাজনৈতিক চাপ তাদের আরও নিষ্ক্রিয় করে তোলে। এছাড়া স্বাধীনতা যুদ্ধে তাদের ভূমিকা ও অবস্থান দেশের রাজনীতিতে এক পর্যায়ে তাদের একেবারেই অপাঙ্‌ক্তেয় করে তোলে।

প্রথমবারের মতো তাদের কপাল খোলে ১৯৮০-র দশকে। রাষ্ট্রপতি জিয়াউর রহমান বহুদলীয় রাজনীতির দ্বার উন্মুক্ত করেন। ইসলামি দলগুলো ধীরে ধীরে সংগঠিত হতে থাকে। ৯০-র দশকে গণতন্ত্রের আন্দোলন সক্রিয় অংশগ্রহণ তাদের শক্তিকে দৃশ্যমান করে তোলে। ইসলামি এই দলগুলোর নেতৃত্বে ছিল মূলত জামায়াতে ইসলাম বাংলাদেশ। জামায়াতে ইসলামের দলীয় শৃঙ্খলা, দলের ভিতরে গণতন্ত্রের চর্চা এবং আদেশের লালন–তাদের শক্তিশালী অবস্থানে নিয়ে যেতে সাহায্য করে। এই শক্তি তাদের প্রতিদ্বন্দ্বী করে তোলে অন্য রাজনৈতিক দলগুলোর কাছে। বিশেষত করে, বিএনপির সাথে জোট গঠনের মাধ্যমে ২০০১ সালে সরকার গঠন এটাকে আরও স্পষ্ট করে দেয়। বড় রাজনৈতিক দলগুলোর চেষ্টা ছিল কীভাবে ইসলামি দলগুলোকে জোটে অন্তর্ভুক্ত করা যায়।

২০০৮-র পর আবার আরেক দফা ইসলামি দলগুলো চাপের মুখে পড়ে। তাদের নিষ্ক্রিয় করার প্রক্রিয়া চূড়ান্ত আকার ধারণ করে যখন শাহবাগে অবরোধ করা হয়। শাহবাগের আন্দোলন তীব্রতর হয়ে ওঠে। শাহবাগের গণ্ডি ছাড়িয়ে সারা দেশে বিস্তার লাভ করে এই আন্দোলন। তারা এক পর্যায়ে এতই শক্তিশালী হয়ে ওঠে যে, দাবি করে বসে যে তারা সরকারের চেয়েও বেশি শক্তিশালী। সরকারি দল এতে বেশ বিব্রতকর অবস্থায় পড়ে এবং মনঃক্ষুণ্ন হয়। কিন্তু আন্দোলনকারীরা অপ্রতিরোধ্য গতিতে এগিয়ে চলে। কারণ তারা সরকারের সাহায্য, সহযোগিতা আর ভালোবাসার প্রতি ছিল নিরঙ্কুশ আস্থাশীল। সুতরাং তারা তাদের যেকোনো অন্যায় আবদারের প্রতি সরকারের সদয় সহানুভূতি ও ভালোবাসা অক্ষুণ্ন থাকবে–এটা নিশ্চিত ছিল ।

কিন্তু বিধি বাম। শাহবাগের এই আন্দোলনের পাল্টা উঠে আসে হেফাজতে ইসলাম। ২০১৩সালের ৫ মে হেফাজত ঢাকার শাপলা চত্বরে অবস্থান কর্মসূচির ডাক দেয়। সারা দেশ থেকে আসা হেফাজত কর্মীদের সক্রিয় ও স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ এক ভয়াবহ আন্দোলনে রূপ নেয়। বিএনপিসহ অন্যান্য রাজনৈতিক দলগুলো সেই কর্মসূচিতে সমর্থন দেয়। আন্দোলন এক পর্যায়ে ভয়াবহ রূপ নেয়। ঘটনাস্থলেই বেশ কয়েকজন হতাহত হয়। সবশেষে আন্দোলনের করুণ পরিসমাপ্তি ঘটে। পাশাপাশি রহস্যজনক হলেও পরে শাহবাগ আন্দোলনের আর কোনো খোঁজ পাওয়া যায়নি। ধুমকেতুর মতো হঠাৎ উদয় হয়ে বুদ্বুদের মতো মিলিয়ে যায়।

খালেদা জিয়ার অবরুদ্ধ হওয়ার কাহিনিও সবার জানা। নিরীহ বালির ট্রাক আর কিছু নির্বাক পুরুষ ও মহিলা পুলিশ দিয়ে এত বড় একটা আন্দোলন শান্তিপূর্ণভাবে নিয়ন্ত্রণ করা গেল। অথচ একটা লোকও পাওয়া গেল না যে কিনা এর বিরুদ্ধে তেড়ে আসতে পারে। তারা ভাবে নিজের খেয়ে বনের মহিষ তাড়ানোর দরকার কি। ব্যতিক্রম শুধু হেফাজতসহ অন্যান্য ইসলামি দলগুলো।

শেখ হাসিনা সরকার সাময়িকভাবে হেফাজতের আন্দোলন নিয়ন্ত্রণে কঠোর হলেও পরবর্তীতে তাদের বশ করার কৌশল গ্রহণ করে। তাদের নিজস্ব কিছু দাবি দাওয়া মেনে নেওয়ায় তাদের আন্দোলন স্তিমিত হয়ে যায়। বিশেষ করে তাদের নেতা আল্লামা আহমেদ শফি সরকারের সাথে সমঝোতায় সম্মত হন। সুতরাং এ ধরনের যেকোনো ঘটনায় আবার যে বিস্ফোরণ ঘটবে না–তার কোনো নিশ্চয়তা নেই।

অন্যদিকে দেশে বড় দলগুলোর চলছে দুর্নীতির মহোৎসব। চাঁদাবাজি, মাদক, ভূমি দখল–হেন কাজ নেই যে তারা করে না। জনগণের সেবা না, কার পেশি শক্তি কত বেশি যেকোনো নির্বাচনের মনোনয়নের ক্ষেত্রে প্রধান বিবেচ্য হয়ে ওঠে। যার ফলে যে যে এলাকার দায়িত্ব পাচ্ছে সে দুর্নীতির লাইসেন্সও পেয়ে যাচ্ছে। শীর্ষ নেতৃত্বের এ ক্ষেত্রে কিছুই করার নেই। দুর্নীতি করোনার মতো তৃণমূল পর্যায়ে ছড়িয়ে পড়েছে। মানুষ অসহায়। এক শ্রেণীর মানুষ বিত্তের পাহাড় গড়ে তুলছে। অন্য দিকে দরিদ্র মানুষ বেঁচে থাকার সংগ্রাম করে চলেছে। এর শেষ কবে কথায় কেউ জানে না।

এক সময় বাংলাদেশে বাম দলগুলো নিজেদের দরিদ্র অসহায় মানুষের প্রতিনিধি বা ত্রানকর্তা বলে প্রতিষ্ঠিত করতে সচেষ্ট ছিল। আর যাই হোক তাদের সততা নিষ্ঠা ও আদর্শের সাথে আপস না করার দৃঢ় মানসিকতা সমর্থন না পেলেও সমাজে কিছুটা শ্রদ্ধা অর্জনে সক্ষম হয়েছিল। কিন্তু এসব দলের কিছু প্রথিতযশা নেতা ডিগবাজি খেয়ে সরকারি দলের বিশ্বস্ত লেজুড়ে পরিণত হওয়ায় তাদের নিজস্ব লেজই খসে পড়ে। তার ওপর ধর্ম-বিদ্বেষের অভিযোগ তাদের সাধারণ ধর্মভীরু মানুষ থেকে অনেক দূরে সরিয়ে রেখেছে। তাই বহু চেষ্টা করে লাঠি আর লাল পতাকা নিয়ে দু চারটা লোক জোগাড় করে ছোটখাট মানববন্ধন ও জনসভা করা ছাড়া আর কিছুই করার নাই তাদের।

একমাত্র বিএনপি মাঠে ছিল। শেষবারের মতো বিএনপি ২৮ অক্টোবর মহাসমাবেশের ডাক দেয়। তাতে জমায়েত হয় বেশ কয়েক লাখ লোক । দেশের মানুষ ভেবেছিল এবার বুঝি কিছু হতে যাচ্ছে। কিন্তু ঘটনার দিন জনসভার লেজের গোড়ায় কিছু পুলিশ আর সন্ত্রাসী প্রধান বিচারপতির বাড়ির গেটে ভাঙচুর চালিয়ে, ওখানে থাকা বাসে আগুন দিয়ে আর পুলিশের টিয়ার গ্যাস শেলের নির্বিচার ব্যবহারের মাধ্যমে খুব সহজেই লাখো মানুষের সমাবেশ পণ্ড করে দেয় কিছু সময়ের মধ্যে। বিএনপির নেতারা মঞ্চ ছেড়ে যান। পুলিশের গ্রেপ্তার বাণিজ্য শুরু হয় যথা নিয়মে।

এসব নিয়ে আওয়ামী লীগ বেশ নিশ্চিন্তে দিন কাটাচ্ছিল। বাধ সাধল ২০২৪-র জুলাই আন্দোলন। বিস্তারিত বর্ণনা দেওয়ার দরকার আছে বলে মনে করি না। কেননা কি হয়েছিল তা শুধু বাংলাদেশ না, সারা বিশ্ব দেখেছে। ক্ষমতাসীন দল ও তার অনুগত লোকজন ঘুণাক্ষরেও টের পায়নি যে কি হতে যাচ্ছে। তাই অনেকে ব্যাপারটাকে অলৌকিক বলে বর্ণনা করছেন। সে যাই হোক ঘটনা যা ঘটার ঘটেছে। এখন দেশের মানুষের দাবি দেশে গণতান্ত্রিকভাবে নির্বাচিত একটা সরকার। যে সরকার হবে প্রকৃত অর্থে জনগণের সরকার আর লাগামহীন চুরি চামারি ডাকাতি ও গুম খুনের রাহু মুক্ত। এখন প্রশ্ন হল কে হতে পারে সেটা।

অন্যায় ও অপকর্মের দিক থেকে ইসলামি দলগুলো অন্তত কিছুটা মুক্ত। চাঁদাবাজি, ভূমিদস্যুতা, খুন, মাদকের সাথে তাদের সংশ্লিষ্টতা খুব একটা নেই বললেই চলে। একটা হতে পারে, তারা ক্ষমতার কেন্দ্রবিন্দু থেকে অনেক দূরে আছে। কিন্তু তাদের দলের মধ্যে থেকে যারা ক্ষমতার কাছে ছিল তাদের ব্যাপারে খুব একটা অভিযোগ পাওয়া যায়নি। সম্ভবত ধর্মীয় আদর্শই তাদের বিরত রেখেছে এসব অপকর্ম থেকে। তা সে যাই হোক আর যেভাবেই হোক জনগণের একান্ত কামনা এসব থেকে তারা যেন মুক্তি পায়।

বহু কাঙ্ক্ষিত এই মুক্তির দিশারি হয়ে উঠতে পারে ইসলামি দলগুলো। যদিও হেফাজত তাদের অরাজনৈতিক সংগঠন বলে পরিচয় দিচ্ছে। কিন্তু অবস্থার পরিপ্রেক্ষিতে তাদের অবস্থান পরিবর্তন খুব একটা অসম্ভব কিছু না।

সমস্যা হচ্ছে, ইসলামি দলগুলোর নিজেদের মধ্যে মাজহাবি বিভেদ, নেতৃবৃন্দের ইগোসমস্যা। তাই এক যোগে কাজ করার মানসিকতা অর্জনে বার বার তারা ব্যর্থ হচ্ছে। তারপরেও বিশেষভাবে জামায়াতে ইসলামির নিবেদিতপ্রাণ, ধর্মীয় আদর্শে অনুপ্রাণিত কর্মী বাহিনী, নেতৃত্বের প্রতি অকৃত্রিম ও অবিচল আস্থা আর ভালোবাসা যেকোনো রাজনৈতিক দলের মোকাবেলায় এদের অপ্রতিদ্বন্দ্বী শক্তি হিসেবে বিবেচনার দাবি রাখে। এছাড়াও তাদের দলের মধ্যে রয়েছেন শৃঙ্খলা ও গণতন্ত্রের চর্চা।

আরেক ইসলামি শক্তি হেফাজতে ইসলাম। যদিও হেফাজত তাদের অরাজনৈতিক সংগঠন বলে পরিচয় দিচ্ছে। কিন্তু অবস্থার পরিপ্রেক্ষিতে তাদের অবস্থান পরিবর্তন খুব একটা অসম্ভব কিছু না। ইতিমধ্যে তারা জামায়াতে ইসলামি ও আরও কয়েকটি ইসলামি দলের সাথে কাজ করার ইচ্ছা প্রকাশ করেছে।

সুতরাং, ইসলামি দলগুলো নিজেদের মধ্যে ঐক্য বজায় রেখে এগিয়ে চললে আপাতত ক্ষমতায় না গেলেও বাংলাদেশের রাজনীতির নিয়ামক শক্তি হিসাবে বিবেচিত হবে, এটা একপ্রকার নিশ্চিত। প্রধান বিরোধীদল বিএনপির প্রতি মানুষের সমর্থন থাকলেও তাদের কাছ থেকে এখন দেশের মানুষ তেমন কিছু আশা করে না। নতুন করে তাদের ভাবমূর্তি তুলে ধরতে হবে, যা খুবই কঠিন। তবে এ কথা সত্য যে, বিএনপির এখনো বিপুল জনসমর্থন রয়েছে দেশে।

অন্যদিকে মুসলিম বিশ্বের বিভিন্ন দেশে ইসলামি দলগুলো প্রচণ্ড প্রভাবশালী হয়ে উঠছে। তুরস্ক, মিশর, ইরান–এদের কথা তো বাদই দিলাম; আফগানিস্তান, পাকিস্তান এমনকি প্রাক্তন সোভিয়েত ইউনিয়নের অন্তর্ভুক্ত মুসলিম দেশগুলোতেও ইসলামি প্রভাব বৃদ্ধি পাচ্ছে দ্রুত। বাংলাদেশও এর ব্যতিক্রম হবে বলে মনে হয় না। নিশ্চয় সময়ই সব কিছু বলে দেবে।

লেখক: গবেষক

[এই মতামত লেখকের নিজস্ব।]
সৌজন্যে: ইনডিপেনডেন্ট

ডিমের জারিজুরি

অ্যাডভোকেট গাজী তারেক আজিজ

ডিম এখন আর ডিমের মধ্যে সীমিত নেই। ডিম এখন জাতীয় ইস্যু। যে ডিম মুরগির খামারী বিক্রয়ে হিমশিম খেতো সে ডিমই আজ সোনার মোহরে কিনতে হবে বোধ করি। একেক সময় একেক পণ্য অনেকটা গায়ের জোরে জবরদস্তিমূলক নিজের দাম বাড়িয়ে নেয়। কিছুদিন আগেই পেঁয়াজ ১৭ টাকা থেকে লাফিয়ে ৩শ ছুঁয়ে সেই পেঁয়াজ ১২০ টাকার আশেপাশে থিতু হলো। ভোজ্য তেল ৮০-৮৫ টাকা থেকে প্রায় ২শ ছুঁয়ে এখন ১৬০-১৭০ পর্যন্ত। আলু ২০ টাকা থেকে ৬৫-৭০ টাকা বা তারও বেশি। কাঁচামরিচ যখন দাম বাড়ে ১৩শ টাকাও হয়। আর কমলে সেটা ১০-১৫ টাকাও হয়। তবে তখন প্রান্তিক কৃষক পেয়ে থাকে ক্ষেত্র বিশেষে ১-২ টাকা কেজি। মধ্যিখানে অদৃশ্য সিন্ডিকেটের ভেলকি! ভোক্তার নাভিশ্বাস।

রাজা যায় রাজা আসে। কখনো মৃত্যু জনিত। আবার কখনো হত্যা কিংবা উৎখাতের কারণে। তবে রাজার কোন মৃত্যু নেই। যদি রাজতন্ত্র হয়। আর গণতান্ত্রিক ব্যবস্থায় ভিন্নতা রয়েছে। ক্ষমতার অধিকারী হন রাষ্ট্রপতি কিংবা প্রধানমন্ত্রী। সংসদীয় গণতন্ত্রের ক্ষেত্রে প্রধানমন্ত্রী সর্বেসর্বা। নির্বাচিত সরকার হলে জনগণের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হয়ে থাকেন। সেক্ষেত্রে জবাবদিহির মাত্রা থাকে প্রকট। আবার অনির্বাচিত সরকার হলে হন প্রধান উপদেষ্টা। প্রধান উপদেষ্টা হন নিরপেক্ষতার ভিত্তিতে সর্বজন গ্রহণযোগ্য এমন একজন ব্যক্তিত্ব। যিনি মনোনীত হয়ে থাকেন অনেকটুকু জন আকাঙ্ক্ষার প্রতিফলনস্বরূপ। তিনিও প্রকারান্তরে জবাবদিহি থাকেন। তবে কাজে স্বচ্ছতাই মূল।

কথায় আছে অশ্বডিম্ব বা ঘোড়ার ডিম। যা কাল্পনিক মাত্র। মানুষ যে কোন অবাস্তব বা অস্বাভাবিক পরিস্থিতি বোঝাতে এই ঘোড়ারডিম শব্দের ব্যবহার করে থাকেন। এই ঘোড়ারডিম শব্দের প্রচলন ঠিক কবে থেকে তার ইতিহাস জানা যায়নি। মানুষের কথার কথা এক সময় মুদ্রাদোষে পরিণত হতে থাকে। আমি যখন ইন্টারমিডিয়েট পড়ি তখন কলেজের লাইব্রেরিয়ান যে কোন কথায় বলতো 'মান্ড'। যা ছিল তার মুদ্রাদোষ। ছাত্রদের কেউ কেউ তাকে 'মান্ড স্যার' সম্বোধন করতো। আবার তার সাথে কথা বলার সময় ছাত্রদের অনেকেই ঠাট্টা বিদ্রুপ করে কথায় কথায় মান্ড মান্ড করতো। এতে করে সে না বুঝলেও অন্য ছাত্ররা ঠিকই হাসাহাসি করতো।

বর্তমান সময়ে অশ্বডিম্ব বা ঘোড়ার ডিম নয় মুরগির ডিমে বাজার নাকাল। হুট করে বাজারদরের দ্বিগুণ হয়ে যাওয়ায় ডিমও এই মুহূর্তে আলোচিত ইস্যু। কিছুতেই এর দর সাধারণের নাগালে আনা যাচ্ছে না। কার্যকর যে সব পদক্ষেপে বাজার নিয়ন্ত্রণ করা হয় সবই কার্যত ব্যর্থ। শেষমেশ প্রবল শত্রুভাবাপন্ন ভারত থেকে আমদানি করা হয়। যার দর ৭টাকার কম হলেও বাজারে ঠিকই ১৫ টাকা। আর এর থেকে মানুষ কটাক্ষ করতে শুরু করে 'পানির দামে ডিম' বলে। এই পানির দামে ডিম মানে হচ্ছে এক বোতল হাফ লিটার পানি ১৫ টাকা আর একটা ডিম-ও ১৫ টাকা। তাই সাধারণের কাছে কথাটি ব্যাপক কৌতুহল তৈরি করলেও ক্রয়ের নাগালে না থাকায় ডিম কিনছেন না অনেকেই। খাদ্য তালিকা থেকেও এই সহজ পুষ্টির আধার ডিম বাদ দিতেও বাধ্য হয়েছে। হয়তো ডিমের দাম কমবে! কিন্তু একবার বাড়লে যে কতটুকু কমবে সে-ও ভবিতব্য। যদিও সরকার দাম নির্ধারণ করে দিয়েছে বলেও শোনা যাচ্ছে।

বাজারে কোন সবজি-ফল কিছুই নিম্নবিত্ত মধ্য আয়ের মানুষের ক্রয়ক্ষমতার বাহিরে চলে যাওয়ায় মানুষ বেশ অসহায় বোধ করতে শুরু করেছে। গরু, মুরগী, অনেক প্রয়োজনীয় মাছ, নিত্যকার ভোগ্যপণ্য আগেই ঊর্ধ্বে উঠে গেছে। অথচ কিছু মানুষ সাধারণ জনগণকে বুঝ প্রবোধ দিয়েছিল এই সরকার(সাবেক আওয়ামী লীগ) না থাকলে দ্রব্যের দাম কমবে। মানুষ ষোলো বছর ধরে অতিষ্ঠ। এই অবস্থার পরিবর্তন করতে হলে সরকার বদল চাই। যেই কথা সেই কাজ মানুষ বিশ্বাস করতে শুরু করে। একদা বঙ্গবন্ধুর আমলেও দেশে খাদ্য সংকট দেখা দিলে মানুষকে ক্ষেপিয়ে তুলতে সুবিধা হয়। রাতারাতি খাদ্য পণ্যের সরবরাহ ও দাম নিয়ন্ত্রণে এনে বেশ বাহবা কুড়িয়েছে। ভেবেছিল এইবারও সরকার পতনের পর মানুষ সুফল পাবে। উল্টো মানুষের ভুল ভাঙতে সময় নেয় না। এখন বাজারে গেলে হাহাকার। নিম্ন আয়ের মানুষ ক্ষোভ ঝাড়তে শুরু করেছে। রিক্সা চালক কিংবা ছোট কাজের আয় কমে যাওয়ায় মানুষ দিশেহারা। যথারীতি ক্রয়মূল্য ও সিন্ডিকেট নিয়ন্ত্রিত বাজারে ডিমের মূল্য চড়া থাকায় এখন ডিম বিক্রি বন্ধ রাখতেও বাধ্য হয়েছেন আড়ৎদার। আবার গত সরকারের বিরোধী শক্তি সেই পুরনো সিন্ডিকেটকে দুষছেন! দোষ অন্যের ঘাড়ে চাপিয়ে উদর পিন্ডি বুধোর ঘাড়ে দিয়েও দায় সারতে চাইছে। আদৌ কি সেটা সম্ভব বলে মনে হচ্ছে? মানুষ কি তাদের কথায় বিশ্বাস রাখতে পারছে? আর এই প্রেক্ষাপটকে মাথায় রেখেই বলা যায়, রাজা যায় রাজা আসে কিন্তু মানুষের ভাগ্যের মৌলিক কোন পরিবর্তন ঘটে না। মানুষ নিস্তেজ হয়ে যায়। অনুভূতি ভোঁতা হয়ে যায়। শরীরে পুষ্টির ঘাটতিতে আর তো শরীর চলে না।

পট পরিবর্তনের মাধ্যমে সরকার পরিবর্তন হলেও। মানুষের ভাগ্যের তেমন কোন পরিবর্তন হয় না। আমরা যারা ক্ষুধিত মানুষজন তাদের কলবের ডাক আল্লাহ ছাড়া বোঝার কেউই নেই। সরকারের উপদেষ্টা মানুষের চাহিদার জোগান দিতে না পেরে অনেকটা শ্লাঘা মিশ্রিত কণ্ঠে বলে ওঠেন আমার কাছে ডিম বানানোর মেশিন নেই। মানুষ যদি আপনার অক্ষমতা বুঝতো তবে সেই পদে আসীন করতো না। আপনি উপদেষ্টা হয়ে পদ ধরে না রেখে যোগ্য লোককে ছেড়ে দিলে হয়তো মানুষের প্রত্যাশা পূরণ হতেও পারে।

বিসমিল্লাহির রাহ্‌মানির রাহিম
চিটাগাং এসোসিয়েশন অব নর্থ আমেরিকা ইন্‌ক
Chittagong Association of North America Inc.
নির্বাচন ২০২৪, তারিখঃ ২০ অক্টোবর, রবিবার
এক ঝাঁক অভিজ্ঞ, দক্ষ, কর্মঠ, সৎ, শিক্ষিত ও তারুন্যের সমন্বয়ে গঠিত
মাকসুদ-মাসুদ
পরিষদকে B লাইনে ভোট দিন
B1
মাকসুদুল হক চৌধুরী
সভাপতি পদপ্রার্থী
Moksudul H Chowdhury
President
B5
মোঃ মাসুদ হোসেন সিরাজী
সাধারণ সম্পাদক পদপ্রার্থী
Mohammed Masud H Sirazi
General Secretary
"আমাদের প্রত্যাশা-সকলের জন্য চট্টগ্রাম সমিতি"
VOTE FOR MAKSUD-MASUD PANEL ON B LINE
মাকসুদ-মাসুদ পরিষদকে B লাইনে ভোট দিন
B2
মোহাম্মদ মুক্তাদির বিল্লাহ
সিঃসহ- সভাপতি
Mohammed M Billah
Sr. Vice President
B3
আলী আকবর (বাপ্পী)
সহ-সভাপতি
Ali Akbar (Bappi)
Vice President
B4
মোহাম্মদ আইয়ুব আনছারী
সহ-সভাপতি
Mohammed Ayub Ansary
Vice President
B6
ইকবাল হোসেন ভূঁইয়া
যুগ্ম সাধারণ সম্পাদক
Iqbal H Bhuiyan
Joint General Secretary
B7
মোঃ হারুন মিয়া
সহ-সাধারণ সম্পাদক
Mohammad H Meah
Assistant General Secretary
B8
মোহাম্মদ সুমন উদ্দিন
কোষাধ্যক্ষ
Mohammed Suman Uddin
Treasurer
B9
তমাল কান্তি চৌধুরী (সপ্তম)
সহকারী-কোষাধ্যক্ষ
Tamal Kanti Chowdhury (Saptam)
Assistant Treasurer
B10
মোহাম্মদ ফরহাদ
সাংগঠনিক সম্পাদক
Mohammad Forhad
Organizing Secretary
B11
শিমুল বড়ুয়া
দপ্তর সম্পাদক
Shimul Barua
Office Secretary
B12
মোঃ জয়নাল আবেদীন (আতিক)
সহকারী দপ্তর সম্পাদক
Mohammed J Abedin (Atiq)
Assistant Office Secretary
B13
সুশান্ত দত্ত (নোটন)
শিক্ষা ও সাংস্কৃতিক সম্পাদক
Sushanta Datta (Notan)
Educational & Cultural Secretary
B14
মোঃ আবদুল অদুদ
প্রচার ও প্রকাশনা সম্পাদক
Md A. Wodud
Publicity & Publication Secretary
B15
আকতার উল আজম
সমাজকল্যাণ সম্পাদক
Aktar Ul Azam
Social Welfare Secretary
B16
মোঃ জাহেদুল আজম (জাহেদ)
ক্রীড়া সম্পাদক
Mohammad Jahadul Azam
Sports Secretary
B17
নুরুস সোফা
কার্যনির্বাহী সদস্য
Nurus Sopha
Executive Members
B18
মোহাম্মদ শাহ আলম
কার্যনির্বাহী সদস্য
Mohammed Shah Alam
Executive Members
মাকসুদ-মাসুদ পরিষদকে B লাইনে ভোট দিন
VOTE FOR MAKSUD-MASUD PANEL ON B LINE
নির্বাচনী সংক্রান্ত সকল তথ্যের জন্য যোগাযোগ করুন
917-854-4144
646-363-0331
347-276-4420
347-993-6461
917-335-3221
646-284-3008
917-882-7066
203-918-8005
347-596-9223
347-651-7903
B19
মোহাম্মদ শওকত আলী
কার্যনির্বাহী সদস্য
Mohammed S Ali
Executive Members
প্রচারেঃ মাকসুদ-মাসুদ নির্বাচন পরিচালনা কমিটি।

বিএনপির সঙ্গে ভারতের যোগাযোগ ও ভবিষ্যৎ

শামীম এ. জাহেদী

শেখ হাসিনার একনায়কতান্ত্রিক সরকারের পতনের ছয় সপ্তাহ পর, গত ২২ সেপ্টেম্বর ঢাকায় বিএনপির গুলশান কার্যালয়ে দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে সাক্ষাৎ করেন ঢাকায় নিযুক্ত ভারতের শীর্ষ কূটনীতিক প্রণয় ভার্মা। দিল্লি এতদিন ‘এক ঝুড়িতে সব ডিম রাখা’ নিয়ে সমালোচনার মুখে পড়ার পর এই সাক্ষাতকে নীতি পরিবর্তনের ইঙ্গিত হিসেবে দেখা হচ্ছে।

তবে বাংলাদেশের রাজনৈতিক প্রেক্ষাপট পরিবর্তনের পর, ভারতীয় হাইকমিশনারের এ পদক্ষেপের আগেই যুক্তরাজ্য, ইউরোপীয় ইউনিয়ন, অস্ট্রেলিয়া, চীন, পাকিস্তান ও রাশিয়ার শীর্ষ কূটনীতিকেরা বিএনপি নেতাদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন।

আওয়ামী লীগকে ভারতের সকল মৌসুমের মিত্র হিসেবে মনে করা হয়। সে হিসেবে আওয়ামী লীগের সঙ্গে দীর্ঘদিনের ঘনিষ্ঠ সম্পর্ক থাকায়, নয়াদিল্লি নতুন কৌশল নিতে কিছুটা সময় নিয়েছে বলে ধারণা করা হয়। শেখ হাসিনা দেশ ছেড়ে পালিয়ে ভারতে আশ্রয় নেওয়ার পর ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর জানান, তাদের সরকার বাংলাদেশের বর্তমান সরকারের সঙ্গে সম্পর্ক গড়ে তুলতে চায়।

তবে আওয়ামী লীগের বাইরে অন্য দলের সঙ্গে সাম্প্রতিক যোগাযোগ ভারতের কৌশলে পরিবর্তনেরই স্পষ্ট ইঙ্গিত। অনেকেই বলছেন, শুধু আওয়ামী লীগের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্কের ওপর নির্ভর না করে, আগে থেকেই দিল্লির উচিত ছিল বাংলাদেশের সাধারণ জনগণের সম্পর্ক গড়ে তোলা এবং রাজনৈতিক ও কূটনৈতিক পরিসরে এই সম্পর্ককে বিস্তৃত করা।

বৈঠক শেষে স্থানীয় গণমাধ্যম বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে উদ্ধৃত করে জানায়, ‘বাংলাদেশ ও ভারতের মধ্যে সম্পর্ক কীভাবে গভীর ও মজবুত করা যায়, সে বিষয় নিয়ে আলোচনা হয়েছে। আমরা ভারতের সঙ্গে বাংলাদেশের চলমান বিভিন্ন সমস্যা তুলে ধরেছি।’

মির্জা ফখরুল ইসলাম আলমগীর আরও বলেন, ‘তাদের (ভারতীয় হাইকমিশনের) প্রধান বার্তা হলো, তারা বাংলাদেশ সঙ্গে সম্পর্ক শক্তিশালী করতে চায়। বিশেষ করে এই পরিবর্তনের পর তারা ইতিমধ্যে নতুন তত্ত্বাবধায়ক সরকারের সঙ্গে যোগাযোগ করেছে। একটি রাজনৈতিক দল হিসেবে বিএনপির সঙ্গেও তারা সম্পর্ক দৃঢ় করতে আগ্রহী।’

এদিকে, গত ২৬ সেপ্টেম্বর ভারতের পত্রিকা দ্য হিন্দু-কে দেওয়া এক সাক্ষাৎকারে বিএনপির

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মার সৌজন্য সাক্ষাৎ। ছবি: বিএনপি মিডিয়া সেল

মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ‘ভারতের সঙ্গে সম্পর্ক উন্নয়নের বিষয়ে আশাবাদ’ ব্যক্ত করেন। তিনি বলেন, অতীতেও, বিশেষ করে ২০২৪ সালের জানুয়ারির নির্বাচনের আগে, বিএনপি একাধিকবার ভারতের সঙ্গে যোগাযোগ করেছিল। তবে সেই উদ্যোগগুলো সফল হয়নি। দ্য হিন্দু তাঁকে উদ্ধৃত করে জানায়, ‘ভারত সব ফল একটি ঝুড়িতেই রেখেছিল, তাই তখন আমাদের উদ্যোগ সফল হয়নি। এখন দ্রুত গতিতে ভারতের সঙ্গে সম্পর্ক পুনরায় শুরু করতে হবে। আমরা সবসময় ভারতের সঙ্গে কার্যকর সম্পর্ক চেয়েছি।’

তবে, আদানির সাথে ‘অসম’ বিদ্যুৎ-ক্রয় চুক্তি এবং মোদি-হাসিনা উদ্যোগে পশ্চিমবঙ্গের গেদে ক্রসিং থেকে চিলাহাটি-হলদিবাড়ি হয়ে ভুটান সীমান্তের কাছে হাসিমারা-দলগাঁও পর্যন্ত রেলসংযোগ পরিকল্পনা নিয়ে উদ্বেগ প্রকাশের পাশাপাশি, মির্জা ফখরুল দ্য হিন্দু-কে বলেন, ‘সীমান্ত হত্যা এবং পানিবণ্টনের মতো ইস্যুগুলোকে কার্যকরভাবে সমাধান করার মাধ্যমেই সম্পর্ককে এগিয়ে নেওয়া সম্ভব।’

গত পনেরো বছরের বেশি সময় ধরে ভারতীয় প্রশাসন নিরবচ্ছিন্নভাবে শেখ হাসিনার পাশে থেকেছে, যদিও ২০১৪, ২০১৮ ও ২০২৪ সালের নির্বাচন ব্যাপকভাবে ত্রুটিপূর্ণ হিসেবে বিবেচিত হওয়ার পর শেখ হাসিনার প্রতি জনসমর্থন ও ভোটারদের আস্থা ক্রমশ কমতে থাকে। জনতার অসন্তোষ বাড়লেও, বিস্ময়করভাবে ভারত অন্য রাজনৈতিক দলগুলোর পরিবর্তে কেবল শেখ হাসিনা বা তাঁর দলের সঙ্গেই সম্পর্ক বজায় রেখেছে।

জাতীয় ও স্থানীয় নির্বাচনগুলোতে ব্যাপক ও নির্লজ্জ কারচুপি জবাবদিহিকে নির্বাসনে পাঠিয়ে দেয়। দুর্নীতি, অর্থপাচার ও বিচারবহির্ভূত হত্যাকাণ্ড ছিল সর্বগ্রাসী। হাসিনার শাসনামলে শুরু হয় নতুন ধরনের মানবাধিকার লঙ্ঘন। সরকারের নিরাপত্তা বাহিনীর মাধ্যমে গুমের ঘটনা–বহু মানুষকে বছরের পর বছর গোপন কারাগারে বন্দী করে রাখার বিষয়টি পুরো জাতিকে হতবাক করে দেয়।

উল্লেখযোগ্য ভুক্তভোগীদের মধ্যে রয়েছেন সাবেক ব্রিগেডিয়ার জেনারেল আবদুল্লাহিল আমান আজমি এবং ব্যারিস্টার আহমাদ বিন কাসেম আরমান। গণঅভ্যুত্থানে শেখ হাসিনার পতনের পর ‘আয়নাঘর’ নামে পরিচিত কুখ্যাত গোপন বন্দিশালা থেকে মুক্তি পান তাঁরা ।এই দুজন দীর্ঘ আট বছর গোপন বন্দিশালায় আটক ছিলেন। এ সময় তাঁদের পরিবার-পরিজন জানতেন না, তাঁরা আসলে বেঁচে ছিলেন, না মারা গেছেন।

এসব কারণ এক হয়ে এক সময়ের নিরঙ্কুশ ক্ষমতাধর শেখ হাসিনা ও তাঁর দল আওয়ামী লীগকে ঘিরে মানুষের হতাশা তীব্র হতে থাকে। কর্তৃত্ববাদী শাসন ও অনিয়মের কারণে এই হতাশা তীব্র ক্ষোভে পরিণত হতে থাকে, যা শেষ পর্যন্ত গণ-অভ্যুত্থানে রূপ নেয়।

শুধু শেখ হাসিনা ও আওয়ামী লীগের সাথে ভারতের ঘনিষ্ঠ সম্পর্ক বেশির ভাগ বাংলাদেশি পছন্দ করেনি। তাঁর সরকার অশুল্ক বাধা, অভিন্ন নদীর পানি বণ্টন সমস্যা এবং সীমান্তে হত্যা বন্ধের মতো বিষয়গুলো কার্যকরভাবে সমাধানে ব্যর্থ হওয়ায় জনমনে অসন্তোষ সৃষ্টি করে। তা সত্ত্বেও, হাসিনা তাঁর সরকারের ভারতের প্রতি অবদানের কথা বারবার উল্লেখ করেছেন। একবার তিনি বলেছিলেন, ভারত ‘চিরকাল মনে রাখবে’ তাঁর সরকার কী কী করেছে প্রতিবেশীর জন্য। যদিও তিনি নিজে বিনিময়ে কিছু চান না বলেও জানিয়েছিলেন।

নয়াদিল্লির উচিত বাংলাদেশে অন্যান্য রাজনৈতিক দল এবং প্রতিবেশী দেশের সরকার ও রাজনৈতিক শক্তিগুলোর সঙ্গে সম্পৃক্ত হওয়া। নেপাল ও মালদ্বীপের মতো দেশগুলো সাম্প্রতিক সরকার পরিবর্তনের পর ভারতের সঙ্গে সম্পর্কের টানাপোড়েনের মুখে পড়েছে। এ ছাড়া পাকিস্তান ও চীনের সঙ্গে ভারতের সম্পর্কও এখন উত্তেজনাপূর্ণ।

বিশ্ব রাজনৈতিক ব্যবস্থায় প্রতিটি দেশই অর্থনীতি, নিরাপত্তা এবং পানিসম্পদ ব্যবস্থাপনায় একে অপরের ওপর নির্ভরশীল। পারস্পরিক সহযোগিতা ছাড়া কোনো দেশই এগিয়ে যেতে পারে না। দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থা বা সার্ক-এর পুনরুজ্জীবন এই প্রেক্ষাপটে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। ২০১৬ সালে ইসলামাবাদে নির্ধারিত সম্মেলন বাতিল হওয়ার পর থেকে সার্ক কার্যত অচল হয়ে আছে। তবে আঞ্চলিক সম্পর্ক উন্নয়ন এবং বর্তমান চ্যালেঞ্জগুলো মোকাবিলায় এটি আবারও কার্যকর হতে পারে।

২০১৬ সালে ভারতের উরি সন্ত্রাসী হামলার পর আঞ্চলিক কূটনৈতিক উত্তেজনার কারণে সার্ক সম্মেলন বাতিল করা হয়। ভারতের সম্মেলন বর্জনের পর বাংলাদেশ, ভুটান ও আফগানিস্তানসহ আরও কয়েকটি দেশ এতে অংশ নিতে অস্বীকৃতি জানায়। সর্বশেষ সার্ক সম্মেলন ২০১৪ সালে কাঠমান্ডুতে অনুষ্ঠিত হয়েছিল। তারপর থেকে আর কোনো সম্মেলন আয়োজন করা সম্ভব হয়নি। সার্কের অগ্রগতির প্রধান অন্তরায় হচ্ছে ভারত-পাকিস্তানের স্থায়ী বৈরিতা।

এ ছাড়া দক্ষিণ এশিয়ার অনেক দেশের কিছু রাজনৈতিক দল বিভাজনমূলক রাজনীতির চর্চা করে, যার প্রধান উদ্দেশ্য নিজেদের দেশে মেরুকৃত ভোটারদের কাছে টানার চেষ্টা করা। এই পরিস্থিতিতে আঞ্চলিক রাজনৈতিক দলগুলোর মধ্যে কার্যকর সম্পর্ক গড়ে তোলা জরুরি, যা দক্ষিণ এশিয়ায় ‘জনগণের সঙ্গে জনগণের’ কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

যদি ইউরোপ শতাব্দীর পর শতাব্দী ধরে চলা সামরিক সংঘাত এবং সামাজিক বিভাজন পেছনে ফেলে একত্রিত হয়ে ঘনিষ্ঠভাবে কাজ করতে পারে, তাহলে দক্ষিণ এশিয়া কেন একই পথে এগিয়ে যেতে পারবে না? দক্ষিণ এশিয়ায় তো এমন দীর্ঘস্থায়ী সংঘাতের ইতিহাসও নেই। পারস্পরিক সুযোগ ও সুবিধার জন্য অর্থনীতি, সমাজ এবং নিরাপত্তার ক্ষেত্রে একসঙ্গে এগিয়ে যাওয়া কি সম্ভব নয়?

২৭টি দেশের জোট ইউরোপীয় ইউনিয়ন একক মুদ্রা, অভিন্ন পররাষ্ট্র ও নিরাপত্তা নীতি, এবং সাধারণ নাগরিক অধিকার বাস্তবায়নের মাধ্যমে রাজনৈতিক ও অর্থনৈতিক সংহতি অর্জন করেছে। তারা অভিবাসন ও বিচারিক বিষয়েও একসাথে কাজ করে যাচ্ছে। দক্ষিণ এশিয়ার জন্য শান্তি ও গণতন্ত্র প্রতিষ্ঠায় ইউরোপীয় ইউনিয়ন কি একটি মডেল হিসেবে কাজ করতে পারে?

(ইংরেজি থেকে বাংলায় অনূদিত।)

লেখক: সহযোগী সম্পাদক, ইনডিপেনডেন্ট টেলিভিশন

[এই মতামত লেখকের নিজস্ব।]

Law Offices

এক্সিডেন্ট কেইসেস

মেডিক্যাল ম্যালপ্র্যাকটিস ও হাসপাতালের ত্রুটিপূর্ণ শিশুর জন্ম

917-282-9256

(To schedule appointment only)

বিনামুল্যে পরামর্শ, প্রয়োজনে এটর্নী আপনার বাসায় অথবা হাসপাতালে আসবেন

Moin Choudhury, Esq.
Attorney at Law
এটর্নী মঈন চৌধুরী

আমরা অতীতে
আমাদের ক্লায়েন্টদের
জন্য মিলিয়ন মিলিয়ন
ডলার আদায়
করে দিয়েছি।

নিউইয়র্ক, নিউজার্সি, মিশিগান
পেনসিলভেনিয়া, কানেকটিকাট, ফ্লোরিডা
জর্জিয়া ও ভার্জিনিয়াতে
আমাদে সহযোগী - লাইসেন্স প্রাপ্ত এটর্নীরা
আপনাদের সেবায় নিয়োজিত

Timothy Bompart, Esq
Attorney at Law

- গাড়ী দুর্ঘটনা
- বিল্ডিং এ দুর্ঘটনা,
- কাজের জায়গায় দুর্ঘটনা
- ট্রিপ এন্ড ফল
- বিকলাঙ্গ শিশুর জন্ম

এপয়েন্টমেন্টের
জন্য কল করুন
৯১৭-২৮২-৯২৫৬

- কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- লেড পয়জনিং

ইমিগ্রেশন

- পলিটিক্যাল এসাইলাম
- বিনা পরীক্ষায় নাগরিকত্ব
- এডজ্যাস্টম্যান্টে অব স্টেটাস (গ্রীন কার্ড)

IMMIGRATION

- স্টুডেন্ট ভিসা
- ডিপোর্টেশন কেইসেস
- ইনভেষ্টমেন্ট ভিসা
- ভিজিট ভিসা - এক্সটেনশন সহ
- বৈবাহিক সূত্রে গ্রীন কার্ড
- সকল প্রকার ইমিগ্রেশন

সকল প্রকার ইমিগ্রেশন বিষয়ে কনসালটেশন ফি নুন্যতম ৫০ ডলার

Law offices of Timothy Bompart

37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Moin Choudhury Law Firm, P.C 292000 Southfield Road, Suite # 108, Southfield, MI 48076

Immigration Petitions & Adjustment of Status.

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court. Prior result do not guarantee the outcome of any future cases.

আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সূযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকিায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সূযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সূযোগ

-যারা এক বছর বা তার আগে গ্রীনকার্ডের জন্য এপ্লাই করে অপেক্ষা করছেন তাদের জন্য রয়েছে সুখবর।

-আমরা এখন H1B ও EB5 এর ব্যাপারেও সহায়তা করি।

স্বনামধন্য আমেরকিান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি

FRANCHISE BROKER ACADEMY
Member

H1B	L1A VISA
EB5	E2 VISA
POLITICAL ASYLUM	

Captor USA, Inc.

Franchise & Business Consulting Firm

37-16, 73rd Street, Suite #402, Jackson Heights, NY 11372
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, (646) 707 9067; Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com
New address 37-16, 73 street, Suite # 402, Jackson Heights, NY 11372

হটলাইন : +১ ২০১ ৪৫৬ ৩১০৩
সপ্তাহে ৭ দিনই খোলা

‘সুইং স্টেট’ জর্জিয়ায় আর্লি ভোট শুরু বাঙালি আছেন দুইজন

মনজিলুর রহমান

যুক্তরাষ্ট্রের ৫ নভেম্বর মঙ্গলবারের প্রেসিডেন্ট নির্বাচনকে সামনে রেখে সুইং স্টেট জর্জিয়ায় আর্লি ভোটিং শুরু হয়েছে। ডেমোক্র্যাট এবং রিপাবলিকান উভয় দলের পক্ষ থেকে তাদের সমর্থকদের নির্বাচনে ভোট দেয়ার আহ্বান জানিয়েছে।

জর্জিয়া ছাড়াও যুক্তরাষ্ট্রের অন্য সুইং স্টেট গুলো হলো, অ্যারিজোনা, মিশিগান, নেভাদা,নর্থ ক্যারোলিনা, পেনসিলভানিয়া এবং উইসকনসিন।

১৫ অক্টোবর মঙ্গলবার সকাল আর্লি ভোটিং ৭টায় শুরু হয়। আর্লি ভোটিং এর সময়সুচী সোমবার থেকে শুক্রবার সকাল ৭টা থেকে সন্ধ্যা ৭টা । শনিবার অক্টোবর ১৯ এবং ২৬ সকাল ৭ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত এবং রবিবার অক্টোবর ২০ ও ২৭ ভোট হবে দুপুর থেকে বিকাল ৫ টা পর্যন্ত।

জর্জিয়ার ভোটাররা অন্যান্য রাজ্যের তুলনায় এবং অন্য যে কোন সময়ের তুলনায় এই বছর নির্বাচন অনেক বেশী গুরুত্ব আছে বলে বিশ্লেষকর মনে করছেন। ।’

মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনকে সামনে রেখে আর্লি ভোটে ভোটার উপস্থিতি বেশি হবে বলে ধারণা করা হচ্ছে। যার ফলে ভোটদানের স্থানে দীর্ঘ সময় ধরে অপেক্ষা করতে হতে পারে। উভয় প্রচারাভিযানই ঘনিষ্ঠভাবে প্রাথমিক ভোটদানের তথ্য-উপাত্ত সংগ্রহ করছেন যাতে ৫ নভেম্বরের নির্বাচন কেমন হবে তা নিয়ে একটা ধারণা হয়।

জর্জিয়া থেকে এবারের নির্বাচনে দুইজন বাংলাদেশি আমেরিকান ভোট যুদ্ধে অংশ গ্রহণ করবেন। তারা হলেন জর্জিয়া স্টেট বর্তমান সিনেটর শেখ রহমান ও আরেফিন চৌধুরি । শেখ রহমান ডেমোক্রাট পার্টি থেকে এবারও স্টেট সিনেটরে নির্বাচন করছেন এবং আরফিন চৌধুরি রিপাবলিকান পার্টি থেকে জর্জিয়ার গুনেইট কাউন্টি ট্যাক্স কমিশনার পদে লড়বেন ।

মিলটন ক্ষতিগ্রস্তদের জাকাত ফাউন্ডেশন ত্রাণ সহায়তা

উত্তর আমেরিকা অফিস

হারিকেন মিলটন ৯ অক্টোবর বুধবার গভীর রাতে ফ্লোরিডার উপসাগরীয় উপকূলে আঘাত হানে, যেখানে বিধ্বংসী বাতাস, জীবন-হুমকির ঝড় এবং বিপর্যয়কর বন্যা নিয়ে আসে। এই বিপর্যয়ের মধ্যে, জাকাত ফাউন্ডেশন অফ আমেরিকা দ্রুত ক্ষতিগ্রস্ত সম্প্রদায়গুলিতে তাত্ক্ষণিক সহায়তা প্রদানে আগ থেকেই প্রস্তুতি নিয়ে রেখেছিল।

যাকাত ফাউন্ডেশন-এর পাঁচ সদস্যের একটি দল স্থানীয় স্বেচ্ছাসেবকদের সাথে সহযোগিতায় হিথ্রো মুসলিম কমিউনিটি সেন্টারে (HMCC) তাদের ত্রাণ বিতরণ সেন্টার স্থাপন করেছে। এই দলটি ৪০০ টি জরুরি ত্রাণ প্যাকেট বিতরণের জন্য প্রস্তুত, যেখানে টিনজাত শাকসবজি, নুডুলস, টুনা, এবং স্বাস্থ্যবিধি সামগ্রী, বিশুদ্ধ পানীয় জল এবং ব্যক্তিগত যত্নের কিট অন্তর্ভুক্ত রয়েছে। যাকাত ফাউন্ডেশন-এর এই ত্রাণ কার্যক্রমের লক্ষ্য হলো বাস্তুচ্যুত পরিবারগুলির জরুরী চাহিদা পূরণ করা এবং সেইসব মানুষকে সহায়তা করা, যারা ব্যাপক আতঙ্ক কেনার কারণে প্রয়োজনীয় সামগ্রী থেকে বঞ্চিত হয়েছে।

যাকাত ফাউন্ডেশনের প্রতিনিধি সৈয়দ ইউসুফ বলেন, "আমরা অভাবী পরিবারগুলিকে গুরুত্বপূর্ণ সহায়তা প্রদানের জন্য গভীরভাবে প্রতিশ্রুতিবদ্ধ, যাতে যত দ্রুত সম্ভব তাদের কাছে ত্রাণ পৌঁছে যায়। আমাদের প্রার্থনা ক্ষতিগ্রস্ত সকলের সাথেই থাকবে এবং ফ্লোরিডা পুনরুদ্ধারের সাথে সাথে আমরা সাহায্য করতে প্রস্তুত আছি।"

হারিকেন হেলেনের পরে উত্তর ক্যারোলিনায় যাকাত ফাউন্ডেশনের ত্রাণ কার্যক্রমের সময় স্থানীয় সংস্থাগুলির সাথে সহযোগিতার মাধ্যমে প্রান্তিক সম্প্রদায়ের কাছে প্রয়োজনীয় সামগ্রী সরবরাহ করা হয়েছিল। যাকাত ফাউন্ডেশনের ইমার্জেন্সি রেসপন্স টিম পরিস্থিতি মূল্যায়ন চালিয়ে যাচ্ছে এবং প্রয়োজন অনুযায়ী ত্রাণ কার্যক্রম বাড়ানোর জন্য প্রস্তুত রয়েছে। অনুদানের জন্য জাকাত ফাউন্ডেশনের ওয়েবসাইটে (https://www.zakat.org/hurricane-relief) ভিজিট করতে পারেন।

বঙ্গবন্ধুকে

প্রথম পৃষ্ঠার পর

জাতীয় জাতীয়...। ভোটবিহীন সরকারেরই কোনো বৈধতা নেই। সেই সময়ে অনেক কিছু করা হয়েছে। সবক’টি পুনর্গঠন ও পুনর্মূল্যায়ন করা হবে। বঙ্গবন্ধুকে জাতির জনক মনে করে কিনা এই সরকার, সাংবাদিকদের এ প্রশ্নের জবাবে নাহিদ ইসলাম বলেন, ‘অবশ্যই না।’

তাহলে তো আমাদের কোনো জাতির পিতা থাকবে না- এমন প্রশ্নে তিনি বলেন, আমাদের এই ভূখণ্ডের লড়াইয়ের ইতিহাসে বহু মানুষের অবদান রয়েছে। আমাদের ইতিহাস কিন্তু কেবল ’৫২তেই শুরু হয়নি, আমাদের বৃটিশবিরোধী লড়াই আছে, ’৪৭ ও ’৭১-এর লড়াই আছে, ’৯০ ও ’২৪ আছে। আমাদের অনেক ফাউন্ডিং ফাদার রয়েছে। তাদের লড়াইয়ের ফলে আমরা স্বাধীনতা পেয়েছি।’ তথ্য উপদেষ্টা বলেন, যেসব জাতীয় দিবস বাতিল করা হচ্ছে, সেগুলো চাপিয়ে দিয়েছিল আওয়ামী লীগ। ফ্যাসিস্ট আচরণ ছিল সেটা। সরকার মনে করেছে, সেগুলো গুরুত্বহীন, তাই বাতিল করা হচ্ছে। গণঅভ্যুত্থানকে কেন্দ্র করে নতুন করে দিবস আসতে পারে বলেও জানান তিনি।

আরেকদফা ট্রাম্পের আমেরিকা দেখার অপেক্ষায়

প্রথম পৃষ্ঠার পর

কাটাচ্ছেন ডেমোক্রেটিক পার্টির প্রার্থী কমলা হ্যারিস ও রিপাবলিকান পার্টির প্রার্থী ডোনাল্ড ট্রাম্প। তাঁদের লক্ষ্য গুরুত্বপূর্ণ দোদুল্যমান অঙ্গরাজ্যগুলোয় ভোটারদের আস্থা অর্জন করা। ভোটের আগের জরিপগুলোও বলছে, এবারের নির্বাচনে হাড্ডাহাড্ডি লড়াই হতে পারে। তবে কিছু নতুন জরিপ কমলার জন্য নিরাশার বার্তা দিচ্ছে। কিছু ডেমোক্রেটিক ভোটারদের মধ্যে তাঁর সমর্থনে ভাটা পড়তে দেখা গেছে।

কমলা হ্যারিস গত রোববার গুরুত্বপূর্ণ দোদুল্যমান অঙ্গরাজ্য নর্থ ক্যারোলাইনায় প্রচার চালান। এ অঙ্গরাজ্যে সম্প্রতি হারিকেন হেলেনে ২৩৫ জনের মৃত্যু হয়েছে। ট্রাম্পের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে যে হারিকেনে ক্ষতিগ্রস্ত মানুষদের জন্য সরকারের পক্ষ থেকে যথেষ্ট সহায়তা দেওয়া হয়নি। নর্থ ক্যারোলাইনার গ্রিনভিল চার্চে দেওয়া এক বক্তব্যে কমলা বলেন, ‘সংকটের মুহূর্তে আমাদের মধ্যে নায়কদের উঠে আসার একটি উপায় আছে বলে আমি মনে করি।’ ট্রাম্পের নাম উল্লেখ না করে তিনি বলেন, প্রয়োজনের মুহূর্তে যাঁরা কঠোর পরিশ্রম করছেন, তাঁদের নিয়ে মিথ্যা ভুয়া তথ্য ছড়াচ্ছেন লোকজন।

এদিকে অ্যারিজোনা অঙ্গরাজ্যে নির্বাচনী প্রচারে ট্রাম্প তাঁর অভিবাসী ইস্যুটাকে গুরুত্ব দিয়ে তুলে ধরেছেন। ৯২ মিনিটের বক্তব্যে তিনি বলেন, আবার নির্বাচিত হলে যুক্তরাষ্ট্রে ১০ হাজার সীমান্তরক্ষী নিয়োগ দেবেন। এর আগে ফক্স নিউজকে দেওয়া সাক্ষাৎকারে দেশের ভেতরে থাকা যুক্তরাষ্ট্রের শত্রুদের বিরুদ্ধে সামরিক শক্তি প্রয়োগের কথা বলেন ট্রাম্প।

কারও নাম প্রকাশ না করে ট্রাম্প বলেন, ‘আমাদের কিছু অসুস্থ লোক আছেন, যাঁরা মৌলবাদী বামপন্থী উন্মাদ। প্রয়োজন পড়লে খুব সহজে তাঁদের নিয়ন্ত্রণ করা যায়। এ ক্ষেত্রে ন্যাশনাল গার্ড বা প্রয়োজনে সামরিক বাহিনী ব্যবহার করা হবে।’

এদিকে, গত শনিবার ক্যালিফোর্নিয়ায় ট্রাম্পের এক নির্বাচনী সমাবেশের কাছে গুলিভর্তি শটগানসহ এক ব্যক্তিকে গ্রেপ্তারের কথা জানিয়েছে পুলিশ। মার্কিন সিক্রেট সার্ভিস জানায়, গত জুলাই থেকে দুবার হত্যাচেষ্টার মুখে পড়া ট্রাম্পের জন্য বিপজ্জনক কোনো ঘটনা ঘটেনি।

জরিপে দেখা গেছে, সাতটি দোদুল্যমান অঙ্গরাজ্যে কমলা ও ট্রাম্পের মধ্যে তীব্র প্রতিযোগিতা হবে। তবে, জরিপে আরও দেখা গেছে, ডেমোক্রেট বলয়ে থাকা লাতিন ভোটারদের টানতে ব্যর্থ হয়েছেন কমলা। ট্রাম্পের তীব্র অভিবাসনবিরো ধী বক্তব্যের পরও লাতিন ভোটাররা কমলার দিতে ঝোঁকেননি।

নিউইয়র্ক টাইমস ও সিয়েনা কলেজের সাম্প্রতিক জরিপে দেখা গেছে, এর আগে লাতিন ভোটারদের মধ্যে ডেমোক্রেটির প্রার্থীদের প্রতি যে সমর্থন ছিল, কমলার ক্ষেত্রে তা অনেক কম। তবে কৃষ্ণাঙ্গ নারীদের মধ্যে তাঁর প্রতি সমর্থন বেশি। তবে কৃষ্ণাঙ্গ পুরুষদের সমর্থন কমছে তাঁর জন্য।

হারিকেন মিল্টনের আঘাতের পর কমলা নর্থ ক্যারোলাইনা ও প্রেসিডেন্ট জো বাইডেন ফ্লোরিডা সফর করছেন। বাইডেন হারিকেন আক্রান্ত এলাকার জন্য ৬০ কোটি মার্কিন ডলার বরাদ্দ দিয়েছেন।

দোদুল্যমান অঙ্গরাজ্যের মধ্যে পেনসিলভানিয়ায় চোখ দুই প্রার্থীর। গতকাল সোমবার দুই প্রার্থী সেখানে নির্বাচনী প্রচারে অংশ নেন। এর আগে কমলার হয়ে জর্জিয়ায় প্রচার করেছেন ডেমোক্রেটিক পার্টির সাবেক প্রেসিডেন্ট বিল ক্লিন্টন। রোববার গ্রিনভিলে কমলা অভিযোগ করেন যে ভোটারদের মধ্যে ট্রাম্পের কোনো স্বচ্ছ ভাবমূর্তি নেই। নিজের স্বাস্থ্যগত তথ্য প্রকাশের বিষয়টি তিনি তুলে ধরেন। ট্রাম্পকেও নিজের স্বাস্থ্যগত তথ্য প্রকাশ করার আহ্বান জানান।

কমলা প্রশ্ন করেন, ‘এটা আপনাকে অবাক করবে যে কেন ট্রাম্পের কর্মীরা তাঁকে লুকিয়ে রাখতে চাইছেন! তারা কি ভয় পান যে মানুষ দেখে ফেলবে ট্রাম্প আমেরিকাকে নেতৃত্ব দেওয়ার পক্ষে খুব দুর্বল এবং অস্থির?’

নিউইয়র্ক সিটির নতুন স্কুল চ্যান্সেলর

প্রথম পৃষ্ঠার পর

এসেছে। প্রশাসনিক চাপ ও রাজনৈতিক কারণে মেয়র এরিক অ্যাডামসের পক্ষ থেকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ধারণা করা হচ্ছে অ্যাডামস-ই ব্যাঙ্কসকে পদত্যাগ করতে বাধ্য করেছেন।

অ্যাভিলেস-রামোস নিউইয়র্ক সিটির ব্রঙ্কস পাড়ার সাউন্ডভিউতে জন্মগ্রহণ করেন। তিনি পুয়ের্তো রিকান একক মায়ের কন্যা এবং তার পরিবারের প্রথম সদস্য।

নতুন চ্যান্সেলর হিসেবে দায়িত্ব গ্রহণের সময় অ্যাভিলেস-রামোস বলেন, আমি বিশ্বাস করি আমাদের কাজের মাধ্যমে স্থিতিশীলতা বজায় রাখতে হবে। আমার নেতৃত্বে, আমরা প্রতিবন্ধী ও বহুভাষিক শিক্ষার্থীদের জন্য সমর্থন বাড়াতে, সাক্ষরতা এবং গণিতের দক্ষতার হার উন্নত করতে হবে। সেই সাথে নিরাপদ স্কুল পরিবেশ তৈরি করতে সকলকে একযোগে কাজ করতে হবে।

অ্যাভিলেস-রামোস এর আগে একজন শিক্ষক, সহকারী অধ্যক্ষ, অধ্যক্ষ এবং ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট হিসেবে কাজ করেছেন। তিনি 'প্রজেক্ট ওপেন আর্মস' নামক একটি প্রকল্পে লিড দিয়েছেন। যা আশ্রয়প্রার্থী অভিবাসী পরিবারগুলোর জন্য সহায়তা প্রদান করে। এই প্রকল্পের মাধ্যমে তিনি কমিউনিটিভিত্তিক কার্যক্রম পরিচালনা করেন এবং শিক্ষার্থীদের ও তাদের পরিবারের জন্য সুযোগ সৃষ্টি করেন।

২০০৭ সালে ট্রুম্যান হাই স্কুলে ইংরেজি শিক্ষক হিসেবে কর্মজীবন শুরু করেন অ্যাভিলেস-রামোস। পরে তিনি শুইলারভিল প্রিপারেটরি হাই স্কুলের অধ্যক্ষ হন। যেখানে তিনি স্নাতকের হার ২৩ শতাংশ থেকে ৬৮ শতাংশে উন্নীত করেন। তার নেতৃত্বে ৬৮ শতাংশ ইংরেজি ভাষা শিক্ষার্থী কলেজের জন্য প্রস্তুত হিসেবে গণ্য হয়।

অ্যাভিলেস-রামোস ফোর্ডহ্যাম ইউনিভার্সিটি থেকে ব্যাচেলর অফ আর্টস ডিগ্রি এবং সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক থেকে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেছেন। তিনি একজন কন্যার মা এবং তার শিক্ষাগত ও প্রশাসনিক অভিজ্ঞতা নিউইয়র্ক সিটির স্কুল সিস্টেমের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা হচ্ছে। তার অভিজ্ঞতা এবং কর্মক্ষমতা শহরের শিক্ষাব্যবস্থার উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

হাসিনা-কাদেরসহ ৪৬ জনের বিরুদ্ধে

প্রথম পৃষ্ঠার পর

গত ৫ আগস্ট প্রধানমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করে ভারতে পালিয়ে যান শেখ হাসিনা। এরপর গঠিত অন্তর্বর্তী সরকারের পক্ষ থেকে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে এই আন্দোলনে সংঘটিত মানবতাবিরোধী অপরাধের বিচারের ঘোষণা দেওয়া হয়।

উল্লেখ্য, একাত্তরের মানবতাবিরোধী অপরাধের বিচারে ২০১০ সালে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল গঠিত হয়। এই ট্রাইব্যুনালে ইতিমধ্যে একাত্তরে মানবতাবিরোধী অপরাধের দায়ে অনেকের বিচার ও সর্বোচ্চ শাস্তি কার্যকর হয়েছে।

যাঁদের বিরুদ্ধে পরোয়ানা

সাবেক প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা, সজীব ওয়াজেদ জয়, ওবায়দুল কাদের, আসাদুজ্জামান খান, আনিসুল হক ছাড়া অন্য যাঁদের নামে পরোয়ানা জারি হয়েছে, তাঁরা হলেন সাবেক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক, মুহাম্মদ ফারুক খান, ড. আব্দুর রাজ্জাক, হাছান মাহমুদ, জাহাঙ্গীর কবির নানক, মহিবুল হাসান চৌধুরী নওফেল, সাবেক প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু, জুনাইদ আহমেদ পলক, মোহাম্মদ এ আরাফাত, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের সাবেক মেয়র শেখ ফজলে নূর তাপস, সাবেক মন্ত্রী টিপু মুনশি, রাশেদ খান মেনন, হাসানুল হক ইনু, শাজাহান খান, মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া, আমির হোসেন আমু, কামরুল ইসলাম, কামাল আহমেদ মজুমদার ও গোলাম দস্তগীর গাজী।

সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাবেক তিন উপদেষ্টা তৌফিক-ই-ইলাহী চৌধুরী, উপদেষ্টা সালমান এফ রহমান ও মেজর জেনারেল (অব.) তারেক আহমেদ সিদ্দিক, আওয়ামী লীগের নেতা মাহাবুব উল আলম হানিফ, শেখ ফজলুল করিম সেলিম, আ ফ ম বাহাউদ্দিন নাছিম, মৃণাল কান্তি দাস, মির্জা আজম, আবুল হাসানাত আবদুল্লাহ, শেখ ফজলে শামস পরশ, যুবলীগের সাধারণ সম্পাদক মাইনুল ইসলাম খান নিখিল, হাজী সেলিমের ছেলে সোলায়মান সেলিম, সাবেক এমপি ওয়াকিল উদ্দিন, ইলিয়াস উদ্দিন মোল্যা, বেনজীর আহমেদ, এ কে এম শামীম ওসমান, গাজীপুরের সাবেক মেয়র জাহাঙ্গীর আলম, ছাত্রলীগের সভাপতি সাদ্দাম হোসেন ও সাধারণ সম্পাদক শেখ ওয়ালি আসিফ ইনান।

পুলিশের সাবেক-বর্তমান কর্মকর্তাদের মধ্যে রয়েছেন সাবেক আইজিপি চৌধুরী আবদুল্লাহ আল-মামুন, ডিএমপির অতিরিক্ত কমিশনার হারুন অর রশীদ, ডিএমপির সাবেক কমিশনার হাবিবুর রহমান, অতিরিক্ত ডিআইজি বিপ্লব কুমার সরকার, ডিএমপির এডিসি রওশানুল হক সৈকত, সাবেক অতিরিক্ত আইজি (এসবি) মো. মনিরুল ইসলাম, ডিএমপির উপকমিশনার মো. ইকবাল হোসেন, এসপি রিফাত রহমান শামীম, ঢাকা জেলার এসপি আসাদুজ্জামান আসাদ, ডিআইজি সৈয়দ নুরুল ইসলাম, এসপি আব্দুল্লাহিল কাফী, ডিবির পরিদর্শক আরাফাত হোসেন, উত্তরা পশ্চিম থানার সাবেক ওসি ফরমান আলী, ওসি অপূর্ব হাসান, অতিরিক্ত ডিআইজি মেহেদী হাসান, অতিরিক্ত ডিআইজি মারুফ হোসেন, উত্তরার এডিসি মির্জা সালাউদ্দিন, অতিরিক্ত পুলিশ সুপার শহীদুল ইসলাম, যাত্রাবাড়ী থানার সাবেক ওসি আবুল হাসান, কাউন্টার টেররিজম ইউনিটের সাবেক ডিআইজি মো. আসাদুজ্জামান, সিটি এসবির ডিআইজি মনিরুল ইসলাম, গুলশান থানার সাবেক ওসি মাজহারুল ইসলাম, অতিরিক্ত ডিআইজি প্রলয় কুমার জোয়ারদার, সিআইডির সাবেক প্রধান অতিরিক্ত আইজি মোহাম্মদ আলী মিয়া, সিআইডির ডিআইজি ইমাম হোসেন, ডিআইজি মোল্যা নজরুল ইসলাম, মিরপুর বিভাগের সাবেক ডিসি জসিম উদ্দিন মোল্লা।

ট্রাম্প আরিজোনায়, কমলা এগিয়ে

প্রথম পৃষ্ঠার পর

ট্রাম্পের সমর্থনে রয়েছেন। তবে কমলা যে ৩ পয়েন্টে এগিয়ে রয়েছেন, তা জরিপের ৩ শতাংশ ত্রুটির সীমার মধ্যে পড়ে। আর জরিপে ৩ শতাংশ ভোটার কাকে ভোট দেবেন, তা এখনো ঠিক করেননি। যাদের মধ্যে অনেকে উত্তর দিতে রাজি হননি।

অন্যদিকে ৫৮ শতাংশ ভোটারদের সমর্থনে ট্রাম্পের চেয়ে এগিয়ে রয়েছেন কমলা। আর ট্রাম্পের পক্ষে রয়েছেন ৪০ শতাংশ নারী ভোটার। এছাড়া কৃষ্ণাঙ্গ ভোটারদের মধ্যেও জনপ্রিয়তায় এগিয়ে কমলা। কৃষ্ণাঙ্গ ভোটারদের মধ্যে কমলার সমর্থন ৮১ শতাংশ, বিপরীতে ১৬ শতাংশ কৃষ্ণাঙ্গ ট্রাম্পের সমর্থনে রয়েছেন।

মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে পেনসিলভানিয়াকে দোদুল্যমান অঙ্গরাজ্য হিসেবে বিবেচনা করা হচ্ছে। বিশ্লেষণকারী প্রতিষ্ঠান ফাইভথার্টিফাইভের তথ্য অনুযায়ী, এখন পর্যন্ত নিউইয়র্ক টাইমস ও সিয়েনা কলেজের জরিপকে যুক্তরাষ্ট্রে সবচেয়ে বেশি নির্ভরযোগ্য জরিপ হিসেবে দেখা হয়।

নভেম্বরে অনুষ্ঠিত হতে যাওয়া মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে জিততে হলে পেনসিলভানিয়া অঙ্গরাজ্যে জয়ী হওয়া ছাড়াও এর ১৯টি ইলেকটোরাল কলেজ ভোট পাওয়া গুরুত্বপূর্ণ। কারণ, এত বেশি ইলেকটোরাল ভোট আর কোনো দোদুল্যমান অঙ্গরাজ্যে নেই।

মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে ইলেকটোরাল কলেজের মোট ভোটসংখ্যা ৫৩৮। একজন প্রার্থীকে প্রেসিডেন্ট নির্বাচিত হতে ২৭০টি ইলেকটোরাল কলেজের ভোট পেতে হয়। প্রতিটি অঙ্গরাজ্যের জন্য নির্দিষ্টসংখ্যক ইলেকটোরাল ভোট রয়েছেন। এরমধ্যে ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যে সর্বোচ্চ ৫৫টি ইলেকটোরাল ভোট রয়েছে। আবার আলাস্কা, সাউথ ডাকোটা, ভারমন্টের মতো অঙ্গরাজ্যগুলোর প্রতিটিতে রয়েছে ৩টি করে ইলেকটোরাল ভোট।

ফক্স নিউজের সাক্ষাৎকারে কমলার উত্তপ্ত বাক্য বিনিময়

আসন্ন মার্কিন প্রেসিডেন্ট নির্বাচন ঘিরে দেশটির টিভি চ্যানেল ফক্স নিউজকে সাক্ষাৎকার দিয়েছেন ডেমোক্র্যাট প্রার্থী কমলা হ্যারিস। ফক্স নিউজকে দেওয়া এই প্রার্থীর সাক্ষাৎকার ছিল বিতর্কে ভরপুর। রীতিমতো উত্তপ্ত বাক্য বিনিময় করতে দেখা গেছে কমলাকে।

বার্তা সংস্থা এএফপি জানায়, ফক্সের সঙ্গে এটি কমলা হ্যারিসের প্রথম সাক্ষাৎকার ছিল। কমালার সাক্ষাৎকার নেন ব্রেট বেয়ার। ব্রেট বারবার অভিবাসন প্রসঙ্গ তোলেন এবং কমলার আস্থা নিয়ে প্রশ্ন তোলেন। কমলাও আগাগোড়া আক্রমণাত্মক ছিলেন।

প্রায় ৩০ মিনিটের এই সাক্ষাৎকার ছিল উপভোগ্য, কমলা ও ব্রেট সমানে এক অপরকে অস্বস্তিতে ফেলার চেষ্টা করে গেছেন। একটা সময় কমলা যখন একটা প্রশ্নের জবাব দিচ্ছেন, তখন ব্রেট কিছু বলতে যান। তিনি তখন রেগে বলেন, ‘আগে আমাকে অভিবাসন নিয়ে প্রশ্নের জবাব শেষ করতে দিন। আমি কি এই জবাব শেষ করতে পারি?’

কমলা বারবার প্রতিদ্বন্দ্বী ডোনাল্ড ট্রাম্পকে আক্রমণ করতে চেয়েছেন। তিনি জানাতে চেয়েছেন, প্রেসিডেন্ট হয়ে কেমন করে দেশ চালাবেন। তিনি বলেন, ‘প্রেসিডেন্ট হলে বাইডেনের সময়ের নীতির নিছক অনুসরণ করব না। আগের সব প্রেসিডেন্টের মতো জীবনের অভিজ্ঞতা, ব্যক্তিগত অনুভবকে কাজে লাগাব। আমি নেতৃত্বের নতুন প্রজন্মের প্রতিনিধিত্ব করছি।’

গত জুলাইয়ে জো বাইডেন প্রেসিডেন্ট নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করা থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দেওয়ার পর তাঁর জায়গায় প্রার্থী হন কমলা হ্যারিস। বাইডেনও বলেছেন, কমলা প্রেসিডেন্ট হিসেবে নিজের পথ নিজে তৈরি করবেন।

নিউইয়র্কে উদযাপিত হবে আন্তর্জাতিক লালন ও লোক উৎসব

উত্তর আমেরিকা অফিস

আগামী ২৬ অক্টোবর শনিবার জ্যামাইকার ম্যারি লুইস স্কুলে দ্বিতীয় বারের মতো এ উৎসব উদযাপিত হবে বলে জানিয়েছে আয়োজক সংগঠন লালন পরিষদ ইউএসএ।

১৬ অক্টোবর বুধবার সন্ধ্যায় জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে এক সংবাদ সম্মেলনে এ তথ্য নিশ্চিত করা হয়। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক লালন ও লোক উৎসবের পৃষ্ঠপোষক গ্লোল্ডেন এইজ হোমকেয়ারের সিইও শাহ নেওয়াজ, লালন পরিষদ ইউএসএ'র আহবায়ক আব্দুল হামিদ, প্রধান উপদেষ্টা নূরুল আমিন বাবু, মিডিয়া সমন্বয়ক পিনাকী তালুকদার।

হত্যার ঘটনায় ১৬৯৫ মামলা অক্টোবরে গ্রেপ্তার ৩১৯৫

জুলাই-আগস্ট হত্যাকাণ্ড

ঢাকা ডেস্ক

বৈষম্যবিরোধী আন্দোলনের সময় ছাত্র-জনতাকে হত্যার উদ্দেশ্যে হামলাকারী, হত্যার ইন্ধনদাতা ও নির্দেশ দাতাদের বিরুদ্ধে এখন পর্যন্ত দেশের বিভিন্ন থানায় ১ হাজার ৬৯৫টি মামলা দায়ের করা হয়েছে।

পুলিশ সদর দপ্তরের এআইজি (মিডিয়া অ্যান্ড পিআর) ইনামুল হক সাগরের সই করা সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, এসব কর্মকাণ্ডে জড়িত থাকার সুনির্দিষ্ট তথ্য প্রমাণের ভিত্তিতে অক্টোবর মাসেই ৩ হাজার ১৯৫ জনকে গ্রেপ্তার করা হয়েছে। এর মধ্যে তৎকালীন সরকারি দলের নেতৃস্থানীয় ৭৪ জন রয়েছেন। তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ চলমান।

এতে আরও বলা হয়, বিগত সরকারের আমলে রাজনৈতিক দলের ছত্রছায়ায় যারা চাঁদাবাজি, টেন্ডারবাজি, সন্ত্রাসী কর্মকাণ্ডসহ বিভিন্ন ধরনের অপকর্মে লিপ্ত ছিল তাদের বিরুদ্ধেও মামলা, গ্রেপ্তারসহ আইনি পদক্ষেপ নেওয়া হয়েছে।

বৈষম্যবিরোধী আন্দোলনের সঙ্গে সম্পৃক্ত ছাত্র-জনতা ও আপামর জনসাধারণের এক্ষেত্রে শঙ্কিত হবার কোনো কারণ নেই। পুলিশের সেবা হবে হয়রানি মুক্ত, জনবান্ধব। কেউ যেন অযথা হয়রানির শিকার না হয় তা বাংলাদেশ পুলিশ নিশ্চিত করবে বলেও বিজ্ঞপ্তিতে বলা হয়েছে।

বৈষম্যহীন সমাজ গঠন এবং মানুষের সব অধিকার নিশ্চিতে বৈষম্যবিরোধী আন্দোলনকে যুগান্তকারী মাইলফলক বলে উল্লেখ করা হয়েছে এতে। এ আন্দোলন সবার জন্য অমিত সম্ভাবনার দ্বার উন্মোচন করেছে উল্লেখ করে, এ অগ্রযাত্রায় ছাত্র-জনতা ও আপামর জনসাধারণের সঙ্গে কাঙ্ক্ষিত বাংলাদেশ গঠনে পুলিশ নিত্য সারথী হয়ে কাজ করতে বদ্ধপরিকর বলেও জানানো হয়।

বরখাস্ত নির্বাহী ম্যাজিস্ট্রেট উর্মির দেশত্যাগে নিষেধাজ্ঞা

ঢাকা অফিস

তাপসী তাবাসসুম

ফেসবুকে অন্তর্বর্তী সরকার ও প্রধান উপদেষ্টার বক্তব্য নিয়ে বিতর্কিত মন্তব্য করায় বরখাস্ত হওয়া সহকারী সচিব তাপসী তাবাসসুম উর্মিকে দেশত্যাগে নিষেধাজ্ঞা দিয়েছে সরকার। সোমবার জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের সিনিয়র সচিবকে এ বিষয়ে চিঠি দিয়ে অনুরোধ জানানো হয়েছে।

ফেসবুকে বিতর্কিত মন্তব্য করায় লালমনিরহাট জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশনার (সহকারী সচিব) তাপসী তাবাসসুম উর্মিকে এর আগে গত ৬ অক্টোবর বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে বদলি করা হয়। এরপর ৭ অক্টোবর তাকে সাময়িক বরখাস্ত করা হয়।

তার দেশত্যাগে নিষেধাজ্ঞা দিয়ে চিঠিতে বলা হয়, সোশ্যাল মিডিয়া ফেসবুকে তার আইডি 'Tapashee Tabassum Urmi' থেকে বর্তমান সরকারের বিরুদ্ধে আপত্তিকর বক্তব্য দেয়ায় তাকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থার কার্যক্রম চলমান রয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠানো চিঠিতে তাকে দেশত্যাগে নিষেধাজ্ঞা দেয়ায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

অন্তর্বর্তী সরকার ও প্রধান উপদেষ্টার বক্তব্য নিয়ে ফেসবুকে বিতর্কিত মন্তব্য করে সম্প্রতি আলোচনায় আসেন লালমনিরহাট জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট তাপসী তাবাসসুম উর্মি। তাপসী তাবাসসুম উর্মি ফেসবুকে লেখেন, 'সাংবিধানিক ভিত্তিহীন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা বলেছেন, রিসেট বাটনে পুশ করা হয়েছে। অতীত মুছে গেছে। রিসেট বাটনে ক্লিক করে দেশের সব অতীত ইতিহাস মুছে ফেলেছেন তিনি। এতই সহজ! কাউন্টডাউন শুরু হয়ে গেছে আপনার, মহাশয়।'

পরে স্ট্যাটাস বিষয়ে জানতে চাইলে উর্মি ইনডিপেনডেন্ট টেলিভিশনকে জানান, অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের এক বক্তব্যের জের ধরে তার এই প্রতিক্রিয়া।

নিজের স্ট্যাটাসের পক্ষে শক্ত অবস্থান নিয়ে তিনি বলেন, আমি পোস্ট দিয়েছি এটাই তো যথেষ্ট। অনলি মি করেছি, বিভিন্ন কারণে হতে পারে। এর জন্য যদি আমার চাকরি চলে যায়, আমার সমস্যা নাই। আমাদের জাতির পিতা বঙ্গবন্ধু, এটা মীমাংসিত সত্য।

জ্যামাইকায় ‘সেলিম-আলী’ পরিষদের নির্বাচনী সমাবেশ

বাংলাদেশ সোসাইটির নির্বাচন

উত্তর আমেরিকা অফিস

জ্যামাইকার আল আল আকসা পার্টি হলে ‘সেলিম-আলী’ প্যানেলের জ্যামাইকা নির্বাচন পরিচালনা কমিটি আয়োজিত নির্বাচনী সমাবেশ ১৩ অক্টোবর রোববার অনুষ্ঠিত হয়। অনিয়ম ও দুর্নীতিমুক্ত বাংলাদেশ সোসাইটি গড়ার অঙ্গীকারের মধ্য দিয়ে শুরু হয় পরিষদের নির্বাচনী সমাবেশ। নিউইয়র্কে বাংলাদেশ সোসাইটির আগামী ২৭ অক্টোবর অনুষ্ঠিতব্য নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী ‘সেলিম-আলী’ পরিষদ নির্বাচিত হলে ঐক্যবদ্ধ কমিউনিটি, মূলধারায় শক্ত অবস্থান ও বাংলাদেশ সেন্টার প্রতিষ্ঠা, নারীর ক্ষমতায়ন, নতুন প্রজন্মের সাথে সেতুবন্ধন সুদৃঢ় করে সোসাইটিকে আরো গণমুখি, কল্যাণকর ও জবাবদিহিতামূলক সর্বজনীন সংগঠনে রূপান্তরের প্রতিশ্রুতিও পুনর্ব্যক্ত করা হয়েছে সমাবেশ থেকে। প্যানেলটির প্রার্থীদের নির্বাচিত করতে ভোটারদের প্রতি আহ্বান জানানো হয় সমাবেশ থেকে।

'সেলিম-আলী’ প্যানেলের জ্যামাইকা নির্বাচন পরিচালনা কমিটির প্রধান সমন্বয়কারী ফখরুল ইসলাম দেলোয়ার, আহ্বায়ক আহসান হাবীব ও সদস্য সচিব রেজাউল আলম অপুর যৌথ পরিচালনায় এবং জ্যামাইকা নির্বাচন পরিচালনা কমিটির কর্মকর্তা এবিএম ওসমান গণির সভাপতিত্বে এ সমাবেশে বক্তব্য রাখেন কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক বিশিষ্ট ব্যবসায়ী শাহ নেওয়াজ, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনকের সভাপতি বদরুল হোসেন খান, বাংলাদেশ সোসাইটির সাবেক প্রধান নির্বাচন কমিশনার মোহাম্মদ হোসেন খান, সাবেক ভারপ্রাপ্ত সভাপতি আব্দুর রহিম হাওলাদার, কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটির প্রধান সমন্বয়কারী সোসাইটির সাবেক সিনিয়র সহ সভাপতি আজহারুল হক মিলন, যুগ্ম আহ্বায়ক কাজী শাখাওয়াত হোসেন আজম ও সদস্য সচিব কাজী তোফায়েল ইসলাম, কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটির উপদেষ্টা ছদরুল নূর, সরাফ সরকার, তৈয়বুর রহমান হারুন, শাহ শহীদুল হক, সভাপতি প্রার্থী আতাউর রহমান সেলিম, সিনিয়র সহ সভাপতি প্রার্থী মহিউদ্দিন দেওয়ান সহ সভাপতি কামরুজজামান কামরুল, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, সহ সাধারণ সম্পাদক আবুল কালাম ভুইয়া, কোষাধ্যক্ষ মফিজুল ইসলাম ভুইয়া রুমী, সাংগঠনিক সম্পাদক ডিউক খান, সাংস্কৃতিক সম্পাদক অনিক রাজ, ব্রুকলীন ও ওজনপার্ক নির্বাচন পরিচালনা কমিটির প্রধান সমন্বয়কারী নাঈম টুটুল, কমিউনিটি এক্টিভিস্ট সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ, ফারুক হোসেন মজুমদার, মিসবাহ আহমেদ, আহসান হাবীব, আকতার হোসেন, এবাদ চৌধুরী, ইসমাইল হোসেন স্বপন, এনায়েত মুন্সী, গহর কিনু চৌধুরী, আমীন মেহদৌ বাবু প্রমুখ।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান ও বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি আজমল হোসেন কুনু, মূলধারার রাজনীতিক মোরশেদ আলম, বাংলাদেশ সোসাইটির সাবেক ট্রাষ্টিবোর্ড সদস্য আলী ইমাম শিকদার, রিয়েল এস্টেট ইনভেস্টর নূরুল আজিম, কমিউনিটি এক্টিভিস্ট আব্দুল হাসিব মামুন, হাজী আবদুর রহমান, আবু তালেব চৌধুরী চান্দু, আলমগীর খান আলম, হারুন ভূইয়া, মামুন মিয়াজী, আবুল কাসেম, ওজনপার্ক নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক মকবুল রহিম চুনই, কাজী আসাদ উল্লাহ, হেলাল উদ্দিন, সিরাজুল ইসলাম লিপন, নওশাদ হায়দার প্রমুখ। সমাবেশে ‘সেলিম-আলী’ প্যানেলের কর্মী-সমর্থকরা ছাড়াও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন কার্যকরী সদস্য প্রার্থী মনসুর আহমেদ। দোয়া পরিচালনা করেন জ্যামাইকা মুসলিম সেন্টার (জেএমসি)-এর খতিব ও ইমাম মির্জা আবু জাফর বেগ। প্রবিত্র গীতা থেকে পাঠ করেন রিনা সাহা। এরপর বাংলাদেশ এবং যুক্তরাষ্ট্র এর জাতীয় সঙ্গীত পরিবেশন করা হয়।



GOLDEN AGE HOME CARE

Licensed Home Health Care Agency

সর্বাধিক জনপ্রিয় হোম হেল্‌থ কেয়ার এজেন্সী

হোম কেয়ার

HHA/PCA & CDPAP SERVICE

যারা হোম কেয়ার সার্ভিস পাচ্ছেন বাড়ী ভাড়া বাবদ সরকার থেকে প্রতিমাসে ৮০০ ডলার পেতে পারেন আজই যোগাযোগ করুন

প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে আপনজনকে সেবা দিয়ে অর্থ উপার্জন করুন

৫জি আনলিমিটেড ইন্টারনেটসহ স্যাংসাম গ্যালাক্সী ট্যাব সম্পূর্ণ ফ্রি

সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা

CALL: (718) 775-7852

SHAH NAWAZ MBA
President & CEO
Cell: 646-591-8396

Email: info@goldenagehomecare.com

Jackson Hts Office	Bronx Office	Yonkers Office	Jamaica Ave. Office
71-24 35th Avenue	831 Burke Avenue	558 E Kimball Ave	180-15 Jamaica Ave
Jackson Hts, NY 11372	Bronx, NY 10467	Yonkers, NY 10704	Jamaica, NY 11432
Ph: 718-775-7852	Ph: 347-449-5983	Ph: 718-844-4092	Ph: 718-785-6883
Fax: 917-396-4115	Fax: 347-275-9834	Fax: 917-396-4115	Fax: 917-396-4115

www.goldenagehomecare.com

জব জবহেল্প জব

JOB HELP & APPLICATION PROCESSING SERVICES

সরকারি জব	বেসরকারি জব	এপ্লিকেশন প্রসেসিং
১. পোস্টাল জব	১.কাস্টমার সার্ভিস	১.নিউ পাসপোর্ট/নবায়ন
২. সিটি জব	২.অফিস অ্যাডমিন	২. ডুয়েল সিটিজেনশিপ
৩.সিভিল সার্ভিস জব	৩.ম্যানুফ্যাকচারিং জব	৩.পাসপোর্ট কারেকশন
৪.ইউ,এস,এ জব	৪. ডেলিভারি জব	৪. ফুড স্ট্যাম্প
৫.এম,টি,এ জব	৫. রেস্টুরেন্ট জব	৫.NYC হাউজিং /এফোর্ডএবল
৬. আই,টি ইঞ্জিনিয়ার	৬. ট্রান্সপোর্টেশন জব	৬. মেইক রেজুমি /কভার লেটার

ট্রেনিং প্রোগ্রাম:

১।পোস্টাল জব (USPS)---(শনিবার–বৃহস্প তিবার)---------- (সঃ১০টা --বিঃ ৬টা)
২। ট্রাফিক এন.এজেন্ট ----------------------রবিবার -----------(বিঃ ২টা --বিঃ ৪টা)
৩।স্কুল সেফটি এজেন্ট -------------------মঙ্গলবার ------------(দু.:১২টা --বিঃ ২টা)
৪।বেসিক কম্পিউটার ------------------শনিবার------------(বিঃ৩ টা ---বিঃ ৫টা
৫।৬ঘন্টা ডি.ডি.সি (ডিফেন্সিভ ড্রাইভিং কোর্স)---------------(স: ১০টা --বিঃ ৬টা)
৬।ট্যুরস এন্ড ট্রাভেলস --(নায়গ্রাফলস/W .DC /PA/নিউ ইয়র্ক এর ২০ টি স্থানে 1/2/3/5 দিনের ভ্রমণ।

POSTAL JOB : (করণীয়):

১। একবার পাশ করলে ৫০টি স্টেটের যেকোনো স্টেটে জব নেয়া সম্ভব।
২। সব স্টেটে বেতন আউটডোর পজিশন 19.33/ঘণ্টা , ইনডোর পজিশন 20.05/ঘন্টা। পেনশন, প্রমোশন, ওভারটাইম, ছুটি, ইন্সুরেন্স, ইত্যাদি সকল সুবিধা বিদ্যমান।
৩। পরীক্ষায় খুব ভাল স্কোর নিয়ে পাশ করতে হয়।
৪। গ্রীন কার্ড /সিটিজেন (৫ বৎসরের রেসিডেন্স) বয়স কমপক্ষে ১৮ বৎসর ,উর্দ্ধসীমা নাই।
৫। এব্যাপারে এক্সাম এর জন্য "জব হেল্প "সেন্টারের সহযোগিতা নিতে পারেন।
৬। নিয়মিত জব সার্চ এর ব্যাপারে "জব হেল্প" থেকে প্রশিক্ষণ দেয়া হয়।
৭। একবার ফেল করলে বা ইমপ্রোভমেন্ট দিতে হলে ২ বৎসর অপেক্ষা করতে হয়।
৮। আবেদন দাখিলের পর নিয়মিত ই-মেইল চেক করতে হয়. ইন্টারভিউ, ড্রাগটেস্ট, এক্সেপ্ট/ডিক্লাইন , ব্যাক-গ্রাউন্ড চেক ও ফিঙ্গারপ্রিন্ট এর ব্যাপারে অত্র প্রতিষ্টান জব পাওয়ার পূর্ব পর্যন্ত সার্বিক সহযোগিতা দিয়ে থাকে।

Job Help –Mob: **917-500-3937** Off: PH/FAX: **917-300-6160**

148-45, Hillside Ave(2nd FL), Suite 203(A), Jamaica, NY 11435 By 'F' Train or BusQQ40,Q43,Q44,Q20A,Q20B to Sutphin Blvd.

জান্নাত ফার্মেসি

(জ্যাকসন হাইটসে সম্পূর্ন বাংলাদেশী মালিকাধীন প্রতিষ্ঠান)

GRAND RE-OPENING SALES

আপনার সেবায় আমরা নিয়োজিত
Now We Accept EBT, FOOD STAMP & OTC CARD
Bill Pay & Flexiload
Sim Activation
বাংলাদেশের ফোনে ফ্লেক্সিলোড

72-03 35th Ave, (Corner of 72nd St.) Jackson Heights, NY 11372
Tel: 718-732-4288, 718-835-2041, Fax: 718-732-4287,
Email: jannatpharmacy@gmail.com

ঔষধ সেবনের নির্দেশনা বাংলায় দেই
Free Delivery!
10% SENIOR DISCOUNT
Halal Vitamin & Supplements
5¢ Copy & $1 Fax
Phone Cards & Flexiload
Huge 99¢ Sections
Open: Monday – Saturday
10:00 am to 8:00 pm

উডসাইডে আপনাদের পাশে
Bismillah Pharmacy
6409 Broadway woodside
NY 11377
Phone 718-685-2017

জামাইকার সাটফিন বুলবার্ডে বাংলাদেশীদের সেবায় নিয়োজিত

আস্-সালাম ফার্মেসি

(সাটফিন বুলভাড, এফ ট্রেনের সাবওয়ে এবং তাজমহল রেস্টুরেন্টের নিকটে)
১৪৭-২৬, হিলসাইড এভিনিউ, জামাইকা, নিউইয়র্ক ১১৪৩৫

ফোন: ৭১৮-২৯১-০৭১৭

Akash Medical Care

আকাশ মেডিক্যাল কেয়ার

Akash Ferdaus MD
Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার	পায়ের ডাক্তার
Sudhesh Srivastava MD	Dr. M Nayeem
Cardiologist	Podiatric Surgeon

- Complete Physical & Follow up
- DMV/TLC, School Physical
- Flu Shots, Hajj & Umrah Vaccine
- Blood, Urine Test, EKG
- Immigration Physical
- Podiatric Surgery
- COVID Test & COVID Vaccine
- All Types of Vaccine

FOR APPOINTMENT
718-431-0009
Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218

ভ্যান্ডারবিল্ট বিশ্ববিদ্যালয়ের নতুন উপস্থিতি নিউইয়র্কে

বিশেষ প্রতিনিধি

নিউ ইয়র্ক সিটির অর্থনৈতিক সাফল্যের একটি গোপন রহস্য হলো শহরটি অত্যন্ত মেধাবী তরুণদের আকর্ষণ ধরে রাখা এবং উৎপাদনে সক্ষমতা। এই কারণে, শহরের উচ্চ খরচ সত্ত্বেও অনেক শীর্ষ নিয়োগকর্তা এখানে অবস্থান করছেন।

নিউইয়র্ক সিটিতে উপস্থিতি বাড়ানোর চেষ্টায় ভ্যান্ডারবিল্ট বিশ্ববিদ্যালয় ২৬ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে নিউইয়র্ক সিটিতে সম্প্রসারণের পরিকল্পনা ঘোষণা করেছে।ভ্যান্ডারবিল্ট বিশ্ববিদ্যালয় ম্যানহাটনের চেলসি এলাকায় অবস্থিত জেনারেল থিওলজিক্যাল সেমিনারির ঐতিহাসিক ক্যাম্পাসের জন্য ৯৯ বছরের লিজ চুক্তি স্বাক্ষর করেছে। লিজ চুক্তিটি ১৩টি ভবন এবং প্রায় ১,৫০,০০০ বর্গফুট জায়গা অন্তর্ভুক্ত। চেলসিতে ভ্যান্ডারবিল্টের উপস্থিতির ঘোষণাটি নিউ ইয়র্কের শিক্ষাগত মর্যাদা বৃদ্ধির একটি সুযোগ, যা স্নাতকদের একটি ধারাবাহিক প্রবাহ সরবরাহ করবে, যারা শহরের উন্নয়নে অবদান রাখতে সক্ষম হবে।

তবে আজকের হাইব্রিড কাজের যুগে নিউ ইয়র্ককে প্রতিভার প্রবাহ বজায় রাখতে আরও কাজ করতে হবে, যেখানে অন্যান্য শহরগুলো সাম্প্রতিক কলেজ স্নাতকদের জন্য বৈধ প্রতিযোগিতা সৃষ্টি করছে। একটি সুযোগ হলো এখানে একটি মর্যাদাপূর্ণ নতুন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা। এজন্যই গত মাসে চেলসিতে নতুন ভ্যান্ডারবিল্ট উপস্থিতির ঘোষণাটি সবার কাছে স্বাগত। নতুন একটি শীর্ষ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার মাধ্যমে নিউ ইয়র্কে প্রতিভাবান তরুণদের একটি ধারাবাহিক প্রবাহ নিশ্চিত হবে, যাদের অনেকেই স্নাতকোত্তরের পর শহরে থাকতে ইচ্ছুক।

নিউইয়র্কে ইতিমধ্যেই কয়েকটি অসাধারণ কলেজ ও বিশ্ববিদ্যালয় রয়েছে, যার মধ্যে সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (CUNY) অর্থনৈতিক গতিশীলতার একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র। কিন্তু সেন্টার ফর অ্যান আরবান ফিউচার থেকে সাম্প্রতিক বিশ্লেষণ অনুসারে, নিউ ইয়র্কে অন্যান্য বৈশ্বিক শহরের তুলনায় শীর্ষ বিশ্ববিদ্যালয়ের সংখ্যা কম। নিউ ইয়র্ক সিটিতে বিশ্বে ১০০ শীর্ষ বিশ্ববিদ্যালয়ের মধ্যে মাত্র দুটি কলেজ রয়েছে NYU এবং কলম্বিয়া। অন্যদিকে, লস অ্যাঞ্জেলেস এবং লন্ডনের প্রতিটি শহরে চারটি করে শীর্ষ বিশ্ববিদ্যালয় রয়েছে, আর বস্টন/কেমব্রিজ এবং হংকংয়ের প্রতিটি শহরে তিনটি।

নতুন বিশ্ববিদ্যালয়টি মধ্যবিত্তের চাকরি বৃদ্ধিতে সাহায্য করবে এবং বিভিন্ন শিল্পে, যেমন খুচরা, নির্মাণ, শিল্প, হোটেল, রিয়েল এস্টেট এবং উৎপাদন, মহামারী পরবর্তী কর্মসংস্থানের পতন কিছুটা কাটিয়ে উঠতে সাহায্য করবে। প্রকৃতপক্ষে, বেসরকারি কলেজ এবং বিশ্ববিদ্যালয়গুলি বর্তমানে ২০১৯ সালের তুলনায় ১৩,০০০ এর বেশি নিউ ইয়র্কারকে চাকরি দিয়েছে এবং গত ৩০ বছরে এই সংখ্যা ৬৫,৮০০ থেকে ১৪৩,৯০০-এ দ্বিগুণ হয়েছে।

ভ্যান্ডারবিল্ট বিশ্ববিদ্যালয়ের আগমন নিউইয়র্ক সিটির জন্য একটি বিরল সুযোগ, যা শিল্প, সরকারী নেতৃবৃন্দ এবং নাগরিক সংস্থাগুলির স্বাগত জানানো উচিত। ম্যানহাটনের কেন্দ্রে একটি নতুন বিশ্ববিদ্যালয় কেন্দ্র প্রতিষ্ঠা শহরের ভবিষ্যতের প্রতি একটি গুরুত্বপূর্ণ আত্মবিশ্বাসের ভোট এবং শহরের উজ্জ্বল দিনের জন্য একটি সংকেত।

তত্ত্বাবধায়ক সরকার ফেরাতে ফখরুলের রিভিউ আবেদন

ঢাকা অফিস

মির্জা ফখরুল

তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা ফেরাতে সংবিধানের ত্রয়োদশ সংশোধনী বাতিলের রায় রিভিউ (পুনর্বিবেচনা) চেয়ে আবেদন করেছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

গতকাল বুধবার এ তথ্য জানিয়েছেন আইনজীবী মোহাম্মদ শিশির মনির। তিনি বলেন, বৃহস্পতিবার (আজ) সংবাদ সম্মেলনে এ বিষয়ে বিস্তারিত তুলে ধরবেন সিনিয়র আইনজীবী জয়নুল আবেদীন।

এর আগে তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা প্রবর্তন করা সংবিধানের ত্রয়োদশ সংশোধনী বাতিলের রায় রিভিউ চেয়ে গত ২৭ আগস্ট আবেদন করেন সুশাসনের জন্য নাগরিকের (সুজন) সম্পাদক বদিউল আলম মজুমদারসহ পাঁচ বিশিষ্ট ব্যক্তি। অপর চার ব্যক্তি হলেন তোফায়েল আহমেদ, এম হাফিজ উদ্দিন খান, জোবাইরুল হক ভূঁইয়া ও জাহরা রহমান।

১৯৯৬ সালে ত্রয়োদশ সংশোধনীর মাধ্যমে সংবিধানে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা অন্তর্ভুক্ত হয়। এর বৈধতা নিয়ে রিট করলে ১৯৯৮ সালে রুল জারি করা হয়। রুল শুনানি শেষে ২০০৪ সালে ত্রয়োদশ সংশোধনীকে বৈধ ঘোষণা করা হয়।

২০০৫ সালে আপিল করে রিট আবেদনকারী পক্ষ। আপিল বিভাগ ২০১১ সালের ১০ মে সংখ্যাগরিষ্ঠ মতামতের ভিত্তিতে সংবিধানের ত্রয়োদশ সংশোধনী বাতিল ঘোষণা করে রায় দেন।

রায়ের পর তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বিলোপসহ বেশ কিছু বিষয় নিয়ে পঞ্চদশ সংশোধনী আইন জাতীয় সংসদে পাস হয়।

টম ডনলনের পদত্যাগের গুঞ্জন, আলোচনায় জেসিকা টিশ

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্ক সিটির অন্তর্বর্তীকালীন পুলিশ কমিশনার টম ডনলন পদত্যাগ করছেন বলে গুঞ্জন ছড়িয়ে পড়েছে। ইতিমধ্যে নতুন পুলিশ কমিশনারের নাম ঘোষণা এবং সম্ভাব্য প্রার্থীদের নিয়ে আলোচনাও শুরু হয়েছে। সিটি মেয়র এরিক অ্যাডামস আগামী সপ্তাহে নতুন পুলিশ কমিশনারের নাম ঘোষণা করবেন বলেও ধারণা করা হচ্ছে।

ডনলন সম্প্রতি তদন্তের মুখোমুখি হয়েছেন। যেখানে এফবিআই তার বাসভবনে গোপন নথিপত্র খোঁজার জন্য অভিযান চালিয়েছে। এফবিআই-এর সঙ্গে তার সম্পর্কের কারণে এ পরিস্থিতি সৃষ্টি হয়েছে এবং এ কারণে ডনলনের উপর চাপ বেড়ে গেছে।

এনওয়াইফিডির সাবেক গোয়েন্দা প্রধান রবার্ট বয়েস বলেন, আমরা অস্থিরতার মধ্যে আছি, তাই এখন শক্তিশালী নেতৃত্বের প্রয়োজন। মেয়র অ্যাডামস ডনলনের প্রশংসা করে বলেন, তিনি তার দায়িত্ব পালন করছেন এবং আমরা তার অবদানকে মূল্যায়ন করতে ভুলব না।

নতুন কমিশনারের জন্য আলোচনায় রয়েছেন বর্তমান স্যানিটেশন কমিশনার জেসিকা টিশ, যিনি পুলিশ বিভাগকে নেতৃত্ব দেওয়ার জন্য বিবেচিত হচ্ছেন। এর আগে তিনি তথ্য প্রযুক্তি বিভাগের ডেপুটি কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেছেন।

অন্যদিকে, মেয়র অ্যাডামস জননিরাপত্তার জন্য নতুন ডেপুটি মেয়রের নিয়োগের পরিকল্পনা করছেন, কারণ তার প্রশাসনে একাধিক পদত্যাগের ঘটনা ঘটেছে। ইতোমধ্যে, জননিরাপত্তার ডেপুটি মেয়র ফিল ব্যাঙ্কস এবং তার প্রথম ডেপুটি মেয়র শিনা রাইট পদত্যাগ করেছেন।

নতুন কমিশনারের নাম ঘোষণার মাধ্যমে প্রশাসনিক অস্থিরতা কাটানোর চেষ্টা চালিয়ে যাচ্ছে মেয়র অ্যাডামসের প্রশাসন। যা শহরের নিরাপত্তা ব্যবস্থার উপর নতুন আলো ফেলবে বলে আশা সংশ্লিষ্টদের।

এদিকে, ম্যানহাটনের প্রসিকিউটররা বর্তমানে মেয়রের প্রধান উপদেষ্টা ইনগ্রিড লুইস-মার্টিনের বিরুদ্ধে তদন্ত চালিয়ে যাচ্ছে, যা প্রশাসনের জন্য নতুন চ্যালেঞ্জ সৃষ্টি করছে। মেয়র অ্যাডামস তার দায়িত্ব পালনে দৃঢ় আছেন এবং বলেন, আমি কোনো ভুল করিনি এবং আমি মিথ্যার কাছে আত্মসমর্পণ করব না।

নতুন কমিশনারের নাম ঘোষণার মাধ্যমে প্রশাসনিক অস্থিরতা কাটানোর চেষ্টা চালিয়ে যাচ্ছে মেয়র অ্যাডামসের প্রশাসন। যা শহরের নিরাপত্তা ব্যবস্থার উপর নতুন আলো ফেলবে বলে আশা সংশ্লিষ্টদের।

নিউইয়র্কে ন্যায়বিচারের সুযোগ প্রসারণের সময় এসেছে

অ্যাটর্নি লেটিশা জেমস

এইচ বি রিতা

নিউ ইয়র্কে বর্তমানে এক মিলিয়নেরও বেশি মামলা জমে রয়েছে, যার কারণে অসংখ্য মানুষ ন্যায়বিচার পেতে বিলম্বের শিকার হচ্ছেন। অ্যাটর্নি জেনারেল লেটিশা জেমস, সিনেটর ব্র্যাড হয়লম্যান-সিগাল এবং অ্যাসেম্বলি সদস্য অ্যালেক্স বোরেস এই সংকট সমাধানে ১৮৪৬ সালের সংবিধানের একটি ধারার সংশোধনের দাবি জানিয়েছেন, যা রাজ্যের সুপ্রিম কোর্টে বিচারকের সংখ্যা বাড়াতে বাধা সৃষ্টি করছে।

লেটিশা জেমস বলেন, "নিউ ইয়র্কের মানুষ বিচার প্রক্রিয়ার বিলম্বের কারণে ব্যাপকভাবে ভুগছেন। সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছেন তারা, যারা জামিনের অযোগ্য এবং বছরের পর বছর জেলে থাকছেন আদালতে বিচার পাওয়ার জন্য। যদিও বেশিরভাগ মানুষ অপরাধমূলক মামলার বিলম্বের দিকে নজর দেন, কিন্তু সিভিল মামলায় বিলম্ব আরও প্রকট, যা বিভিন্ন শ্রেণির মানুষকে ভয়াবহ পরিস্থিতির মুখোমুখি করছে। বিবাহ বিচ্ছেদের মামলার বিলম্বে পরিবারগুলোর মধ্যে বিভেদ তৈরি হচ্ছে। দীর্ঘ অপেক্ষার ফলে আহতদের ক্ষতিপূরণ পাওয়ার প্রক্রিয়া বিলম্বিত হচ্ছে। ব্যবসায়িক বিরোধের ধীরগতির সমাধান নিউইয়র্কের অর্থনীতির উপর নেতিবাচক প্রভাব ফেলছে, কারণ এটি অর্থনৈতিক কর্মকাণ্ডকে বাধাগ্রস্ত করে। নিউ ইয়র্কের যেকোনো মানুষই আদালত ব্যবস্থার সাথে যুক্ত হয়ে দীর্ঘ, জটিল এবং বিলম্বিত বিচার প্রক্রিয়ায় হতাশ হয়ে পড়ছেন। বর্তমান অবস্থা অগ্রহণযোগ্য এবং আমাদের এখনই পদক্ষেপ নিতে হবে, কারণ ন্যায়বিচারের বিলম্ব, ন্যায়বিচার থেকে বঞ্চিত হওয়ার শামিল।"

নিউ ইয়র্কের সংবিধানের একটি প্রাচীন ধারা অনুযায়ী, স্টেট সুপ্রিম কোর্টে বিচারকের সংখ্যা প্রতি ৫০,০০০ বাসিন্দার জন্য একজন বিচারক হিসেবে নির্ধারিত হয়েছে। এই "ক্যাপ" প্রথমবার ১৮৪৬ সালে প্রণয়ন করা হয়েছিল এবং ১৯৬০-এর দশক থেকে এটি অপরিবর্তিত রয়েছে। তখনকার তুলনায় বর্তমানে মামলার সংখ্যা তিনগুণ বেশি হওয়া সত্ত্বেও, এই ধারাটি কোনো পরিবর্তন করা হয়নি। এদিকে মামলার সংখ্যা বেড়ে যাওয়ায় বিচারকের ঘাটতি এবং মামলা নিষ্পত্তিতে দীর্ঘ বিলম্ব তৈরি হচ্ছে।বিশেষত ব্রঙ্কস, ক্যাপিটাল ডিস্ট্রিক্ট এবং ম্যানহাটনে এই সংকট প্রকট। এখানে বিচারকের সংখ্যা সীমাবদ্ধ থাকায়, একটি ম্যানহাটন সুপ্রিম কোর্ট বিচারকের প্রতিদিন ২৫০০ মামলার দায়িত্ব থাকে এবং ৪০০টিরও বেশি মুলতুবি আবেদন থাকে।

লেটিশা জেমস বলেন, "যথেষ্ট সংখ্যক বিচারক না থাকার কারণে, আদালত প্রশাসকরা অস্থায়ী সমাধান হিসেবে অন্যান্য আদালত থেকে অস্থায়ী বিচারক নিয়োগ করছেন, যারা বিরোধ মীমাংসার জন্য কাজ করছেন। তবে, এই ধরনের অস্থায়ী সমাধানের ওপর নির্ভর না করে আমাদের উচিত সমস্যার মূল কারণের দিকে নজর দেওয়া এবং প্রাচীন ও অযৌক্তিক এই সীমাবদ্ধতা (ক্যাপ) সম্পূর্ণরূপে বাতিল করা।"

তিনি জানান, নিউ ইয়র্কের আদালত ব্যবস্থার সাথে যুক্ত প্রতিটি শ্রেণীর প্রতিনিধিত্বকারী বিভিন্ন সংগঠন—ভাল সরকারী সংগঠন, ব্যবসায়িক সংগঠন, সিটি বার অ্যাসোসিয়েশন, প্রসিকিউটর এবং প্রতিরক্ষাকারীরা—একত্রিত হয়েছে নিউ ইয়র্ক স্টেটের সংবিধান সংশোধনের জন্য, যাতে স্টেট সুপ্রিম কোর্টের বিচারকের সংখ্যা সম্পর্কে অযৌক্তিক সীমাবদ্ধতা (ক্যাপ) মুছে ফেলা যায়। এমনকি নিউ ইয়র্ক স্টেটের প্রধান বিচারপতি রোয়ান উইলসনও এই সংবিধান সংস্কারের পক্ষে মত দিয়েছেন।

লেটিশা জেমস বলেন, "সেনেট এবং অ্যাসেম্বলি এই বছর প্রয়োজনীয় আইন পাস করেছে, যা সেনেটের বিচার বিভাগীয় কমিটির চেয়ারম্যান সেনেটর হোয়েলম্যান-সিগাল এবং অ্যাসেম্বলি সদস্য বোরেস দ্বারা প্রবর্তিত হয়েছিল, তবে এই আইনটি আগামী বছর আবার পাস হতে হবে এবং তারপরে স্টেটব্যাপী রেফারেন্ডামে ভোটারদের দ্বারা অনুমোদিত হতে হবে।"

তিনি আরো বলেন, "নিউ ইয়র্কের বিচারব্যবস্থায় ইতিমধ্যে কতজন নাগরিক ক্ষতির শিকার হয়েছে তা নির্ধারণ করা সম্ভব নয়। যদিও আমরা এই সীমাবদ্ধতার কারণে এখনও পর্যন্ত যে ক্ষতিগুলি হয়েছে তার প্রতিকার করতে পারিনি, তবুও নিউ ইয়র্কের প্রতিটি নাগরিকের ন্যায়বিচারের জন্য এই অযৌক্তিক ক্যাপটি মুছে ফেলা আমাদের দায়িত্ব, এবং সবার জন্য ন্যায়বিচারের দিকে একটি পদক্ষেপ এগিয়ে যেতে হবে।"

চিটাগাং এসোসিয়েশন অব নর্থ আমেরিকা ইন্‌ক
CHITTAGONG ASSOCIATION OF NORTH AMERICA INC.

545 MCDONALD AVE BROOKLYN, NY 11218

নির্বাচন কমিশন | ELECTION COMMISSION

ELECTION 2024 RULES AND VOTING CENTER

ELECTION DATE: SUNDAY, 20 OCTOBER 2024

CENTER	NAME AND ADDRESS	HOURS	AREAS
BROOKLYN CENTER:	**PS 179** 202 Ave C Brooklyn, NY 11218.	9 AM - 7PM	**New York:** All of Brooklyn, Ozone Park, Staten Island, Manhattan, Buffalo, Florida, and All the voters with missing addresses from the Voter List. **New Jersey:** Iselin, Elizabeth, Edison.
QUEENS CENTER	**IKRA PARTY CENTER** 89-16 175th St, Jamaica, NY 11432.	9 AM - 7PM	**New York:** Queens, Bronx, All City's in Long Island. New Jersey: Jersey City, Paterson, Haledon, Detroit, Wharton, Wayne, Clifton, Cranford.
CONNECTICUT CENTER	**SUPER 8 STAMFORD** 32 Grenhart Rd, Stamford CT 06902.	10 AM - 6PM	**CT:** All Connecticut City
PENNSYLVANIA CENTER	**Masjid Al-Madinah -** Upper Darby Islamic Center 201 S 69th Street, Upper Darby, PA 19082.	10 AM - 6PM	**Pennsylvania:** All cities of Pennsylvania Other States: Delaware, Maryland, and Virginia **NJ:** Atlantic City, Maysland, Ventnor, Northfield, Brivantine (Brigantine,Clementon, Cherry Hill, Hamilton, WEST Berlin, Blackwoods, Roebling, Marlton, Westville, Lumberton, Borden Town, Gloucester City, Voorhees, Collings Ave, Port Monmorly, Burlington, Sicklville, Wenorah, Bellmawr, Woodbury, Runnimade, Burlington,Mount holly, Yard vill, Hamilton, Kenilworth, Old Bridge, South Amboy, New Jersey (Howell).

ELECTION RULES 2024

1. The vote will be conducted based on the voter list provided by the executive committee.
2. Name must be on the list to run for an Executive Position in the upcoming election
3. Voters must show proper identification to cast their ballot (no exceptions). The acceptable IDs will be Driver's Licenses (US Only), Non-Driver IDs (US Only), Passports (US or Bangladeshi), Green Cards with proof of address (Utility Bills or any other form of documentation), USCIS issued Works Authorizations, and any other acceptable IDs. Student IDs, employment IDs, and Social Security will not be accepted as valid identifications.
4. Only one candidate should be allowed to run for one position. If the same candidate decides to submit nominations for multiple positions, all submitted nominations will be rejected, and no appeal will be allowed in this case.
5. The voting will be conducted using secret balloting, and voters must physically be present at the voting centers to cast their ballots. The ballot should be deposited in the ballot box before the presiding officer.
6. The decision made by the election commission should be considered final in all cases.
7. The fee for the nomination form is $100(nonrefundable).
8. The candidate(s) should be able to run individually or as part of a panel. The candidate(s) must be present before the election commission to submit the nomination. The election commission will decide how the names on the ballot are arranged.
9. The final candidates list will be published in new media and on the association's notice board.
10. The Candidate(s) must submit a written complaint with the following fee to request a recount.
a. $2500 for 1000+ voters
b. $2000 for 500-999 Voters
c. $1500 for 1-499 voters
11. The nomination form must be filled out clearly. If the information is not correct and readable, the nomination might be rejected. The candidate must submit the original nomination form that the commission has sealed and signed.
12. Each panel and independent candidate will be able to nominate agent(s) based on the rules set by the election commission.
13. The panels should be able to collect rules and regulations for casting ballots and will be able to provide them to voters for educational purposes.
14. Using sound enhancers, speakers, and any other instrument to produce loud sounds is strictly prohibited near polling places.
15. To maintain law and order, the law enforcement agency will be notified in case of disturbances by any candidate (s) or their supporter(s).
16. No signs will be allowed for the election, but pictures will be allowed. If manual ballots are used, the voters will use either a (√) or (X) to cast their votes. Specific procedures will be provided if Electronic Voting Machines are used.
17. The election commission may appoint observers to each center to ensure the election is run correctly. The observers will only be able to observe the election as a neutral body. They will be prohibited from campaigning for any candidate(s)/panel(s), giving any opinion, criticizing, and/or directing election staff to do anything.
18. If the result cannot be declared at the center, the remaining work will be completed at the Association's office. The Election Commission will inform all the parties about this.
19. The Election Commission will appoint Presiding and Polling Officers. They could be members or non-members of the Association.

NB: If you have requested a center change, please make sure to go to that center, as you will not be able to vote at your primary center. If you're unsure about your assigned center, please check with the Election Commission.

Sheikh M Khalid
Chife Election Commissioner
718-316-1374

Shahab Uddin Sagor *Election Commissioner* *917-353-9321*	***Mohammed A Hannan Chowdhury*** *Election Commissioner* *917-669-4034*	***Mohammed Salim*** *Election Commissioner* *917-691-7721*	***Ruhul Amin*** *Election Commissioner* *347-633-8625*

ELECTION DAY RULES

1. **Presiding Officer's Authority**
The Presiding Officer at each center will have the primary decision-making authority. For complex cases, the Election Commission will be available for assistance.
2. **Instantaneous Rule Creation**
The Presiding Officer may establish immediate rules to maintain a proper election environment. All candidates and voters are required to comply with these rules.
3. **ID Verification**
Multiple checkpoints will verify voter IDs:
a. Security Checkpoint: Ensures everyone has their ID ready in hand.
b. Polling Officer: Verifies the ID against the voter list to confirm eligibility.
c. Voting Company: A secondary ID check may be conducted based on the voting collection process.
4. **Candidates' Presence Inside the Voting Center**
Once candidates cast their vote, they are not permitted to remain inside the voting center unless the Presiding Officer grants permission for a valid reason.
5. **Agent Nomination Restriction**
Candidates cannot nominate themselves to act as an agent.
6. **Ballot Counting Observation**
Only the Presiding Officer, Polling Officer, Election Commissioners, and designated Agents can observe the vote-counting process. Only authorized Election Commission personnel will be permitted to handle the ballots.
7. **Communication Device Prohibition**
Cell phone use or other communication devices during the vote-counting process is strictly prohibited. Violators will be asked to leave the premises and not be allowed to return.
8. **Rule Adjustments**
The Election Commission may adopt and publish new rules to ensure the smooth running of the election process.
9. **Authorized Persons for Election Day**
Authorized individuals for each panel and independent candidate may be nominated as follows
a. Panel:
I. Agents:
o Queens and Brooklyn: 3 agents per center (2 allowed at a time).
o PA and CT: 2 agents per center (1 allowed at a time).
ii. Authorized Person (for communication with EC personnel):
o Queens and Brooklyn: 2 percenter (1 allowed at a time).
o PA and CT: 1 per center.
b. Independent Candidate:
o one agent and one authorized person for each center.
10. **Agent and Authorized Person Presence**
Agents may remain inside the voting center during election hours. Authorized people, however, may stay up to 30 minutes or the time needed to complete their interaction with EC personnel.
11. **Voter Interference**
Any form of voter interference, including solicitation of votes or promotion of candidates, is strictly prohibited inside the voting center. Violators will be removed and will not be allowed to return. The Presiding Officer's decision in these matters is final.
12. **Challenging Voter Identity**
Agents may challenge voters' identities but cannot request physical IDs directly. Only Election Commission-authorized personnel are allowed to handle ID verification.
13. **Challenge Protests and Fines**
Agents must carefully evaluate before challenging a voter. Agents found to be making excessive, unsuccessful challenges will face penalties. After the first three failed challenges, a fine of $50 (paid in cash to the Presiding Officer) will be imposed. Subsequent unsuccessful challenges will incur a $50 fine each time.
14. **Priority Access:**
o. Voters with visible or declared disabilities will be given priority access to the voting process. This includes the option to avoid waiting in line.
o. Presiding officers at each voting center will ensure that priority lanes or seating arrangements are available to accommodate these voters.
o. Voters needing priority access should make their needs known to the presiding officer or staff upon arrival.
15. **Assistance for Voters:**
o If a voter requires assistance due to physical limitations, lack of computer knowledge, or other challenges that impact their ability to vote independently, the voting company's support people will be there to help. They may be allowed to bring an assistant into the voting area if they still need assistance.
o The presiding officer can approve such assistance on a case-by-case basis.
o The assistant's role is strictly to aid the voter in understanding and operating the voting equipment or process. They are not permitted to influence the voter's decision in any way.
o The voter and assistant will be asked to sign a declaration form confirming the need for assistance and acknowledging that no coercion is involved.

PUBLISHED BY: ELECTION COMMISSION

LEGAL NETWORK INTERNATIONAL, LLC

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

ইমিগ্রেশন/ এসাইলাম সেন্টার: গ্রিন কার্ড ও নাগরিকত্ব

অর্ধ শতাধিক ATTORNEY এবং CPA দের সমন্বয়ে গড়া

ALL SERVICE PROVIDED BY ATTORNEYS ADMITTED IN STATE & FEDERAL COURT, CPA, P.E ARCHITECT AND LICENSED PROFESSIONALS.

৩৭-৪৮-৭২ স্ট্রিট ২ তালা জ্যাকসন হাইটস নিউ ইয়র্ক ১১৩৭২
ফোন: ৯১৭-৭২২-১৪০৫,৯১৭-৭২২-১৪৮
www.legalnetworkusa.com

BANGLADESH SOCIETY INC, ELECTION 2024
বাংলাদেশ সোসাইটি ইন্‌ক
নির্বাচন ২৭ অক্টোবর ২০২৪
আমাদের প্রতিশ্রুতি কমিউনিটিকে ঐক্যবদ্ধ করে মূলধারায় শক্ত অবস্থান প্রতিষ্ঠা, নতুন প্রজন্মের সাথে বাংলাদেশ সোসাইটির সেতুবন্ধন সুদৃঢ় করে সোসাইটিকে আরো গণমুখী, কল্যাণকর ও জবাবদিহিতামূলক সার্বজনীন সংগঠনে রূপান্তর করা
সেলিম-আলী
পরিষদে ভোট দিন
A1
আতাউর রহমান সেলিম
সভাপতি
Athaur Rahman Salim
President
A4
মোহাম্মদ আলী
সাধারণ সম্পাদক
Mohammad Ali
General Secretary
A2
মোঃ মহিউদ্দিন দেওয়ান
সিনিয়র সহ-সভাপতি
Md. Mohiuddin Dewan
Senior Vice President
A3
কামরুজ্জামান কামরুল
সহ-সভাপতি
Mohammad Kamruz Zamani
Vice President
A5
আবুল কালাম ভুইয়া
সহ-সাধারণ সম্পাদক
Abul Kalam Bhulyan
Asst. General Secretary
A6
মফিজুল ইসলাম ভুইয়া (রুমি)
কোষাধ্যক্ষ
Mafijul Islam Bhulyan (Rome)
Treasurer
A7
ডিউক খান
সাংগঠনিক সম্পাদক
MD Z.H. Khan (Duke Khan)
Organizing Secretary
A8
অনিক রাজ
সাংস্কৃতিক সম্পাদক
Mostofa A. Raj
Cultural Secretary
নির্বাচিত
রিজু মোহাম্মদ
জন সংযোগ ও প্রচার সম্পাদক
Rezu Mohammed
Public & Publicity Secretary
A10
জামিল আনসারী
সমাজকল্যাণ সম্পাদক
Md. Jamil Ansary
Social Welfare Secretary
A11
মোঃ আক্তার বাবুল
সাহিত্য সম্পাদক
Mohammed A. Akhter
Literary Secretary
A12
আশ্রাব আলী লিটন
ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক
Md. Asrab Ali Khan
Sports & Entertainment Sec
A13
মোহাম্মদ হাসান (জিলানী)
স্কুল ও শিক্ষা সম্পাদক
Mohammed Hassan
School & Education Sec
A14
মোঃ সিদ্দিক পাটওয়ারী
কার্যকরী সদস্য
Md. A. Siddique
Executive Member
A15
হারুন চেয়ারম্যান
কার্যকরী সদস্য
Harun Chairman
Executive Member
A16
আবুল কাশেম চৌধুরী
কার্যকরী সদস্য
Abul Kashem Chowdhury
Executive Member
A17
জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী
কার্যকরী সদস্য
Jahangir Shahid Suhrawardhy
Executive Member
A18
মুনসুর আহমেদ
কার্যকরী সদস্য
Mansur Ahammad
Executive Member
সেলিম-আলী পরিষদে
আপনার ভোট দিন
PLEASE VOTE FOR SELIM-ALI PANEL
প্রচারে: সেলিম-আলী নির্বাচন পরিচালনা কমিটি
A19
হাসান খান
কার্যকরী সদস্য
Hasan Khan
Executive Member
PLEASE CAST YOUR VOTE IN FIRST ROW (A1 to A19) FOR SELIM-ALI PANEL

পার্কচেস্টার ব্রঙ্কস রিয়েলিটির তৃতীয় শাখার উদ্বোধন

উত্তর আমেরিকা ডেস্ক

নিউইয়র্ক সিটিতে বাংলাদেশী অধ্যুষিত ব্রঙ্কসের ক্যাসেল হিলে পার্কচেস্টার ব্রঙ্কস রিয়েলিটি'র তৃতীয় শাখার উদ্বোধন হয়েছে। ১১ অক্টোবর শুক্রবার শুক্রবার বাদ জুমা মিলাদ ও দোয়া'র মাধ্যমে অফিসের উদ্বোধন করে মসজিদ বিলালের মাওলানা মুঈনুল ইসলাম। এ সময় বাংলাবাজার জামে মসজিদের ইমাম মাওলানা আবুল কাসেম ইয়াহিয়া সহ কমিউনিটির বিভিন্ন মসজিদের ইমাম সহ বহু গণ্যমান্য ব্যক্তি এসময় উপস্থিত ছিলেন।

প্রতিষ্ঠানের ব্রোকার শরীফুল ইসলাম বলেন, গত ২৫ বছর যাবত আমরা রিয়েল এস্টেট সেক্টরে প্রবাসী বাংলাদেশী সহ বিভিন্ন দেশের মানুষের সেবা দিয়ে আসছি। পার্কচেস্টার কনডোমিনিয়াম কমপ্লেক্স আমাদের দু'টি অফিস রয়েছে। গ্রাহকদের ক্রমবর্ধমান চাহিদার পরিপ্রেক্ষিতে এবং অধিকতর সেবা প্রদানের লক্ষ্যে ২১২২ বি ক্যাসেল হিল এভিনিউ ঠিকানা'য় আমরা আমাদের তৃতীয় শাখার উদ্বোধন করেছি। আশা করি আগামীতে আমাদের গ্রাহকদের আরো অধিকতর সেবা দিতে পারবো।

প্রতিষ্ঠানের অন্যতম স্বত্বাধিকারী সালেহ উদ্দিন জানান, এতদিন আমাদের বেশীর কর্মকান্ড কনডোমিনিয়াম বিক্রির মধ্যে সীমাবদ্ধ থাকলেও এখন আমরা আরো বেশী করে প্রাইভেট হাউজ কেনা বেচার সিদ্ধান্ত নিয়েছি। অনেক নুতন নুতন এজেন্ট আমাদের এখানে যোগ দিয়েছেন। এজন্য আমাদের নতুন অফিসের প্রয়োজনীয়তা দেখা দেয়ায় ক্যাসেল হিল সাবওয়ে সংলগ্ন এই অফিস আমরা উদ্বোধন করেছি।

প্রতিষ্ঠানে কর্মরত রিয়েল এস্টেট এজেন্ট এমাদ আহমেদ সানি বলেন, আমাদের এখানে রিয়েল এস্টেট সেবা ছাড়াও প্রপার্টি ম্যানেজমেন্ট, হোম এন্ড টারমাইট ইন্সপেকশন, নোটারী পাবলিক, এপ্রাইজাল, মর্টগেজ, একাউন্টিং এবং ট্যা· সার্ভিস, ল্যান্ডলর্ড এন্ড ট্যানেন্ট ইস্যু, টাইটেল ইস্যু, ফরক্লোজার, শর্ট এন্ড এস্টেট সেল সহ অন্যান্য সার্ভিস রয়েছে তিনি প্রবাসী বাংলাদেশীদের এই সেবা গ্রহনের আহবান জানান।

উল্লেখ্য, পার্কচেস্টার ব্রঙ্কস রিয়েলিটি-তে রবার্ট ক্যাস্টালিও, হাবিব রহমান, জন পালমা, মোহাম্মদ মুন্সী সহ আরো অনেক সেলস পার্সন প্রবাসীদের সেবা দেয়ার জন্য কর্মরত রয়েছেন।

আমেরিকা বাংলাদেশ চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির বার্ষিক সাধারণ সভা

উত্তর আমেরিকা অফিস

আমেরিকা বাংলাদেশ চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির বার্ষিক সাধারণ সভা ২০২৪ অনুষ্ঠিত হয়েছে। বুধবার সন্ধ্যায় জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি সেন্টারে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় আমেরিকা বাংলাদেশ চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির কমিটি গঠন, 'জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন'-এর জন্য বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুসের কাছে ১ কোটি টাকার চেক হস্তান্তর, বাংলাদেশে একটি বাণিজ্য মিশন আয়োজন এবং আগামী ২৩ ডিসেম্বর ঢাকার হোটেল শেরাটনে একটি ব্যবসায়িক নেটওয়ার্কিং ডিনারসহ বিবিধ বিষয়ে উন্মুক্ত আলোচনা করা হয়। এসময় বাংলাদেশ চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির চেয়ারম্যান গিয়াস আহমেদ, সভাপতি আসেফ বারী, সাধারণ সম্পাদক ফাহাদ

সোলায়মানসহ চেম্বারের অন্যান্য নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন। আমেরিকা বাংলাদেশ চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি মূলধারার আমেরিকান ব্যবসায়ী, প্রবাসী বাংলাদেশি ব্যবসায়ী এবং পেশাজীবীদের নিয়ে গঠিত একটি ব্যবসায়ী সংগঠন। যারা বাংলাদেশে এবং বিদেশে বিনিয়োগ ও ব্যবসা উন্নয়নের সুযোগ তৈরি করে।

PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005
EARN 100K TO 200K PER YEAR
• Selenium Automation Testing
• SQL Server Database Administration
• Business Analyst
PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.
Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu
Washington University of Science and Technology
Authorized Employment Agency by:
NYC Consumer and Worker Protection
Certified Training Institute by:
If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us
1-855-JOB-PIIT(1-855-562-7448)
www.piit.us

একসিডেন্ট ও ইনজুরি কেইসেস
অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত
আইনী প্রতিষ্ঠান
LAW OFFICES OF
SURDEZ & PEREZ, P.C.
SURDEZ & PEREZ, P.C.
We Specialize in Personal Injury and Negligence Cases
Call us:
718-482-7766, 917-562-1368
প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে
পরামর্শের জন্য ফি লাগে না
Free Consultation
কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি
আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:
• গাড়ী দুর্ঘটনা
• বাস,ট্রেন অথবা মোটর সাইকেল
• ব্রেইন ইনজুরি
• এলিভেটর একসিডেন্ট
• স্কুল লায়াবিলিটি
• খেলার মাঠে দুর্ঘটনা
• বার্ণ ইনজুরি
• নির্মাণ কাজে দুর্ঘটনা
• পিছলে পড়ে গেলে
• লেড পয়জনিং
• কুকুর কামড়ালে
• ডাক্তারের ভুল চিকিৎসা
আমাদের বৈশিষ্ট্যসমূহ:
অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্ণী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা
যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন
Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com
32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103
www.surdezperezlaw.com

Immigrant Elder Home Care LLC
হোম কেয়ার
ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে অর্থ উপার্জন করুন
$২১ প্রতি ঘন্টা
নিউইয়র্ক ষ্টেটের হেলথ ডিপার্টমেন্টের সিডিপেপ/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা শ্বশুড়-শ্বাশুড়ী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।
কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।
আজই যোগাযোগ করুন:
গিয়াস আহমেদ, চেয়ারম্যান / সিইও /৯১৭-৭৪৪-৭৩০৮
Corporate Office
37-05 74st, 2nd Fl
Jackson Heights, NY 11372
917-744-7308, 718-457-0813
Long Island Office
1 Blacksmith Lane
Dix Hill, NY 11731
718-406-5549
Bronx Office
2148 Starling Ave.
Bronx, NY 10462
917-744-7308, 718-457-0813
Ozone Park Office
175 B Forbell Street
Brooklyn, NY 11208
Tel: 917-744-7308
Buffalo Office
642 Walden Avenue
Buffalo, NY 14211
Tel: 347-837-1162

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

YOUR DREAM HOME CARE

Get paid to take care of your loved ones

আপনার বিশ্বস্ত হোম কেয়ার এজেন্সী

37-18, 73 Street, Suite # 402, Jackson Heights, NY 11372

718-874-0047

Email:info@yourdreamhomecare.com
www.yourdreamhomecare.com

Contact with us
718-874-0047
Email:
info@yourdreamhomecare.com

নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ-এর (CDPAP) প্রোগ্রামের অধীনে কোনো HHA সার্টিফিকেশন ছাড়াই হোম কেয়ারের মাধ্যমে ঘরে বসেই আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ি, আত্মীয়-স্বজন, প্রতিবেশী ও প্রিয়জনদের সেবা দিয়ে আপনি প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন এবং সেবা প্রদানকারীকে নির্বাচন করতে পারেন।

M AZIZ
CEO & President
Your Dream Home Care
Ex-President & Chairman
Board of Trustee
Bangladesh Society Inc. USA

প্রতি সোম, বুধ ও শুক্রবার বাসা ভাড়া, মেডিকেইড ও ফুড স্ট্যাম্পের আবেদনে আমরা সহায়তা করি।

পারিবারিক স্বাস্থ্যসেবা সম্পর্কে বিস্তারিত জানতে যোগাযোগ করুন

Head Office
37-18, 73 Street, Suite # 402
Jackson Heights, NY 11372
(718) 874-0047, 917-560-0129

- এ কাজের জন্য প্রশিক্ষণের প্রয়োজন নাই।
- আমরা কোনো ফি নেই না।
- আপনার প্রিয়জনের সমস্ত খরচ মেডিকেইড বহন করবে এবং এটি সম্পূর্ণ আইনসম্মত।
- কেইস ট্রান্সফারের মাধ্যমে বেশি অর্থ উপার্জন করুন।

Jamaica Office:
168-47 Hillside Ave, 2nd Floor
Jamaica, NY 11432
(929) 400-4785, (718)874-0047

Sutphin Branch
Mohammad Khair(Director)
97-01 Sutphin, Blvd
Jamaica NY 11435
(929)-225-0746, (718) 755-0153
(718) 718-874-0047

Ozone Park Office
7721-101 Ave. Ozone Park
New York 11416
(718) 874-0047, 347-771-0115

Ozone Park Office
720 Liberty Ave, Brooklyn NY 11208
(646) 500-1657, (718)874-0047

1088 Liberty Avenue,
Brooklyn NY 11208
(929) 283-8432

Fulton Office:
584 Nostrand Ave. NY 11216
(646) 5001657

Bronx Office
2140 Starling Ave.
Bronx, NY 10462
917-391-4841, 718-874-0047 (Office)
Fax 718-874-0069

Bangladesh Plaza
3105 Bally Ave. Buffalo NY 14215
(347) 357-4252, (347) 520-9699

Buffalo Office:
1155 Broadway Buffalo, NY 14212
(347) 335-3617, (718) 874-0047

1299 Harlam Road
Buffalo, NY 14094
(716) 400 1446

Albany Office
114 Quail St. Albany, NY 12203
518-379-5496, 518-243-9096
718-864-2061

জ্যাকসন হাইটসের প্রাণ কেন্দ্রে

সবধরণের ইমিগ্রেশন সমস্যায়

KHAIRUL BASHAR LAW OFFICES

দীর্ঘ অভিজ্ঞতা সম্পন্ন এটর্নি

KHAIRUL BASHAR, MBA.LL.M.
ATTORNEY AT LAW

আমরা যেসব বিষয়ে পরামর্শ দিয়ে থাকি

- ফ্যামিলি ইমিগ্রেশন ও সিটিজেনশিপ
- এসাইলাম ও ডিপোর্টেশন ডিফেন্স
- ওয়েভারস (1-601, 1-601A & 1-212)
- বর্ডারে গ্রেফতার, ডিটেনশন ও বন্ড
- আপিল ও রিট অব ম্যান্ডামাস
- U ভিসা, VAWA & SIJS
- EB-1 EB-2 NIW & EB-3
- বিজনেস ও বিনিয়োগ বিষয়ক ইমিগ্রেশন
- কন্স্যুলার প্রসেসিং ও 221(g) ভিসা রিফিউজাল

CALL NOW
(718) 775-8509 - (212) 464-8620

আমাদের সাথে যোগাযোগ করুন

7232 Broadway, Suite 301-302
Jackson Heights, NY 11372
Khairul@basharlaw.com

1629 K Street NW, Suite 300
Washington, D.C. 20006
(888) 771-4529

KHAIRUL BASHAR LAW OFFICES

#Khairul Basharlaw
www.basharlaw.com
+1 (202) 983- 5504

Admitted in Washington, D.C., and Alabama State Bar | Parctice Limited to U.S. Immigration & Nationality Law in all 50 States

---

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট

Nurul Azim

Your Any Question Contact Here
+1 516 451 3748

- প্রাইভেট অকশনের বাড়ি
- পাবলিক অকশনের বাড়ি
- ব্যাংক মালিকানা বাড়ি
- শর্ট-সেল ও REO প্রপার্টি

Eastern Investment
150 Great Neck Road, Great Neck, NY 11021
nurulazim67@gmail.com

নিউইয়র্কে বাংলাদেশি কমিউনিটির প্রথম হোম কেয়ার গ্রুপ
আমাদের নতুন 'কাচারি ঘর' জ্যামাইকা হিলসাইড এণ্ড পার্সন বুলভার্ড-এর কর্ণারে
জুলাই ২০২৪ থেকে...
১৭ বছর
দরদী সেবার ব্রত নিয়ে
আমরা এখন
সকল জাতিগোষ্ঠীর মাঝে।
Sir Dr. Abu Zafar Mahmood
President & CEO
646-769-0966, 718-290-82409
netlake111@gmail.com
Jamaica Office : 153-38 Hillside Avnue, Jamaica , NY 11432.
Subway : F Train, Bus : Q 111, Q113 ltd. Q114 ltd. Q25, Q65
Phone : 888-228-5803, 347-561-6083, 646-769-0966
CDPAP SERVICES
HHA/PCA SERVICES
SKILLED NURSING
সাপ্তাহিক পেমেন্ট
সরাসরি ব্যাংকে জমা
স্বাস্থ্য সুবিধা
সুবিধাজনক কর্মসময়
আমরা আছি
Corporate Office
72-26 Broadway (2nd Floor)
Jackson Heights, NY 11372
646-769-0966
Jackson Heights Office
72-28 Broadway (1st Floor)
Jackson Heights, NY 11372
888-212-3237, 646-769-0966
Ozone Park Office
1127 Liberty Avenue
Brooklyn (Ozone Park),
NY 11208
888-486-0764, 347-673-5525
929- 434- 5618, 646-769-0966
Brooklyn Office
544 McDonald Avenue
Brooklyn, NY 11218
888-209-7805, 718-310-8586
718- 500-2388, 646-769-0966
Bronx Office
1452 & 1454 East Avenue
Bronx, NY 10462
888-420-0168, 646-769-0966
718-290-8249
Buffalo Office
Ideal BD Inc. 3178 Bailey Avenue
Buffalo, NY 14215
646-769-0966, 718-290-8249
Albany Office
Suite 2009, 150 State Street
Albany, NY 12207
646-769-0966
BANGLA CDPAP SERVICES
ALEGRA HOME CARE INC.
Care With Love Is Humanity
BANGLA CDPAP SERVICES
ALEGRA HOME CARE

বিসমিল্লাহির রাহমানির রাহিম
চিটাগাং এসোসিয়েশন অব নর্থ আমেরিকা ইনক
Chittagong Association of North America Inc.
নির্বাচন ২০২৪, তারিখ: ২০ ই অক্টোবর, রবিবার
"সবার জন্য হউক নিরাপদ এবং গ্রহনযোগ্য চট্টগ্রাম সমিতি"
তাহের-আরিফ পরিষদকে A লাইনে ভোট দিন
A1
মোঃ আবু তাহের
সভাপতি পদপ্রার্থী
Mohammed Abu Taher
President
A5
মোঃ আরিফুল ইসলাম
সাধারণ সম্পাদক পদপ্রার্থী
Md Ariful Islam
General Secretary
A2 মোহাম্মদ আলী নুর, সিনিয়র সহ-সভাপতি, Mohammed Ali Noor, Sr. Vice President
A3 হাজী মোহাম্মদ টি আলম, সহ-সভাপতি, Hazi Mohammed T Alam, Vice President
A4 ফরিদ আহমেদ চৌধুরী (তারেক), সহ-সভাপতি, Farid A Chowdhury, Vice President
A6 মোঃ কলিম উল্যাহ, যুগ্ম সাধারণ সম্পাদক, Md Kalim Ullah, Joint General Secretary
A7 মোঃ নওশাদ কামাল, সহ-সাধারণ সম্পাদক, Md Nowshad Kamal, Assistant General Secretary
A8 মোঃ শফিকুল আলম, কোষাধ্যক্ষ, Md Shafiqul Alam, Treasurer
A9 মোহাম্মদ নুরুল আমিন, সহকারী-কোষাধ্যক্ষ, Mohammed N Amin, Assistant Treasurer
A10 মোঃ তানিম মহসিন, সাংগঠনিক সম্পাদক, Md T Mohsin, Organizing Secretary
A11 অজয় প্রসাদ তালুকদার, দপ্তর সম্পাদক, Ajoy P Talukder, Office Secretary
A12 ইমরুল কায়সার, সহকারী দপ্তর সম্পাদক, Imrul Kaiser, Assistant Office Secretary
A13 মোহাম্মদ এনামুল হক চৌধুরী, শিক্ষা ও সাংস্কৃতিক সম্পাদক, Mohammed A Chowdhury, Educational & Cultural Secretary
A14 মোহাম্মদ জাবের শফি, প্রচার ও প্রকাশনা সম্পাদক, Mohammed Z Shafi, Publicity & Publication Secretary
A15 মোঃ আকতার হোছাইন, সমাজকল্যাণ সম্পাদক, Mohammed A Hossain, Social Welfare Secretary
A16 মোহাম্মদ ইসা, ক্রীড়া সম্পাদক, Mohammed Icha, Sports Secretary
A17 মোহাম্মদ নাসির চৌধুরী, কার্যনির্বাহী সদস্য, Mohammed Nasir Chowdhury, Executive Member
A18 পল্লব রায়, কার্যনির্বাহী সদস্য, Pallab Roy, Executive Member
A19 মোহাম্মদ মহিম উদ্দিন, কার্যনির্বাহী সদস্য, Mohammed Mohim Uddin, Executive Member
A লাইনে
VOTE for TAHER-ARIF PANEL
তাহের-আরিফ পরিষদকে
আপনার মূল্যবান ভোট দিন
আপনার ভোটার নাম্বার ও সকল তথ্যের জন্য যোগাযোগ করুন
347-416-0632
516-784-9706
718-415-2528
347-283-4202
917-775-4178
646-932-4342
646-660-0287
347-839-9230
প্রচারেঃ তাহের-আরিফ পরিষদ, নির্বাচন পরিচালনা কমিটি।

হারিকেন মিলটন ক্ষতিগ্রস্তদের জাকাত ফাউন্ডেশনের ত্রাণ সহায়তা

হ্যারিকেন মিল্টন ক্ষতিগ্রস্তদের সহায়তায় কার্যক্রম অব্যাহত রেখেছে যাকাত ফাউন্ডেশন ।

হারিকেন মিলটন বুধবার গভীর রাতে ফ্লোরিডার উপসাগরীয় উপকূলে আঘাত হানে, যেখানে বিধ্বংসী বাতাস, জীবন-হুমকির ঝড় এবং বিপর্যয়কর বন্যা নিয়ে আসে। এই বিপর্যয়ের মধ্যে, জাকাত ফাউন্ডেশন অফ আমেরিকা দ্রুত ক্ষতিগ্রস্ত সম্প্রদায়গুলিতে তাত্ক্ষণিক সহায়তা প্রদানে আগ থেকেই প্রস্তুতি নিয়ে রেখেছিল।

যাকাত ফাউন্ডেশন-এর পাঁচ সদস্যের একটি দল স্থানীয় স্বেচ্ছাসেবকদের সাথে সহযোগিতায় হিথ্রো মুসলিম কমিউনিটি সেন্টারে (HMCC) তাদের ত্রাণ বিতরণ সেন্টার স্থাপন করেছে। এই দলটি ৪০০ টি জরুরি ত্রাণ প্যাকেট বিতরণের জন্য প্রস্তুত, যেখানে টিনজাত শাকসবজি, নুডুলস, টুনা, এবং স্বাস্থ্যবিধি সামগ্রী, বিশুদ্ধ পানীয় জল এবং ব্যক্তিগত যত্নের কিট অন্তর্ভুক্ত রয়েছে।

যাকাত ফাউন্ডেশন-এর এই ত্রাণ কার্যক্রমের লক্ষ্য হলো বাস্তুচ্যুত পরিবারগুলির জরুরী চাহিদা পূরণ করা এবং সেইসব মানুষকে সহায়তা করা, যারা ব্যাপক আতঙ্ক কেনার কারণে প্রয়োজনীয় সামগ্রী থেকে বঞ্চিত হয়েছে।

যাকাত ফাউন্ডেশনের প্রতিনিধি সৈয়দ ইউসুফ বলেন, "আমরা অভাবী পরিবারগুলিকে গুরুত্বপূর্ণ সহায়তা প্রদানের জন্য গভীরভাবে প্রতিশ্রুতিবদ্ধ, যাতে যত দ্রুত সম্ভব তাদের কাছে ত্রাণ পৌঁছে যায়। আমাদের প্রার্থনা ক্ষতিগ্রস্ত সকলের সাথেই থাকবে এবং ফ্লোরিডা পুনরুদ্ধারের সাথে সাথে আমরা সাহায্য করতে প্রস্তুত আছি।"

যাকাত ফাউন্ডেশনের এই দ্রুত প্রতিক্রিয়া তার পূর্বের দুর্যোগ ত্রাণ কার্যক্রমের অভিজ্ঞতার উপর ভিত্তি করে তৈরি। হারিকেন হেলেনের পরে উত্তর ক্যারোলিনায় যাকাত ফাউন্ডেশনের ত্রাণ কার্যক্রমের সময় স্থানীয় সংস্থাগুলির সাথে সহযোগিতার মাধ্যমে প্রান্তিক সম্প্রদায়ের কাছে প্রয়োজনীয় সামগ্রী সরবরাহ করা হয়েছিল।

যাকাত ফাউন্ডেশনের ইমার্জেন্সি রেসপন্স টিম পরিস্থিতি মূল্যায়ন চালিয়ে যাচ্ছে এবং প্রয়োজন অনুযায়ী ত্রাণ কার্যক্রম বাড়ানোর জন্য প্রস্তুত রয়েছে। যারা হারিকেন মিলটনের পর আমেরিকার ত্রাণ কাজকে সমর্থন করতে ইচ্ছুক, তারা অনুদানের জন্য জাকাত ফাউন্ডেশনের ওয়েবসাইটে (https://www.zakat.org/hurricane-relief) ভিজিট করতে পারেন

Change of Visa Status (CoS)
Stay long in the USA
FROM
B1/B2/A3/I/H4
TO
F1 (Study Visa)
CIVA
CENTRE FOR IMMIGRATION AND VISA ASSISTANCE (CIVA)
PREMIUM SERVICES AVAILABLE
CoS Approval WITHIN 25 DAYS
Hot Line
+1 347 507 1209
+1 347 279 8366
+1 347 476 7522
Per Person $1000 Only
Give us your file and be relaxed, CIVA Team will do everything for you
INADITION
* Non-Immigration Visa Extension (Up To 240 Days)
* Asylum Filing Within 10 Days With All Supporting
* Reentry permit / Travel documents (From In / Out side of the USA)
* Canada / Mexico Visa With All Support(Within 30 days)
* EB3 (Unskilled) Application Process (AoS / NVC), Within $18K
* F1(Student) School Transfer within 02 business days
write2civa

বাংলাদেশী মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ শামসি রহমান (MD FACP)
PRIMARY CARE PHYSICIAN
Board Certified in Internal Medicine
Affiliated with Queens Hospital Center and
North Shore University Hospital
মেডিসিন বিশেষজ্ঞ মহিলা ডাক্তার
ডাঃ মোঃ আব্দুল বাছিত (MD FACP)
মেডিসিন বিশেষজ্ঞ
Board Certified in Internal Medicine
Assistant Professor of Medicine
Mount Sinai School of Medicine
Queens Hospital Center
সেবা সমূহ
Same Day Appointment
Walk-in Welcome
• প্রাইমারী কেয়ার/ মেডিসিন বিশেষজ্ঞ।
• অফিসেই রক্ত, প্রশাব পরীক্ষা ও ইকেজির ব্যবস্থা আছে।
• ফ্লু, হজ্বসহ অন্যান্য ভ্যাকসিন।
• জব, স্কুল, টি.এল.সি (TLC) সম্পর্কিত শারীরিক পরীক্ষা।
• ফ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস চেক-আপের ব্যবস্থা।
• যাদের হেলথ্ ইন্সুরেন্স নাই বিশেষ চিকিৎসার সুযোগ।
জামাইকা অফিস - রোগী দেখার সময়:
সোম থেকে শুক্রবার ঃ সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
শনিবার ঃ সকাল ১০টা থেকে বিকাল ৩ টা পর্যন্ত।
ওজনপার্ক অফিস - রোগী দেখার সময় ঃ
মঙ্গলবার থেকে শুক্রবার ঃ বিকাল ৪টা থেকে সন্ধ্যা ৭:৩০ মিঃ পর্যন্ত।
শনিবার ঃ বিকাল ৩টা থেকে ৫:৩০ মিঃ পর্যন্ত।
বাছিত মেডিকেল কেয়ার
JAMAICA OFFICE: 166-41 88th Ave, Jamaica, NY 11432 Tel: 917-780-4510 Fax: 347-875-3911
JACKSON HEIGHTS OFFICE: 40-37 74th Street Elmhurst, NY 11373 Tel: 917-780-4510 Fax: 347-875-3911
OZONE PARK OFFICE: 97-47 77th Street, Ozone Park, NY 11416 Tel : 718-307-5796 Fax : 347-875-3911

SARAH CARE USA
CDPAP & HOME CARE SERVICES
CDPAP/ PCA/ HHA
No Certificate Required
Highest pay With Benefit
We speak Bangali, Hindi, Urdu, Punjabi, Spanish & Creole
Dr.Gee Cee pat
Vice President
Dr.Shajadi Parvin
CEO/President
WITH Best income Up to $85.000 Annually
LAN/RN
OT/PT/DIETICIAN
Medical Supply
WORK AT HOME
NEED JOB?
CALL US: 917-745-0949
আমরা ট্রান্সফার কেইসের ক্ষেত্রে সর্বোচ্চ রেট দিয়ে থাকি
FREE SERVICE: to Apply & Renew DOH/Medicaid/Medicare/SNAP
Corporate Office: 37-18-73rd Street, Suit 301, Jackson Height, NY 11372
Jamaica Office: 170-05 Hillside Ave, NY 11432 185-08, Hillside Ave, NY 11432
Brooklyn Office: 2033 Bath Ave, Brooklyn NY 11214
Bronx Office: 2148 Starling Ave, Bronx, NY 10482
Buffalo Office: 3685 Harlem RD Cheektowaga, NY 14215
We have offices in Queens, Brooklyn, Bronx, Manhattan, Staten Island, Syracuse, Westchester, Nassau & Suffolk Country
cdpap@sarahcareusa.com| Fax: 201-489-8035
Phone: 917-745-0949, 929-468-6102 | www.sarahcareusa.com

বিসমিল্লাহহির রাহমানির রাহিম
বাংলাদেশ সোসাইটি ইন্‌ক, নির্বাচন ২০২৪
BANGLADESH SOCIETY INC. ELECTION 2024
প্রবাসে বাংলাদেশী পার্লামেন্ট
২৭ অক্টোবর নির্বাচনে
"ঐক্যবদ্ধ কমিউনিটি ও মূলধারায় অবস্থান সুদৃঢ় করার লক্ষ্যে জনকল্যাণে পরিকল্পিত সৎ ও নিষ্ঠাবান ব্যক্তিদের সমন্বয়ে সার্বজনীন"
রুহুল-জাহিদ
পরিষদ
B1
রুহুল আমিন সিদ্দিকী
সভাপতি
RUHUL AMIN SIDDIKI
PRESIDENT
B4
জাহিদ মিন্টু
সাধারণ সম্পাদক
JAHID MINTO
GENERAL SECRETARY
B2
ফারুক চৌধুরী
সিনিয়র সহ সভাপতি
FARUK CHOUDHURY
SENIOR VICE PRESIDENT
B3
আমিনুল ইসলাম চৌধুরী
সহ সভাপতি
AMINUL ISLAM CHOWDHURY
VICE PRESIDENT
B5
সরোয়ার খান বাবু
সহ সাধারণ সম্পাদক
SARWOR KHAN BABU
ASST. GENERAL SECRETARY
B6
নওশেদ হোসেন
কোষাধ্যক্ষ
NOASHED HOSSAIN
TREASURER
B7
মোঃ সাদী মিন্টু
সাংগঠনিক সম্পাদক
MD. SAADI MINTU
ORGANIZING SECRETARY
B8
মনিকা রায় চৌধুরী
সাংস্কৃতিক সম্পাদক
MANIKA ROY CHOWDHURY
CULTURAL SECRETARY
B10
নাদির আহমেদ আইয়ুব
সমাজকল্যাণ সম্পাদক
NADIR AHMED AYUB
SOCIAL WELFARE SECRETARY
B11
রোমানা আহমেদ
সাহিত্য সম্পাদক
ROMANA AHMED
LITERATY SECRETARY
B12
আলমগীর হোসেন
ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক
ALAMGIR HOSSAIN
SPORTS & ENT. SECRETARY
B13
শাহনাজ হোসেন
স্কুল ও শিক্ষা সম্পাদক
SHAHANAZ HOSSAIN
SCHOOL & EDUCATION SECRETARY
B14
আবদুর রব মিয়া
কার্যকরী সদস্য
ABDUR RAB MIA
EXECUTIVE MEMBER
B15
মোঃ তাজু মিয়া
কার্যকরী সদস্য
MD. TAJU MIAH
EXECUTIVE MEMBER
B16
নজরুল ইসলাম
কার্যকরী সদস্য
NAZRUL ISLAM
EXECUTIVE MEMBER
B17
রফিকুল ইসলাম ডালিম
কার্যকরী সদস্য
RAFIQUL ISLAM DALIM
EXECUTIVE MEMBER
B18
মোঃ সাইফুল ইসলাম
কার্যকরী সদস্য
MD. SAIFUL ISLAM
EXECUTIVE MEMBER
PLEASE VOTE FOR RUHUL-JAHID PANEL
রুহুল-জাহিদ পরিষদ আপনাদের ভোট ও দোয়া প্রার্থী
রুহুল-জাহিদ পরিষদ
আপনাদের ভোট ও দোয়া প্রার্থী
PLEASE VOTE FOR
RUHUL-JAHID PANEL
প্রচারেঃ রুহুল-জাহিদ পরিষদের নির্বাচন পরিচালনা কমিটি

কৌতুহল নিউইয়র্কে জ্যামাইকার দেশি বাজারে ১৫ অক্টোবর ক্যাশ রেজিষ্টারের সামনে বাকী চাহিয়া লজ্জা দিবেন না সাইন ঝুলতে দেখে কাষ্টমারদের কৌতুহল জাগে।

কমলার সমর্থনে এআর রহমান তৈরি করলেন গানের ভিডিও

নিউজ ডেস্ক

এ আর রাহমান দক্ষিণ এশিয়ার প্রথম কোনো আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন শিল্পী যিনি কমলার প্রতি সরাসরি সমর্থন জানালেন। আগামী ৫ নভেম্বরের নির্বাচনে ডেমোক্রেটিক পার্টির প্রার্থী হিসেবে যুক্তরাষ্ট্রের নারী প্রেসিডেন্ট হিসেবে দেশটির সাবেক প্রেসিডেন্ট ও রিপাবলিকান প্রার্থী ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে লড়ছেন। কমলা হ্যারিসের সমর্থনে ৩০ মিনিটের ভিডিও রেকর্ড করেছেন ভারতের আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সংগীত শিল্পী এ আর রহমান।

১৩ অক্টোবর রোববার মার্কিন স্থানীয় সময় রাত ৮টায় এশিয়ান-আমেরিকান অ্যান্ড প্যাসিফিক আইল্যান্ডার্স (এএপিআই) ভিক্টরি ফান্ডের ইউটিউব চ্যানেলে এ আয়োজন প্রচারিত হবে। এএপিআই ভিক্টরি ফান্ডের পক্ষ থেকে এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়েছে।

সংস্থাটির বিবৃতিতে বলা হয়েছে, এই আয়োজনে এ আর রাহমানের কিছু জনপ্রিয় গান। সঙ্গে কমলার নির্বাচনী ইশতেহার প্রকাশ ও তার প্রতিশ্রুতি নিয়ে বার্তা দেয়া হবে। সংস্থাটির চেয়ারম্যান শেকার নারাসিমান বলেছেন, ‘এই সংগীত আয়োজন অনেক বড় কিছু। এটি আমাদের সম্প্রদায়কে এক করবে, এবং ভবিষ্যতে যা কিছুর ওপর প্রত্যাশা রয়েছে তা বিবেচনা করে জনগণ ভোট দেবে।’

বিবৃতিতে আরও বলা হয়েছে, এই আয়োজনে এ আর রাহমানের জনপ্রিয় কিছু গান থাকছে। সঙ্গে থাকছে কমলার প্রচারের পক্ষে এবং এএপিআই সম্প্রদায়ের মানুষদের প্রতি কমলার প্রতিশ্রুতি নিয়ে কিছু বার্তা।

ভারতীয়–আফ্রিকান বংশোদ্ভূত কমলা যুক্তরাষ্ট্রের বর্তমান ভাইস প্রেসিডেন্ট। এ আর রহমানের এই পদক্ষেপটির মাধ্যমে ৫ নভেম্বরের নির্বাচনের আগে হ্যারিসের গ্রহণযোগ্যতা বাড়বে বলে প্রত্যাশা করা হচ্ছে।

যুক্তরাষ্ট্রের প্রথম কৃষ্ণাঙ্গ নারী এবং প্রথম নারী প্রেসিডেন্ট হওয়ার লক্ষ্যে রিপাবলিকান প্রার্থী ও সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে লড়ছেন তিনি। জরিপগুলোতে এখন পর্যন্ত কমলাই এগিয়ে রয়েছে।

শিব্বীর আহমেদ’র রোমান্টিক থ্রিলার ‘পেন্টাগন বাহিনী’

ঢাকা ডেস্ক



কথাসাহিত্যিক সাংবাদিক ঔপন্যাসিক শিব্বীর আহমেদ এর ৩৯তম বই রোমান্টিক থ্রিলার ‘পেন্টাগন বাহিনী’ এখন পাওয়া যাচ্ছে। বইটি প্রকাশ করেছে দেশের শীর্ষ প্রকাশনা প্রতিষ্ঠান অনন্যা। বইটির প্রচ্ছদ ঋষি ধ্রুব এষ। সুপারন্যাচারাল, ক্রাইম, রোমাঞ্চ এবং অ্যাডভেঞ্চারে ভরা থ্রিলার বইটি এ পাওয়া যাচ্ছে। ১২৮ পৃষ্টার বইটির বিক্রয় মূল্য ৩শত টাকা।

পেন্টাগণ বাহিনী। ফিরোজ, মিশু, কাজল, জাকির, বাদল, দুলাল - এই সাত ঘনিষ্ট বন্ধুদের একটি দুর্ধর্ষ দল। অন্যায়ের বিরুদ্ধে সোচ্চার ওরা। দলের নেতা লাবিব। সাতটি হোন্ডা নিয়ে টহল দিয়ে বেড়ায় ওরা পুরো শহর। যখনই ওরা বের হয়, সাতটি হোন্ডার ঘটঘট আওয়াজে কেঁপে ওঠে পুরো শহর। কিছু একটা ঘটবে আজ! আতঙ্কিত হয়ে ওঠে সন্ত্রাসীদের আস্তানা।

মাফিয়া ডন দাউদ। দাউদের রাইটহ্যান্ড বটি বশর। দাউদ আর তার সন্ত্রাসীদের ভয়ে আতংকিত পুরো শহর। রুখে দাঁড়ায় পেন্টাগন বাহিনী। কলেজে ছাত্র-ছাত্রী দোকানদারদের উপর নির্মম অত্যাচার নির্যাতন চালায় দাউদের বাহিনী। রক্তাক্ত হয়ে ওঠে কলেজ, আতংক ছড়িয়ে পড়ে চারিদিকে। ছুরি হাতে রক্তাক্ত বটি বশরের বুকের উপর পা তুলে দাঁড়িয়ে থাকা অবস্থায় লাবিবের মুখমুখি হয় অপূর্ব সুন্দরী তরুণী কলেজ ছাত্রী লাকি। ভয়ে আতঙ্কিত চোখে রক্তাক্ত বটি বশরের বুকের উপর পা রেখে দাঁড়িয়ে থাকা লাবিবের দিকে তাকিয়ে থাকে ও। শুরু হয় প্রেম, শুরু হয় ভালোবাসা আর টানাপোড়ন। এরই মাঝে দুজনের মাঝে হাজির হয় এক রহস্যমানব হিরো। তারপর একের পর এক ঘটনা ঘটতে থাকে লাবীব, লাকি এবং হিরোর চারিদিকে।

শিব্বীর আহমেদ কুমিল্লা-৯ আসনের (লাকসাম-মনোহরগঞ্জ) সাবেক প্রাদেশিক পরিষদ সদস্য, জাতীয় সংসদের সাবেক সদস্য গেরিলা মুক্তিযোদ্ধা, বাংলাদেশের সংবিধান স্বাক্ষরকারী মরহুম আলহাজ্ব জালাল আহমেদ’র সন্তান। লাকসাম পাইলট বালিকা বিদ্যালয়, বাবুরবাড়ি প্রাথমিক বিদ্যালয়, লাকসাম পাইলট হাইস্কুল, লাকসাম নওয়াব ফয়জুন্নেসা গর্ভমেন্ট কলেজ, জগন্নাথ বিশ^বিদ্যলয়ে পড়াশুনা করেছেন এবং ম্যানেজম্যান্টে মাষ্টার্স অব কমার্স (এমকম) ডিগ্রি লাভ করেন। যুক্তরাষ্ট্র থেকে সফটওয়ার ইঞ্জিনিয়ারিং এ মাষ্টার্স অব সফটওয়ার সিষ্টেম (এমএসএস) ডিগ্রি অর্জন করেন।

স্কুলে পড়াকালীন সময়ে তিনি সাহিত্যের প্রতি অনুরক্ত হয়ে পড়েন। বিশ্ববিদ্যালয়ে এসে তিনি সাংবাদিকতার সাথেও যুক্ত হয়ে পড়েন। সাহিত্যের প্রায় সব শাখাতেই কমবেশি তার বিচরণ রয়েছে।

বাংলাদেশে সহিংসতা

দায়ীদের জবাবদিহির আওতায় আনতে হবে: যুক্তরাষ্ট্র

নিউজ ডেস্ক

যুক্তরাষ্ট্র বলেছে, বাংলাদেশে সহিংসতার ঘটনায় কোনো অজুহাত চলবে না। সহিংসতার জন্য দায়ীদের জবাবদিহি করতে হবে।

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দফতরের মুখপাত্র ম্যাথিউ মিলার বলেন, “আমরা স্পষ্টভাবে জানিয়ে দিয়েছি, শান্তিপূর্ণ প্রতিবাদকারীদের বিরুদ্ধে হোক বা প্রতিবাদকারীদের দ্বারা সংঘটিত হোক, সহিংসতার কোনো অজুহাত গ্রাহ্য করা হবে না।

একইসঙ্গে যারা সহিংসতার জন্য দায়ী তাদের অবশ্যই জবাবদিহির আওতায় আনা উচিত।” ওয়াশিংটনে স্থানীয় সময় ১৬ অক্টোবর বুধবার নিয়মিত সংবাদ সম্মেলনে এক সাংবাদিকের প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন।

বাংলাদেশের অন্তবর্তী সরকারের সর্বশেষ সিদ্ধান্তের প্রতি দৃষ্টি আকর্ষণ করে ওই সাংবাদিক দাবি করেন, শেখ হাসিনা সরকারের পতনের পর ৫ থেকে ৮ অগাস্টের মধ্যে তিন হাজারেরও বেশি পুলিশ সদস্য নিহত হয়েছেন। ৪০০টিরও বেশি থানায় হামলা হয়েছে।

সাম্প্রতিক দুর্গাপূজার সময় পূজামণ্ডপে গাওয়া একটি ইসলামিক গান সম্পর্কে এক প্রশ্নের জবাবে মিলার বলেন, অবশ্যই তারা বাংলাদেশসহ সব দেশেই ধর্মীয় স্বাধীনতার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।

তিনি বলেন, “ওই নির্দিষ্ট ঘটনার পরিপ্রেক্ষিতে আমি আমার মন্তব্য ফিরিয়ে নিচ্ছি এবং পর্যালোচনা করে আপনাদের কাছে এর উত্তর দেব।”

শারদোৎসবের রঙে রঙিন আটলান্টিক সিটি

সুব্রত চৌধুরী

শারদোৎসবের বার্তা পেয়ে নিউ জার্সি অঙ্গরাজ্যের আটলান্টিক সিটির প্রবাসী বাঙালী হিন্দুরা মেতে ছিলেন দুর্গোৎসবের হরেক আয়োজনে। শারদোৎসবের রঙে রঙিন হয়ে উঠেছিল আটলান্টিক সিটি। আটলান্টিক সিটির ১০৯, উত্তর ফ্লোরিডা এভিনিউতে অবস্থিত প্রবাসী হিন্দুদের মন্দিরে ৮ অক্টোবর, মঙ্গলবার থেকে শারদীয় দুর্গোৎসব শুরু হয়েছিল। ১২ অক্টোবর শনিবার দুর্গোৎসব শেষ হয়। দুর্গোৎসবে তিথিমতে পূজার যাবতীয় শাস্ত্রীয় কর্মযজ্ঞ সম্পাদন করা হয়।

শারদোৎসবের বিভিন্ন আয়োজনের মধ্যে ছিল পূজার্চনা, আরতি, প্রবাস প্রজন্মের সংগীত ও নৃত্য পরিবেশনা, ধর্মসভা, আয়োজক সংগঠনের সদস্য-সদস্যাদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান, পুঁথি পাঠ, কীর্তন, সিঁদুর খেলা ও মহাপ্রসাদ বিতরন।

আয়োজক সংগঠনের সাংস্কৃতিক সম্পাদিকা নিবেদিতা ভট্টাচার্যের সার্বিক তত্ত্বাবধানে শারদোৎসবে প্রবাস প্রজন্মের শিশু- কিশোরদের পরিবেশিত অনুষ্ঠানগুলো সবাই প্রাণভরে উপভোগ করেন।

আবালবৃদ্ধবনিতার বাহারি সাজ ও নয়নাভিরাম পোশাক-আশাকে দুর্গোৎসব প্রাঙ্গন হয়ে উঠেছিল শারদোৎসবের রঙে রংগীন। প্রবাসী হিন্দুদের সব পথ এসে যেন মিশেছিল মন্দির প্রাংগণে। তারা সারাক্ষণ মেতে ছিলেন আনন্দযজ্ঞে।

দুর্গাপূজার এই কয়েকটা দিন আটলান্টিক সিটির প্রবাসী হিন্দুরা মেতে ছিল অনাবিল আনন্দে। আনন্দলোকের মঙ্গলালোকে অন্যরকম অনুভূতি আর ভিন্নতর ভালোবাসায় উদ্বেলিত হোক সকল প্রবাসী হিন্দুর মন-প্রাণ, এই ছিল সবার অন্তরের কামনা।

সংস্কার উদ্যোগ নিয়ে যুক্তরাষ্ট্রের সঙ্গে পররাষ্ট্র সচিবের আলোচনা

উত্তর আমেরিকা ডেস্ক

ওয়াশিংটনে মার্কিন উপপররাষ্ট্রমন্ত্রীসহ পররাষ্ট্র দপ্তর ও হোয়াইট হাউজের বেশ কয়েকজন কর্মকর্তার সঙ্গে বৈঠক করেছেন পররাষ্ট্র সচিব জসীম উদ্দিন। বৈঠকে বাংলাদেশের সঙ্গে সম্পর্ককে জোরালো করার বার্তা দিয়েছে যুক্তরাষ্ট্র।

১০ অক্টোবর বৃহস্পতিবার ও ১১ অক্টোবর শুক্রবার এই বৈঠকগুলো হয়। পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে এসব তথ্য নিশ্চিত করা হয়েছে।

পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, যুক্তরাষ্ট্রের উপপররাষ্ট্রমন্ত্রী রিচার্ড ভার্মার সঙ্গে বৈঠকে পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে আলোচনা হয়। আর মার্কিন প্রেসিডেন্টের বিশেষ সহকারী ও দক্ষিণ এশিয়া বিষয়ক জ্যেষ্ঠ পরিচালক লিন্ডসে ডব্লিউ ফোর্ডের সঙ্গে বৈঠকে অন্তবর্তী সরকার, গণতন্ত্র, অর্থনীতি, রোহিঙ্গা সংকটসহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়েছে।

শুক্রবারে মার্কিন বেসামরিক নিরাপত্তা, গণতন্ত্র ও মানবাধিকারবিষয়ক আন্ডার সেক্রেটারি উজরা জেয়া এবং মার্কিন পররাষ্ট্র দপ্তরের বৈশ্বিক দুর্নীতি দমন ব্যুরোর ভারপ্রাপ্ত সমন্বয়কারী শেলবি স্মিথুউইলসনের সঙ্গেও বৈঠক করেছেন পররাষ্ট্র সচিব জসীম উদ্দিন।

এর আগে বৃহস্পতিবার যুক্তরাষ্ট্রের রাজনীতিবিষয়ক ভারপ্রাপ্ত আন্ডার সেক্রেটারি জন বাস ও পররাষ্ট্র দপ্তরের অ্যাসিট্যান্ট সেক্রেটারি ডোনাল্ড লুসহ পররাষ্ট্র দপ্তরের কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেন পররাষ্ট্র সচিব। বৈঠকে দুই দেশের মধ্যকার সহযোগিতা ও সন্ত্রাসবাদ মোকাবিলা নিয়ে হয় আলোচনা।

এ ছাড়া যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক সহকারী বাণিজ্য প্রতিনিধি ব্রেন্ডন লিঞ্চের সঙ্গে আমদানি-রপ্তানিসহ শ্রম আইন নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা হয়েছে।

কমলাকে ভোট দিলেন শতবর্ষী জিমি কার্টার

উত্তর আমেরিকা ডেস্ক

আমেরিকার সাবেক প্রেসিডেন্ট জিমি কার্টার সম্প্রতি ১০০ বছর বয়সে পা রেখেছেন। সেদিন তিনি ঘোষণা দিয়েছিলেন, মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে ডেমোক্রেটিক পার্টির প্রার্থী কমলা হ্যারিসকে ভোট দিচ্ছেন এবং এটি তিনি সত্যিই চিন্তা করেন। কার্টার সেন্টারের তথ্যমতে, সাবেক এই ডেমোক্র্যাট নেতা মেইলের মাধ্যমে তাঁর ভোট দিয়েছেন।

পাত্র-পাত্রী চাই

আপনার স্বপ্নের জীবন সঙ্গী/সঙ্গিনী খুঁজে পাওয়ার জন্য একটি নির্ভরযোগ্য ম্যাচ মেকিং সার্ভিস। বাংলাদেশ, ইউএসএ, কানাডা ও অস্ট্রেলিয়ায় বসবাসকারীদের সেবায় সদা নিয়োজিত।

যোগাযোগ :
JIBON SONGI
E-mail : jibonsongi2024.com
Phone : 281-912-7812
713-900-6023

ন্যানী আবশ্যক

মিজুরী রাজ্যের সেন্টলুইসে বসবাসকারী নবজাতক শিশু এবং দুই বছরের শিশু আন্তরিকভাবে দেখাশুনা এবং সপ্তাহে তিনদিন রান্না করাসহ অন্যান্য কাজে (পরিস্কার-পরিচ্ছন্নতা) সহযোগিতা করার জন্য ন্যানী আবশ্যক। থাকা খাওয়াসহ মাসে বেতন ১,৫০০ ডলার। প্রতি ছয় মাসে একবার নিউইয়র্কে যাতায়াতের সুযোগ থাকবে এবং যাতায়াতের খরচ বহন করা হবে। যোগাযোগ: ৭৬৫-৬০৯-৭২২৪

রুম ভাড়া

জ্যাকসন হাইট্স ৭ ট্রেন সাবওয়ের নিকটে এপার্টমেন্ট বিল্ডিং-এ নভেম্বর মাসের ১ তারিখ থেকে একজন নামাজী, কর্মজীবি এবং অধুমপায়ী রুমমেট আবশ্যক। যোগাযোগ: ৭১৮-৫৫২-০৮০৭।

রুম ভাড়া

রিচমন্ড হিল এলাকায় বাস স্ট্যান্ডের পাশে এক রুম ভাড়া যাবে। কর্মজীবী/স্টুডেন্ট নারী হতে হবে। জেএফকে এয়ারপোর্টের কাছেই চমৎকার লোকেশন। যোগাযোগ: মিসেস আহমেদ 917-398-0783

এটিক ভাড়া

হলিসে এ ৯৯ এভিনিউর কর্ণারে সুন্দর মনোরম পরিবেশে নতুন রেনুবেট দুটি বেডরুম কিচেন ও বাথরুম দুই নামাজী ব্যাচলর বা স্টুডেন্ট এর কাছে ভাড়া দেওয়া হবে। মসজিদ ও গ্রোসারি, বাস নিকটে। ফোন 347-397-9175

বাসা ভাড়া

জ্যামাইকার সাটফিন ও ১০৯ রোডের নিকটে ৭ মিনিট দুরত্বে ট্রেন ও বাস ১ ব্লক দুরত্বে নতুন রেনুভেটেড দুই বেড, লিভিং ১ বাথ কিচেন ভাড়া দেয়া হবে। মসজিদ, গ্রোসারি স্কুল নিকটে। ভাড়া ২৩৫০ ডলার। ফোন 646-645-9830

পাত্রী আবশ্যক

বাংলাদেশে জন্ম আইটিতে কর্মরত শিক্ষিত ৩২ বছর বয়সী সিটিজেন ইঞ্জিনিয়ার পাত্রের জন্য পাত্রী আবশ্যক। যোগাযোগ: 929-288-9461, bmchoudhury1960@gmail.com

আবশ্যক

হিউম্যান হোমকেয়ার কোম্পানীতে কাজ করার জন্য আগ্রহী কিছু কর্মী আবশ্যক। জরুরি ভিত্তিতে রিজ্যুমি পাঠানোর অনুরুধ করছি। newal.saki@humancareny.com

রুম ভাড়া

জামাইকার সাটফিন ব্লু বার্ডে একটি রুম সাবলেট ভাড়া দেওয়া হবে,সা-বওয়ে ও গ্রোসারী থেকে তিন মিনিটের দূরত্ব,একজন অথবা দুজন মহিলা হলে ভালো হয়। 347-238-7171

লোক আবশ্যক

সারাহ হোমকেয়ারে কাজ করার জন্য কিছু লোক আবশ্যক। আগ্রহীরা কল করুন ফোন: 917-745-0949

পাত্র চাই

কাপ্তাই কর্ণফুলী পেপার মিলস এলাকায় Born & Raise ১৯ দিনের শর্ট ডিভোর্সী পাত্রীর জন্য American Citizen & Green Card Holder পাত্র আবশ্যক। পাত্রীর বয়স ২৬ বছর। বড় ভাই 347-612-9207, বাবা 01912340475. (কল করুন দুপুর ২টা থেকে রাত ২টা পর্যন্ত)।

পাত্র চাই

পাত্র চাই উচ্চ শিক্ষিত পরিবারের US সিটিজেন পাত্রী কুইন্স কলেজ থেকে একাউন্টিং এ ব্যাচেলর সিটি জব রত (২৮) শিক্ষিত ও উপযুক্ত পাত্র চাই md_kayum@yahoo.com Cell: 917-497-9508

Registered Nurse Required (New Jersey)

প্রতিষ্ঠান: Captor USA Corporation.
পদ: Registered Nurse (RN)
অভিজ্ঞতা: নতুন বা ১/২ বছর
স্থান: Paterson, New Jersey.
Please send your resume at info@captorusacorp.com
Or call us at +1 (973) 553-2690
আবেদনের শেষ সময়: ২০/০৭/২০২৪

অফিস ভাড়া

জ্যামাইকার হিলসাইডে ১৬৮ স্ট্রিটের প্রাইম লোকেশনে একটি অফিস রুম ভাড়া হবে। গেষ্ট ওয়েটিং রুমসহ আনুষাঙ্গিক সুবিধা রয়েছে। ফোন: 646-403-6500

পাত্রী চাই

নিউইয়র্কে বসবাসরত ৩২ বছর (৫-৬) (অনার্স) সুশিক্ষিত পাত্রের জন্য আমেরিকান সিটিজেন পাত্রী আবশ্যক। ডিভোর্সী হলেও সমস্যা নেই। যোগাযোগ: 516-247-8260 Email: jj1831847@gmail.com

বাসায় কাজের জন্য মহিলা আবশ্যক

কুইন্স ফরেস্ট হিল এলাকায় অবস্থিত, F ট্রেনের কাছে, বাসার যাবতীয় কাজকর্মে সাহায্য করার জন্য একজন মহিলা আবশ্যক। বেতন আলোচনা সাপেক্ষে। যোগাযোগের জন্য ফোন করুন : ৭১৮-৪৯০-১৭৪০

হিন্দু পাত্র আবশ্যক

শিলিগুড়ি বসবাসরত এবং ব্যাঙ্গালোরে নার্সিং (৩য় বর্ষ)অধ্যয়নরত সুন্দরী পাত্রীর জন্য হিন্দু পাত্র আবশ্যক। যোগাযোগ: 347-235-7322 পাত্রীর মামা New York

আবশ্যক

"Immigration law firm in Queens is looking for a Receptionist. Candidates should be extremely organised and should have excellent communication and public relation skills.Candidate should speak Hindi, English and Bengali. Training will be provided by a law firm. Handsome salary will be offered. Please email your resume at "ravi@gehilaw.com

ইমিগ্রেশনে সহযোগিতা

আমেরিকায় নতুন বা পুরাতন- আপনার দরকার ওয়ার্ক পারমিট, সোশ্যাল এবং ফাইনালি গ্রীনকার্ড। যেভাবেই এদেশে এসে থাকুন, যে অবস্থাতেই থাকুন না কেন- একটা ব্যবস্থা আমরা করে দেবই। দেশে থাকা আত্মীয়-বন্ধুকে আনতেও আমরা সহযোগিতার পথ দেখাই। ইমিগ্রেশনের যে-কোন জটিল সমস্যা সমাধানের জন্য কল বা টেক্সট করুন **(৭১৮) ৮৩৯-৫৮১২**

পাত্র চাই

সম্ভ্রান্ত মুসলিম পরিবারের পি.এইচ.ডি চাকরিজীবী (৩৪ + 5-6) সিটিজেন পাত্রীর জন্য, ইঞ্জিনিয়ার, ডাক্তার, পি.এইচ.ডি বা উপযুক্ত পাত্র চাই । যোগাযোগ: অভিভাবক 929-247-9441

পাত্র চাই

একজন ম্যাকানিক্যাল ইঞ্জিনিয়ার সুন্দরী হিন্দু পাত্রীর জন্য পাত্র চাই। উচ্চতা ৫ ফুট ৫"। বয়স ২৭। যোগাযোগ: 347-641-8353, 718-200-6396

আবশ্যক

কুইনসের একটি ইমিগ্রেশন ল' ফার্মে রিসিপসনিষ্ট আবশ্যক। প্রার্থীকে উঁচু মাত্রার অরগেনাইজড এবং জনসংযোগে দক্ষ হতে হবে। পাশাপাশি প্রার্থীকে হিন্দি, ইংরেজি এবং বাংলা ভাষায় কথা বলায় দক্ষ হতে হবে। ল' ফার্মে কাজের জন্য পর্যাপ্ত প্রশিক্ষণ দেয়া হবে। ভালো বেতনের এ চাকুরীর জন্য আগ্রহীরা রিজুমি ইমেইল করুন: ravi@gehilaw.com

ড্রাইভিং ইন্সট্রাকটর প্রয়োজন

জ্যাকসন হাইটস্-এ এআর ড্রাইভিং স্কুলের জন্য একজন ইন্সট্রাকটর প্রয়োজন।
যোগাযোগঃ ৩৪৭-৪৫৯-৭০৯২

পাত্র চাই

পাত্রী আমেরিকান গ্রীনকার্ডধারী উচ্চশিক্ষীতা Sociology (ঢা.বি.)। সঙ্গত কারণে বিবাহ বিচ্ছেদ, নি:সন্তান। ৫০ উর্ধ্ব পাত্র চাই। আগ্রহী ইচ্ছুক পাত্র বা অভিভাবক যোগাযোগ করুন। zaibunnessa14@gmail.com

মেচম্যাকিং

দেশী মেচম্যাকিং (Deshi Match Making) একটি বিশ্বস্ত ম্যারেজ মিডিয়া। আমাদের আছে অনলাইন ও অফলাইন সিস্টেম। বাংলাদেশে ঢাকা, বনানীতে ও নিউইয়র্কে অফিস। যোগাযোগ: desipatropatri@gmail.com, রিমা আবেদীন (929-278-6294)

পার্টনার আবশ্যক

পেনসিলভিনিয়া York এ অবস্থিত Solar Panel ও Garment Factory এর জন্য পার্টনার এবং বিনিয়োগকারী আবশ্যক। EB5 বিনিয়োগ ভিসার আওতায় পরিবার শুদ্ধ গ্রিনকার্ডের সুযোগ আছে। যোগাযোগের ঠিকানা: 202-683-5854. Email: amrsolarllc@yahoo.com

পাত্রী চাই

৫৫ বছর ডিভোর্স, সিটিজেন সুদর্শন ডাক্তার পাত্রের জন্যে পাত্রী বা ঘটক সরাসরি যোগাযোগ করুন hmurshedmd@gmail.com Phone 850-866-9012

জীবনসঙ্গীর প্রত্যাশায়

মার্জিত, শিক্ষিত, প্রতিষ্ঠিত ও সিটিজেন (৪৪) একজন ব্যাচেলর পাত্র তার জীবন সঙ্গীর প্রত্যাশায়। জীবন খুব একটা জটিল না; আমরাই জীবনকে জটিল বানাই; আপনার বর্তমান জীবনযাত্রা যাইহোক না কেন? আত্মবিশ্বাস, খোলা মন ও আন্তরিকতার সাথে ছবি ও টেলিফোন নম্বর সহ যোগাযোগ করুন। (সকল প্রকার গোপনীয়তার প্রতিশ্রুতি দিচ্ছি।) যোগাযোগ: (718) 524-9777, everlybrown@yahoo.com

৩৯ তম ফোবানার আসর মন্ত্রিয়লে

গোপেন দেব

আগামীবছর মন্ত্রিয়লে অনুষ্ঠিত হতে যাচ্ছে উত্তর আমেরিকায় বসবাসরত বাংলাদেশিদের বৃহত্তম উৎসব ফোবানার ৩৯ তম সম্মেলন। স্বাগতিক সংগঠন হিসেবে এর আয়োজনে থাকছে কানাডা-বাংলাদেশ সলিডারিটি (সিবিএস)। এবছর যুক্তরাষ্ট্রের মিশিগানে অনুষ্ঠিত ৩৮ তম ফোবানা থেকে আগামী সম্মেলনের জন্যে সিবিএস'কে নির্বাচিত করা হয়েছে।

৬ অক্টোবর রোববার সন্ধ্যায় মন্ত্রিয়লের ক্যাফে রয়াল রেস্টুরেন্টে এ উপলক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় আনুষ্ঠানিকভাবে সিবিএস'র সভাপতি জিয়াউল হক জিয়াকে কনভেনর ও সাংবাদিক ইকবাল কবিরকে ৩৯ তম ফোবানার মেম্বার সেক্রেটারি হিসেবে ঘোষনা দেয়া হয়। যুক্তরাষ্ট্র থেকে আগত ফোবানা স্টিয়ারিং কমিটির চেয়ারম্যান আতিকুর রহমান এই ঘোষনা প্রদান করেন।

এছাড়া সম্মেলনের আরো চারটি বিশেষ পদে দায়িত্বপ্রাপ্তদেরও নাম ঘোষনা করা হয়। তাঁরা হলেন, চীফ কো-অর্ডিনেটর আবুল হোসেন দুলাল, চীফ কন্সালট্যান্ট শামসাদ রানা, চীফ এডমিনিস্ট্রেটর রাসেল মীর্জা ও ট্রেজারার বজলুর রশীদ বেপারী।

এসময় যুক্তরাষ্ট্র থেকে আগত ফোবানা স্টিয়ারিং কমিটির এক্সিকিউটিভ সেক্রেটারি নেহাল রহিম সহ মন্ত্রিয়লের সামাজিক, সাংস্কৃতিক এবং কমিউনিটির অন্যান্য সংগঠন ও দলের নেতৃবর্গ উপস্থিত ছিলেন। সভায় ফোবানা স্টিয়ারিং কমিটির দুই কর্মকর্তা, নব নির্বাচিত কনভেনর, মেম্বার সেক্রেটারি ও আরো অনেকে আগামী সম্মেলনকে সর্বাত্মক সফল করে তোলার ব্যাপারে পরামর্শ ও দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন।

বিশিষ্ট শিল্পী তপন চৌধুরীর সাথে সমবেত সকলে বাংলাদেশের জাতীয় সঙ্গীত পরিবেশনের মধ্য দিয়ে সভার কাজ শুরু করা হয়। সভা পরিচালনা করেন শামসাদ রানা। সবশেষে নৈশভোজে আপ্যায়িত করা হয় সকলকে।

ফোবানার রীতি অনুযায়ী আগামীবছরও বরাবরের মতোই কানাডা-আমেরিকার 'লেবার ডে' লং উইকেন্ড ২৯, ৩০, ৩১ আগস্ট মন্ত্রিয়লে ফোবানা কনভেনশন ২০২৫ অনুষ্ঠিত হবে। চলতি বছর ছাড়া পরপর বিগত দুটি বছরও মন্ত্রিয়লে ফোবানার জমজমাট আসর বসেছিল।

উল্লেখ্য, ১৯৮৭ সালে প্রতিষ্ঠিত ফেডারেশন অব বাংলাদেশি এসোসিয়েশনস ইন নর্থ আমেরিকা (ফোবানা) শুরুর দিকে যুক্তরাষ্ট্র ও কানাডায় বসবাসরত বাংলাদেশি সংগঠনগুলোর ছাতা সংগঠন হিসেবে কাজ করেছে। তখন একেকবছর একেক শহরে সম্মিলিতভাবে একটি সম্মেলনই হতো। পরবর্তীতে নেতৃত্ব ও দলীয় বিভাজনের কারণে এটি আর এককভাবে সম্মেলন করার গৌরব ধরে রাখতে পারেনি। এখন ফোবানার নামে উত্তর আমেরিকার বিভিন্ন স্থানে একই সাথে একাধিক সম্মেলন হয়ে থাকে। যদিও এই সম্মেলনকে কেন্দ্র করে এখনও বাংলাদেশিদের সর্ববৃহৎ মিলনমেলা হয়।

মিশিগানে দুর্গোৎসব উদযাপিত

পার্থ সারথী দেব

যুক্তরাষ্ট্রের মিশিগান অঙ্গরাজ্যের বিভিন্ন স্থানে শারদীয় দুর্গোৎসব উদযাপিত হয়েছে। গত ৪ অক্টোবর থেকে ১৩ অক্টোবর পর্যন্ত ১০ দিন ব্যাপী বিভিন্ন মন্দির ও সংগঠন এ পূজার আয়োজন করেছে। পূজার প্রায় এক মাস আগ থেকেই প্রস্তুতি নিয়েছে মন্দির ও সংগঠনগুলো । প্রবাসের পূজা বেশীরভাগ সময়ই তিথি মতো অনুষ্টিত হয় সপ্তাহের কর্ম দিবসে এবং উদযাপন করা হয় সপ্তাহান্তে তবে এবার বিভিন্ন মন্দিরে পূজা তিথি মতো উদযাপন করা হয়েছে বলে জানা গেছে। প্রবাসের পূজা মানে একে অন্যের সাথে দেখা, মত বিনিময়, আনন্দ উদযাপন। প্রবাসের পূজার অন্যতম আকর্ষণ হচ্ছে সাংস্কৃতিক অনুষ্টান। কে কার চেয়ে সুন্দর অনুষ্টান উপহার দেয় তার এক প্রতিযোগিতা হয় এ শারদ উৎসবে। মিশিগানের সবচেয়ে বড় ও আকর্ষণীয় পূজা হয় দুর্গা মন্দিরে।

দুর্গা মন্দিরের পূজা : ডেট্রয়েট শহরের দুর্গা মন্দিরের পূজা উদযাপিত হয়েছে ৯ অক্টোবর থেকে ১৩ অক্টোবর পর্যন্ত এবং আবার উদযাপন করা হবে ১৯ অক্টোবর। তিথি মতো পূজা হয়েছে ৯ থেকে ১৩ অক্টোবর পর্যন্ত এবং ১৯ অক্টোবর ভক্তদের সুবিধার্থে আবার পূজা উদযাপন করা হবে। দুর্গা পূজা উপলক্ষ্যে দুর্গা মন্দির ব্যাপক কর্মসূচী নিয়েছিল। মায়ের বোধন, পূজা, অঞ্জলি, যজ্ঞ, প্রসাদ বিতরণ,আরতিসহ বিভিন্ন মাঙ্গলিক অনুষ্টানাদি হয়েছে। ১১ অক্টোবর অষ্টমীর দিনে ১০৮টি সদ্য ফোটা পদ্মফুল ও ১০৮ টি প্রদীপ জালিয়ে সন্ধি পূজা করা হয়েছে। বিশেষ আলোকসজ্জার আয়োজন করা হয়েছে। পূজার প্রতিদিন বিকেল ৪টা থেকে রাত অবধি ছিল কবিতা আবৃতি, গান, নৃত্য, গীতিনাট্য, ঐতিহ্যবাহী ধামাইল, কাঠিনাচ, কমেডি শো ও নাটক। ছিল আরতির সাথে ঐতিহ্যবাহী ধূনুচি নাচ। সব্যসাচী লেখক সৈয়দ শামসুল হকের 'নূরুল দিনের সারা জীবন' নাটকের অংশ বিশেষ 'জাগো বাহে কোনঠে সবাই' অভিনয় করে দেবাংশু দর্শক শ্রোতাদের মন্ত্র মুগ্ধ করে রাখেন কয়েক মিনিট। তার এই পরিবেশনা কয়েক মিনিটের জন্য সবাইকে নিয়ে গিয়েছিল রংপুরের প্রত্যন্ত চিরচেনা সেই প্রান্তিক জনপদে। আগামী ১৯ অক্টোবর অতিথি শিল্পীদের মধ্যে থাকছেন কলকাতা থেকে আগত শুচিস্মিতা চক্রবর্তী, সৌরভ দাশ ও পার্থ চক্রবর্তী। থাকবে ডলি দেব ও পার্থ দেব এর আকর্ষণীয় রম্য শ্রুতিনাটক। প্রতিবারের মতো এবারো পার্থ দেব এর সম্পাদনায় প্রকাশিত হয়েছে দুর্গা মন্দিরের নিয়মিত প্রকাশনা বহুবর্ণা 'শারদ অর্ঘ্য'। মন্দিরের প্রেসিডেন্ট পংকজ দাশ জানান, পূজার কদিন আবহাওয়া ভাল থাকায় এবার ভক্ত সমাগম হয়েছে অতীতের চেয়ে অনেক বেশী তাই স্থান সংকুলান করতে আমাদেরকে হিমশিম খেতে হয়েছে। ভাইস প্রেসিডেন্ট নিপেশ সুত্রধর জানান, এবারের পূজায় আমরা বৈচিত্রতা আনার চেষ্টা করছি, আমাদের এখানে প্রতি বছরই প্রচুর ভক্ত সমাগম হয় স্থান সংকুলান হয় না এবার আমরা মন্দিরের বাইরে ভক্তদের জন্য আলং বেধে খাওয়া ও বসার ব্যবস্থা করেছি। দুর্গা মন্দির হচ্ছে এ অঞ্চলে প্রবাসী বাংলাদেশীদের দ্বারা পরিচালিত সবচেয়ে পুরানো ও একমাত্র সর্বজনীন মন্দির।

ডোনাল্ড ট্রাম্প

কমলা হ্যারিস

ট্রাম্প- কামালার নির্বাচনি প্রচারণায় ঘুর্নিঝড়

ডেস্ক রিপোর্ট

যুক্তরাষ্ট্রের নির্বাচনি প্রচারণায় এখন হারিকেন চলছে। দুই প্রার্থী ডোনাল্ড ট্রাম্প এবং কামালা হ্যারিসের মধ্যে চলছে বাক্যবাণ। হারিকেন 'মিল্টন' বিধ্বস্ত যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা অঙ্গরাজ্যে। প্রবল এ ঝড়ে এখন পর্যন্ত ১৬ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। দেশটির আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনের আগে হারিকেন নিয়ে চলছে রাজনীতি। ঝড়ের পর সরকারি সহায়তার সমালোচনা করেছেন নির্বাচনে রিপাবলিকান পার্টির প্রার্থী ডোনাল্ড ট্রাম্প। আর ডেমোক্রেটিক পার্টির প্রার্থী কামলা হ্যারিসের দাবি, ট্রাম্প মিথ্যা বলছেন।

মিল্টনকে বলা হচ্ছে আটলান্টিক মহাসাগরে সৃষ্ট সবচেয়ে শক্তিশালী হারিকেনের মধ্যে পঞ্চম। সপ্তাহ দুয়েক আগে 'হেলেন' নামের আরেকটি হারিকেন ফ্লোরিডায় আঘাত হেনেছিল। ফলে অঙ্গরাজ্যটির বাসিন্দাদের জন্য মিল্টন বাড়তি বিপর্যয় ডেকে এনেছে। বিশেষজ্ঞরা বলছেন, মিল্টনের কারণে বিমাকারীদের ১০ হাজার কোটি ডলার পর্যন্ত ক্ষয়ক্ষতি হতে পারে।

হারিকেন মিল্টনে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সর্বোচ্চ সহায়তার ঘোষণা দিয়েছে প্রেসিডেন্ট জো বাইডেনের সরকার। তবে এর সমালোচনা করে স্থানীয় সময় গত বৃহস্পতিবার ট্রাম্প বলেছেন, কেন্দ্রীয় সরকারের যা করা উচিত ছিল, তা তারা করেনি, বিশেষ করে নর্থ ক্যারোলাইনা অঙ্গরাজ্যে। হারিকেন হেলেনের আঘাতে ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়েছিল নির্বাচনে 'দোদুল্যমান' হিসেবে পরিচিত এ অঙ্গরাজ্য।

তবে হারিকেন–পরবর্তী সরকারি সহায়তা নিয়ে ট্রাম্পের মন্তব্যের সমালোচনা করেছেন কামলা হ্যারিস। বৃহস্পতিবার লাস ভেগাসে আয়োজিত এক অনুষ্ঠানে ট্রাম্পের নাম উল্লেখ না কর তিনি বলেন, 'এটা দুঃখজনক যে হারিকেন হেলেন থেকে শুরু করে মিল্টন—দুই সপ্তাহে আমরা দেখতে পাচ্ছি, অনেক মানুষ রাজনৈতিক খেলা খেলছেন।'

আগামী ৫ নভেম্বরের প্রেসিডেন্ট নির্বাচনকে সামনে রেখে ট্রাম্প ও কমলার জনপ্রিয়তা নিয়ে একটি জরিপ করেছে রয়টার্স/ইপসস। এতে কমলার প্রতি সমর্থন জানিয়েছেন ৪৬ শতাংশ ভোটার। ট্রাম্পকে সমর্থন জানিয়েছেন জরিপে অংশ নেওয়া ৪৩ শতাংশ মানুষ। এর আগে গত ২০–২৩ সেপ্টেম্বর আরেকটি জরিপ চালিয়েছিল রয়টার্স/ইপসস। তাতেও ট্রাম্পের চেয়ে ৬ পয়েন্টে এগিয়ে ছিলেন কমলা।

বাফেলোতে দুর্বৃত্তের গুলিতে বাংলাদেশি তরুণের মৃত্যু

উত্তর আমেরিকা ডেস্ক

রওনক হক

নিউইয়র্কের বাফেলো শহরের নিকটবর্তী উপশহর চেকটোওয়াগাতে নিজ বাসার কাছে বাংলাদেশি বংশোদভুত রওনক হক রতন (২০) কৃষ্ণাঙ্গের গুলিতে প্রাণ হারান। ১২ অক্টোবর শনিবার বিকেলে তার বাসার কাছ থেকে ২ ব্লক দুরে তাকে গুলি করে হত্যা করা হয়। এ ঘটনায় কমিউনিটিতে শোকের ছায়া নেমে এসেছে। রতন গাড়ি পার্ক করে ২ বন্ধুকে নিয়ে গল্প করছিলেন। এমন সময় কৃষ্ণাঙ্গ এক ব্যক্তি এসে রতনের গাড়ি সরাতে বলে। রতন সহ বন্ধুরা গাড়ি সরাতে অস্বীকৃতি জানায়। রতনদের বক্তব্য ছিল, আমরাতো বৈধভাবে পার্ক করেছি। গাড়ি সরাবো কেন? বাক বিতন্ডার এক পর্যায়ে ঐ ব্যক্তি বন্দুক বের করে রতনকে লক্ষ্য করে কয়েক রাউন্ড গুলি ছুড়ে পালিয়ে যায়। আহত অবস্থায় রতনকে হাসপাতালে নিলে কর্তব্যরত ডাক্তার তাকে মৃত ঘোষণা করে।

রতনের জন্ম নিউইয়র্ক সিটির জ্যামাইকায়। বাবা মায়ের সাথে কয়েক বছর আগেই বাফেলো শহরে তারা স্থানান্তরিত হয়েছে । ২ ভাই ও এক ভাইয়ের মধ্যে রতন দ্বিতীয়। স্থানীয় কলেজের ২য় বর্ষের ছাত্র। বাবার নাম আতাউর লিটন। তাদের দেশের বাড়ি বগুড়ার শিবগঞ্জে।

রতনের নামাজে জানাজা সোমবার বিকেলে বাফেলো মুসলিম সেন্টারে অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন স্থানীয় রিয়েল এস্টেট ব্যবসায়ী নাজমুল হোসাইন। তাকে বাফেলো হারলেম সিমিটারিতে দাফন করা হবে।

হামাসের নতুন প্রধান ইয়াহিয়া সিনওয়ারের লাশের চারপাশে ইসরায়েলি সেনারা। ছবি: সংগৃহীত

হামাস প্রধান ইয়াহিয়া সিনওয়ার নিহত

উত্তর আমেরিকা ডেস্ক

ফিলিস্তিনি স্বাধীনতাকামী সংগঠন হামাসের নতুন প্রধান ইয়াহিয়া সিনওয়ার নিহত হয়েছেন বলে জানিয়েছেন ইসরায়েলি পররাষ্ট্রমন্ত্রী। আজ বৃহস্পতিবার (১৭ অক্টোবর) রাতে এই খবর জানিয়েছে বার্তা সংস্থা রয়টার্স।

এক বিবৃতিতে ইসরায়েলের পররাষ্ট্রমন্ত্রী ইসরায়েল কাৎজ বলেছেন, ৭ অক্টোবরের গণহত্যা ও নৃশংসতার জন্য দায়ী ইয়াহিয়া সিনওয়ার ইসরায়েলি সামরিক সৈন্যদের হাতে নিহত হয়েছেন।

তবে তাৎক্ষণিকভাবে এই খবর নিশ্চিত করতে সক্ষম হয়নি রয়টার্স। এ ছাড়া হামাসের পক্ষ থেকেও আনুষ্ঠানিক কোনো মন্তব্য পাওয়া যায়নি।

এর আগে, সিনওয়ার নিহতের বিষয় নিশ্চিতে ডিএনএ টেস্ট করে ইসরায়েল। নিহত ওই ব্যক্তি আসলেই ইয়াহিয়া সিনওয়ার কি না তা নিশ্চিত করার জন্য ইসরায়েলি কর্তৃপক্ষ গুরুত্বসহকারে কাজ করে।

ইসরায়েল প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ) এবং দেশটির পুলিশ এক যৌথ বিবৃতিতে বলেছে, লাশের ডিএনএ ও দাঁতের ছবিগুলো একটি ফরেনসিক ল্যাবে পরীক্ষা করা হয়েছে।

বিবিসি বলছে, হামাসের এই নেতা ২২ বছর ইসরায়েলের কারাগারে বন্দী ছিলেন। তাই এই নমুনাগুলো ইসরায়েলের কাছে থাকা রেকর্ডগুলোর সঙ্গে মেলানো হয়েছে। এদিকে ইসরায়েলি পুলিশ, আইডিএফ এবং গোয়েন্দা সংস্থা শিনবেত সুনির্দিষ্টভাবে শনাক্তের পর সিনাওয়ারের মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছে।

এদিকে হামাস সংশ্লিষ্ট দুইটি সূত্রের বরাতে বার্তা সংস্থা রয়টার্স বলছে, সিনওয়ারকে হত্যা করা হয়েছে বলে ইঙ্গিত পাওয়া গেছে।

এই পরিস্থিতিতে বাংলাদেশ সময় রাত সাড়ে ১১টায় ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু একটি বিবৃতি দেবেন বলে জানিয়েছে আল জাজিরা।

জব জব জব

আপনি কি আমেরিকাতে একটি সরকারী জব খুজছেন? আপনার কি হাইস্কুল ডিপ্লোমা, ব্যাচেলর অথবা মাষ্টার ডিগ্রী আছে? বাংলাদেশ অথবা ইউএস থেকে যদি থাকে তাহলে আর দেরী না করে আমাদের টিমে যোগ দিন এবং আপনার পছন্দমত ফিল্ডে একটি প্রফেশনাল জবের জন্য চেষ্টা করুন।

সিভিল সার্ভিস পরীক্ষায় (সিটি, স্টেট এবং ফেডারেল জবের) আপনাদের সর্বোচ্চ স্কোর পাওয়ার জন্য আমাদের সর্বাত্নক প্রচেষ্টা থাকে এবং সেভাবেই আমরা প্রার্থীকে প্রস্তুত করে নেই। (ম্যাথ, ইংরেজী এবং অন্যান্য ট্রিকি প্রশ্নাবলী সমৃদ্ধ আমাদের নিজস্ব প্রিপারেশন গাইড ব্যাংক)। আমেরিকার অন্য স্টেট থেকেও আমাদের টিমে যোগ দিতে পারেন।

তাছাড়া প্রফেশনাল রিজুমি, কভার লেটার এবং ফেইস টু ফেইস ইন্টারভিউ-এর জন্য তৈরী করা হয়। যাদের একাউন্টিং বেকগ্রাউন্ড তাদেরকে কুইকবুক, পিচট্রি, পেরুল ও একাউন্টিং-এর টিউটরিংসহ সবাইকে কম্পিউটার বেসিক শিখানো হয়।

আগ্রহী প্রার্থীরা আজই যোগাযোগ করুন - ৭১৮-৫৩০-২৬০৫
email: roudro123@yahoo.com

এম এ জামান (বর্তমানে নিউইয়র্ক স্ট্যাট গভ-এ কর্মরত)
সাকসেস মাল্টিপারপাস এন্ড ক্যারিয়ার কনসালটিং ফার্ম (প্রতিষ্ঠাতা)
সার্টিফাইড বিজনেস ক্যারিয়ার স্কুল টিচার, দ্যা স্টেট ইউনিভার্সিটি অফ নিউইয়র্ক (জব ডেভলপার)
প্রাক্তন সাবস্টিটিউট টিচার, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এডুকেশন এবং
লেকচারার ইন একাউন্টিং, এম এল আই, নিউ ইয়র্ক, কুইন্স

SECURITY CAMERA

আপনার বাসা, ব্যবসা প্রতিষ্ঠান ও কর্মস্থলে সিকিউরিটি ক্যামেরা লাগিয়ে, দেশ-বিদেশে যেখানেই থাকুন বাসায় বসে আপনার মোবাইল ফোনে লাইভ ভিডিও দেখুন

কোন মাসিক ফি ও হিডেন চার্জ নেই।
আমরা সবসময় ফোন রিসিভ করি

কম্পিউটার রিপিয়ার, সাউন্ড সিস্টেম ও অফিস নেটওয়ার্ককিং এর কাজ করি।

PH-929-257-2015

JOY SECURITY SYSTEM INC
170-05 Hillside Ave Jamaica, NY-11432

মোদি আমার দেখা সবচেয়ে চমৎকার মানুষদের একজন

ট্রাম্পের মন্তব্য

নিউজ ডেস্ক

ডোনাল্ড ট্রাম্প

যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ভূয়সী প্রশংসা করেছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির। সম্প্রতি একটি পডকাস্টে মোদিকে নিজের বন্ধু উল্লেখ করে ট্রাম্প বলেছেন, 'মোদি আমার দেখা সবচেয়ে চমৎকার মানুষদের একজন। তাকে বাইরে থেকে দেখে আপনার বাবা বলে মনে হবে। সবচেয়ে ভালো মানুষ তিনি।'

আসন্ন মার্কিন প্রেসিডেন্ট নির্বাচন সামনে রেখে বিশ্ব নেতাদের নিয়ে ফ্ল্যাগ্র্যান্ট পডকাস্টে ডোনাল্ড ট্রাম্প নিজের ধারণা তুলে ধরছেন। সেই আলোচনাতে ভারতের বর্তমান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির প্রসঙ্গ এলে তাকে নিয়ে এমন মন্তব্য করেন ডোনাল্ড ট্রাম্প। হিন্দু জাতীয়তাবাদী মোদির সঙ্গে ট্রাম্পের বেশ উষ্ণ সম্পর্ক। অপরদিকে ভারতের ডানপন্থীদের মধ্যে সাবেক মার্কিন প্রেসিডেন্টের উল্লেখযোগ্য সমর্থক আছেন।

যুক্তরাষ্ট্রের টেক্সাসের হিউস্টনে ২০১৯ সালে এক অনুষ্ঠানে ট্রাম্প ও মোদি পরস্পরের ব্যাপক প্রশংসা করেন। ওই অনুষ্ঠানে হাজার হাজার ভারতীয় বংশোদ্ভূত আমেরিকানদের সামনে একে অপরের ঘনিষ্ঠ ও মিত্র বলে উল্লেখ করেন তারা। প্রায় ৫০ হাজার মানুষ অংশ নেয় 'হাউডি মোদি' নামের ওই অনুষ্ঠানে।

অপরদিকে প্রেসিডেন্ট হিসেবে ট্রাম্পের শেষ বছরে ভারতের গুজরাটে বড় একটি সমাবেশের আয়োজন করেন মোদি। ওই সমাবেশে প্রায় এক লাখ জনসমাগম হয়েছিল। মোদির বিরুদ্ধে মুসলমানদের সঙ্গে বৈষম্যমূলক আচরণ করার অভিযোগ থাকলেও ট্রাম্প পছন্দ করেন তাকে। বিভিন্ন বিতর্কিত সময়েও মোদির পক্ষ নিয়েছেন তিনি। মুসলিম সংখ্যাগরিষ্ঠ কাশ্মীরের স্বায়ত্তশাসন প্রত্যাহারের সময় মোদির পাশে ছিলেন ট্রাম্প।

এদিকে, আগামী মাসে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে রিপাবলিকান প্রার্থী

ইসরাইলে মার্কিন সাংবাদিক আটক 'শত্রুকে সহায়তার' অভিযোগে

উত্তর আমেরিকা অফিস

ইরানের ক্ষেপণাস্ত্র হামলার সময় নেভাটিম বিমানঘাঁটিতে ক্ষয়ক্ষতি সম্পর্কে খবর সংগ্রহ করার জন্য জেরেমি লোফ্রেডো নামে একজন ২৮ বছর বয়সি মার্কিন সাংবাদিককে গ্রেপ্তার করেছে ইসরাইলি পুলিশ।

গত ১ অক্টোবর ইসরাইলের অভ্যন্তরে প্রায় ২০০ ক্ষেপণাস্ত্র হামলা করে ইরান। তেহরানের এই হামলার অন্যতম লক্ষ্য ছিল ইসরাইলি বিভিন্ন সামরিক ঘাঁটি। ইসরাইলের এমনই একটি ঘাঁটি হলো নেভাটিম বিমানঘাঁটি।

পরে ইসরাইলের সামরিক বাহিনীর দাবি করে, ইরানের হামলায় এই বিমানঘাঁটির ক্ষয়ক্ষতি হয়েছে। তবে সেটা খুব ভয়াবহ নয়। বিমানঘাঁটি অচলও হয়নি। তবে ইরানের বার্তা সংস্থা মেহের জানায়, নেভাটিম বিমানঘাঁটিতে ইরানের ১৫টি ক্ষেপণাস্ত্র আঘাত হেনেছে। এতে বিমানঘাঁটিটি মারাত্মক ক্ষতিগ্রস্ত হওয়ার পাশাপাশি সম্পূর্ণরূপে অকার্যকর হয়ে পড়ে।

১০ অক্টোবর বৃহস্পতিবার ইসরাইলি সংবাদ সাইট ইয়েনেট জানিয়েছে, লোফ্রেডোর বিরুদ্ধে আনা অভিযোগের মধ্যে রয়েছে 'যুদ্ধকালীন সময়ে শত্রুকে সহায়তা করা' এবং 'শত্রুকে তথ্য সরবরাহ করা'।

লোফ্রেডো, মার্কিন সংবাদমাধ্যমে দ্য গ্রেজোনে কাজ করেন, ইসরাইলি কর্তৃপক্ষ যে পাঁচজন সাংবাদিককে আটক করেছে তাদের মধ্যে তিনি একজন।

আন্দ্রে এক্স নামে একজন রাশিয়ান সাংবাদিক বুধবার এক্স-এ পোস্ট করেছেন, 'আজ আমাকে মারধর করা হয়, অপহরণ করা হয়, চোখ বেঁধে (ইসরাইলি সেনাবাহিনী) একটি সামরিক ঘাঁটিতে নিয়ে যায়, একত্রে আরো ৪ জন সাংবাদিকের সাথে'।

তিনি আরো লিখেন, 'আমাদের দুজনকে ১১ ঘন্টার জন্য কোনো অভিযোগ ছাড়াই আটকে রাখা হয়েছিল, আমার ফোন আটকে করা হয়, এবং আমাদের মধ্যে একজন এখনও হেফাজতে রয়েছে।'

মিশিগানে সড়ক দুর্ঘটনায় এক বাংলাদেশি নিহত

পার্থ সারথী দেব

মাহিদুল ইসলাম

যুক্তরাষ্ট্রের মিশিগান অঙ্গরাজ্যের ডেট্রয়েটে গতকাল ১০ অক্টোবর বৃহস্পতিবার দুপুরে এক সড়ক দুর্ঘটনায় একজন নিহত ও ৫ জন আহত হয়েছেন বলে হ্যামট্রাম্যাক পুলিশ জানিয়েছে। নিহত ব্যক্তি প্রবাসী বাংলোদশির নাম মাহিদুল ইসলাম সুজন। ঘটনাটি ঘটেছে ডেট্রয়েটের কনান্ট রোড ও ম্যাকনিকলস রোডের সংযোগস্থলের কাছে (ডেট্রয়েট দুর্গা টেম্পলের কাছে)। আহত ৫ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে বলে পুলিশ জানিয়েছে। হ্যামট্রাম্যাক পুলিশ প্রধান জামিল আল তাহেরি সংবাদ মাধ্যমকে জানান, একটি সন্দেহজনক গাড়ীর যাত্রীদের পুলিশ তাড়া করলে দ্রুত গতিতে গাড়ীটি পালিয়ে যাওয়ার সময় ঘটনাস্থল ইন্টারসেকশানে দাড়িয়ে থাকা মাহিদুল ইসলাম সুজনের গাড়ীতে আঘাত করে এতে ঘটনাস্থলেই সুজনের মৃত্যু হয় ও তার বাবাসহ আরো ৪ জন আহত হন। এ দুর্ঘটনায় এখানে থাকা ৬টি গাড়ী ক্ষতিগ্রস্থ হয়। হ্যামট্রাম্যাক পুলিশ প্রধান জামিল আল তাহেরি বলেন, এটি একটি অত্যন্ত দুঃখজনক ঘটনা, নিহত ব্যক্তির পরিবারের প্রতি আমার সমবেদনা রইল। মিশিগান স্টেট পুলিশ ও ডেট্রয়েট পুলিশ বিভাগ হ্যামট্রাম্যাক পুলিশকে এ ঘটনার তদন্তে সাহায্য করছে বলে পুলিশ সুত্রে জানা গেছে। এদিকে এ অনাকাঙ্খিত মৃত্যুতে বৃহত্তর ডেট্রয়েটের বাঙ্গালি কমুউনিটিতে শোকের ছায়া নেমে এসেছে। সর্বত্র এ বিষয়টি নিয়ে আলোচনা হচ্ছে। সুজনের গ্রামের বাড়ী সুনামগঞ্জের ছাতক উপজেলার বুরাইয়া গ্রামে।



২৪-এর বিপ্লবের প্রথম অধ্যায় শেষ হয়েছে: কাকন রেজা

টক অব দ্য উইক

সোহানা নাজনীন

"ইনক্লুসিভ শব্দটার মানে আমরা ঠিকমতো বুঝতে পারিনি। শব্দটির মানে হচ্ছে অংশীদারিত্ব, অংশীজন, অন্তর্ভুক্ত লোক। ইনক্লুসিভিটি শব্দের অর্থ হল অসাম্প্রদায়িকতা কিংবা বৈষম্যহীন একটা ব্যাপার। আমাদের সমাজের প্রেক্ষিতে ইনক্লুসিভ শব্দটা যথাযথ ব্যবহার না করে সেকুলারিজম শব্দটি ব্যবহার করা হয়েছে। ফলে এই দুটো শব্দের মিশ্রণে আজ এমন পরিস্থিতি এসে দাঁড়িয়েছে"-"কথাগুলো বলেছেন লেখক, সাংবাদিক, সমালোচক কাকন রেজা। ১০ অক্টোবর প্রথম আলো উত্তর আমেরিকার জনপ্রিয় সাপ্তাহিক সম্প্রচার 'টক অব দ্য উইক' এর "আজকের বাংলাদেশ" পর্বে অতিথি হিসাবে উপস্তিত ছিলেন তিনি। কাকন রেজা বাংলাদেশের সাম্প্রতিক সোশ্যাল মিডিয়াতে "গুজব" এবং 'রিসেট বাটন' প্রসঙ্গ নিয়ে আলোচনা করেছেন।

৫ অগাস্টের পর সোশ্যাল মিডিয়াতে গুজবের ছড়াছড়ি তীব্র রূপ ধারণ করেছে। বিভিন্ন ইস্যুতে বিভিন্ন চক্র গুজবে সক্রিয় হয়ে উঠছে। এই গুজবের কারণে ব্যক্তি, সমাজ, রাষ্ট্র এবং ধর্মের বিভিন্ন রকম ক্ষতি সাধন হচ্ছে। গুজবের প্রসঙ্গে কাকন রেজা বলেন, "জুলাই বিপ্লবের পর ৫ই আগস্ট আমাদের বিজয় হয়। এই বিজয়টা অনেকেই ভালোভাবে গ্রহণ করে নাই। এই বিপ্লবকে স্বশরীরে প্রতিহত করার তাদের কোনো উপায় নেই। যার ফলে বিপ্লবকে বিতর্কিত করতে, নিজেদের অবস্থান জাহির করতে তারা গুজবের সৃষ্টি করছে।গুজবগুলো কয়েকটি নির্দিষ্ট ফেসবুক পেইজের মাধ্যমে ছড়াচ্ছে। অনেকেই না বুঝে এই খবরগুলো শেয়ার করছেন। ফ্যাক্টচেকের কারণে গুজব ছড়িয়ে খুব বেশি এগোনো না।"

সাম্প্রতিক সময়ে সোশ্যাল মিডিয়া কনটেন্টের ওপর নজরদারি নিয়ে, বিশেষ করে আবু সাঈদকে সন্ত্রাসী বলে আখ্যা এবং ছাত্র-জনতার গণঅভ্যুত্থানকে কটূক্তি করে ফেসবুকে লেখার কারণে লালমনিরহাট জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট তাপসী তাবাসসুম উর্মিকে সাময়িকভাবে বহিস্কার করা হয়েছে। এ নিয়ে সোশ্যাল মিডিয়াতে আলোচনা-সমালোচলা হচ্ছে। অনেকেই এটাকে বাকস্বাধীনতা হরণ হিসাবে দেখছেন। এ নিয়ে কাকন রেজা বলেন, "প্রথমে বাক স্বাধীনতা এবং এর ক্ষেত্র সম্পর্কে জানতে হবে। তাপসী তাবাসসুম উর্মি একজন নির্বাহী বিচারক, তার উচিত নিরপেক্ষভাবে কাজ করা। বিচারকের জায়গায় থেকে এজাতীয় অন্যায় কথা বলা তার শোভা পায় না। আবু সাইদকে নিয়ে বাক স্বাধীনতার কারণে তিনি নিজ মতামত দিতেই পারেন। তার চিন্তাধারা থেকে ডঃ ইউনূসকে নিয়েও সমালোচনা করতে পারনে। কিন্তু এই সমালোচনা করতে গেলে তাকে নিজ পদ ছেড়ে সাধারন মানুষের কাতারে নেমে আসতে হবে। বিচারক পদবী ঝেড়ে ফেলে তখন তিনি এমন ধারণা প্রকাশ করতে পারতেন। কিন্তু চাকুরি বিধি লঙ্ঘন করে তিনি একথা বলেছেন। এটা কোনো রায় না, শুধুমাত্র ব্যাক্তিগত অভিমত। একজন বিচারকের জায়গা থেকে ব্যাক্তিগত অভিমত দেয়াটা নৈতিকতা ও নীতির বাইরে। যদি সরকারী কর্মকর্তারা বিধিমালা তুলে দিয়ে সাধারণ জনগনের মতো সবকিছু বলার বাকস্বাধীনতা পান তখন আর শৃঙ্খলার ব্যাপারটা থাকে না। চেইন অফ কম্যান্ড ভেঙ্গে যায়। চাকুরিবিধি অনুযায়ী তাকে বরখাস্ত করতেই হবে, নাহলে সরকার নিজেই আইন লঙ্ঘন করবেন।"

এরপর উপস্থাপিকা সোহানা নাজনীন সাধারণ জনগণের মধ্যে ছড়ানো কথাগুলোর প্রসঙ্গে বলেন, শুনতে পাই, আওয়ামী লীগকে ভোট দিলে ধর্ম থাকবে না, বাংলাদেশ ভারত দখল করবে, বিএনপি ক্ষমতায় এলে দেশ পাকিস্তান হবে, জামাত ক্ষমতায় এলে দেশ ইসলামিক রাষ্ট্র হবে। অনেকেই ড. মুহাম্মদ ইউনূসকে অন্তর্বর্তীকালীন সরকারপ্রধান হিসেবে উপযুক্ত মনে করছেন, তবে তাকে হটানোর চক্রান্তো চলছে। তাহলে এই মুহূর্তে বাংলাদেশ পরিচালনা করতে আর কোনো উপযুক্ত লিডার আছে কি? তকাকন রেজা বলেন, "জনগণের ভাবনাগুলো সম্পূর্ণ ছেলে ভুলানো কথা। ভারত নিজেই সমস্যায় জর্জরিত, সেখানে ভারত কখনো বাংলাদেশ আক্রমণ করবে না। ভারতের সেভেন সিস্টার্স, পাঞ্জাব, কাশ্মির এসব জায়গার স্বাধীনতার কথা তো উত্থাপন হয়েই আছে। বাংলাদেশ আক্রমণ করলে চিকেন নেকের প্রশ্ন এসে যায়, এই সুযোগে কাশ্মির স্বাধীনতা ঘোষণা করবে। আবার অরুণাচল দিয়ে চীন বা পাকিস্তান ঢুকে যেতে পারে। সুতরাং বাংলাদেশ আক্রমণ করে দখল করা খুব সহজসাধ্য কাজ নয়। তাছাড়া বাংলাদেশ আর পাকিস্তানের মধ্যে রয়েছে হাজার

ভারত কখনো বাংলাদেশ আক্রমণ করবে না। ভারতের সেভেন সিস্টার্স, পাঞ্জাব, কাশ্মির এসব জায়গার স্বাধীনতার কথা তো উত্থাপন হয়েই আছে। বাংলাদেশ আক্রমণ করলে চিকেন নেকের প্রশ্ন এসে যায়, এই সুযোগে কাশ্মির স্বাধীনতা ঘোষণা করবে। আবার অরুণাচল দিয়ে চীন বা পাকিস্তান ঢুকে যেতে পারে।

কিলোমিটারের ব্যবধান, এই সময়ে এই বাস্তবতায় দুইটা দেশ এক হবার কোনই সম্ভবনা নাই।"

উপযুক্ত লিডারের প্রসঙ্গে তিনি বলেন, "আমি মনে করি ২৪-এর বিপ্লবের প্রথম অধ্যায় শেষ হয়েছে। শাসকরা বিদায় নিয়েছে, তবে শাসকদের তৈরি প্রশাসন এখনো বিদ্যমান। বিপ্লব শেষ করতে হলে এইসব নষ্ট প্রশাসন শেষ করতে হবে। এই সময় এই বিপ্লবের কথা কেউ চিন্তাও করে নাই। বড় বড় রাজনীতিবিদরাও ভাবতে পারেন নাই আগস্টের পাঁচ তারিখে ফ্যাসিস্ট রেজিমের পতন ঘটবে। এই প্রস্তুতিহীন অবস্থায় ডঃ ইউনুসের বিকল্প কেউ ছিল কিনা আমার জানা নেই। আন্তর্জাতিকভাবে প্রভাব আছে, বিশেষ করে পশ্চিমা দেশগুলোর সাথে লিঙ্ক আছে, এমন একজন মানুষ ড. ইউনুসই ছিলেন। আন্দোলনের রুপরেখা যারা তৈরি করেছিলেন তাদের চিন্তাই ছিল ড.ইউনুস। তিনি দায়িত্বে আসার পর আমরা বন্যা পুনর্বাসনের অর্থ পেলাম, রেমিটেন্স বৃদ্ধি পেল, লোন পেতে যাচ্ছি, সবদিকে ইতিবাচক ব্যাপারগুলো দেখতে পারছি। আবার এই সরকারে অনেকগুলো সমস্যাও আছে, যেমন দ্রব্যমুল্যের উর্ধ্বগতি। মনে রাখতে হবে যে, আমাদের দ্রব্যমুল্যের সাথে কিছু প্রাকৃতিক ব্যাপার জড়িত। রাজনৈতিক প্রতিহিংশার কারণে সৃষ্ট বন্যার জন্যে দ্রব্যমুল্যের বৃদ্ধি হয়েছে। ড. ইউনুস সরকারের আরো একটা অসফলতা আছে। বাজার নিয়ন্ত্রণকারী সিন্ডিকেট তিনি ভাঙ্গতে পারেননি। সদিচ্ছা ও সময়ের সাথে এটার পুনর্বাসন হবে বলে আশা করছি। পুলিশ প্রশাসন এখনো ঘুরে দাঁড়াতে পারেনি, সেখানে অস্থিরতা চলছে। কিছু পুলিশ সদস্যের পুরনো ফ্যাসিস্ট রেজিমের সাথে সংযোগ আছে। সব মিলিয়ে সরকার পুরোপুরি সচল হতে পারেনি।"

এই মুহূর্তের সবচেয়ে আলোচিত বিষয়-রিসেট বাটন। রিসেট বাটন ধারণার কথা বলেছিলেন ছাত্ররা আর উল্লেখ করেছিলেন ড. ইউনূস। এ নিয়ে চলছে ব্যাপক আলোচনা, সমালোচনা ও ট্রল। একশ্রেণির মানুষ এটাকে 'ডিলিট বাটন' এর সংজ্ঞায় ফেলছেন। মুক্তিযুদ্ধের ইতিহাস মুছে ফেলা নিয়ে প্রশ্ন তুলছেন। কী এই রিসেট বাটন? কাকন রেজা বলেন, "কম্পিউটার-ল্যাপটপ যখন ক্র্যাশ করে তখন আমরা নতুন করে এটিকে শুরু করতে রিসেট করি। কম্পিউটারের বেসিক সম্পর্কে না বুঝলে রিসেট শব্দের মানে বোঝা সম্ভব না। রিসেট করলে কম্পিউটাররে বেসিক ব্যাপারগুলো এবং কম্পিউটারের সাথে সেট করা মূল প্রোগ্রাম কখনও হারায় না। বাংলাদেশের বেসিক হচ্ছে মুক্তিযুদ্ধ, আমাদের সংস্কৃতি, নব্বইয়ের গণ আন্দোলন, চব্বিশের বিপ্লব। আমাদের মুক্তিযুদ্ধ, সংস্কৃতি, ধর্ম, সংগ্রাম আমাদের বেসিক, যা রিসেট করা যায় না। যারা ঐতিহ্য এবং সংস্কৃতিকে মিলিয়ে ফেলে ক্রাশ করিয়েছেন, এই ক্রাশটাকে ঠিক করার জন্যে ড.ইউনুস বলেছেন রিসেট দিতে হবে। কিন্তু রিসেটের সাথে রিমুভ শব্দটাকে অনেকেই মিলিয়ে ফেলেছেন।"

একজন সাংবাদিক এবং লেখক হিসেবে মিথ্যা তথ্য ছড়িয়ে দেওয়ার সামাজিক ও ব্যক্তিগত প্রভাব নিয়ে কাকন রেজা বলেন, "গণমাধ্যমে আমাদেরকে আরও দায়িত্বশীল হতে হবে, বিশেষ করে সোশ্যাল মিডিয়ার এই যুগে। গুজবের একটা নেতিবাচক প্রভাব সমাজে পড়বেই। গুজব সৃষ্টি হলে মানুষের নজর সেদিকে পড়ে এবং অস্থিরতা তৈরি হয়। তবে এখনকার এই প্রযুক্তির যুগে মানুষকে এই মিথ্যা গুজব দ্বারা ক্ষণিকের জন্য হয়তো মাতিয়ে রাখা যাবে। পরে ঠিকই সত্যিটা বের হবে। এগুলো হতে থাকলে এমন অবস্থায় তারা পৌঁছাবে যে তাদের সত্যিটাও এক সময় মানুষ আর বিশ্বাস করবে না। গুজব ছড়ানো রোধে গণমাধ্যমেরও একটা দায়িত্ব আছে। বিগত ফ্যাসিস্ট সরকারের সময় গণমাধ্যমগুলোর মধ্যে একটা জি হুজুর টাইপের টিউন ছিল। তারা সরকারের সঠিক সমালোচনা করেনি। বর্তমান সরকার নিজেদের সমালোচনা করতে বললেও গণমাধ্যমগুলোর ভিতরে এখনো ভয় এবং অপরাধবোধ আছে। গণমাধ্যম তার দখলদারিত্ব থেকে চরিত্র ফিরে পায়নি। সেখানে দখলদারিত্ব বাদ দিয়ে সৎ-মেধাসম্পন্ন মানুষ নিয়োগ দিতে হবে। পঁচাত্তর হাজার টাকা বেতন পেয়ে যারা ২০০০ কোটি টাকা বানিয়েছে, এরকম চরিত্র যদি আবারো আসে তাহলে তো লাভ হবে না। এখন যারা গণমাধ্যমে আছেন তাদের কাজ হবে গণমাধ্যমটাকে গুছিয়ে দেয়া। ভীতি ছাড়িয়ে তারা যেন সৎভাবে দৃঢ় স্বরে কথা বলতে পারে। গণমাধ্যম যদি তার চরিত্র ফিরে না পায় তাহলে এই গুজব রোধ করা সহজ হয়ে উঠবে না।"

বাংলাদেশে চট্টগ্রামের পূজামণ্ডপে ইসলামী সংগীত গাওয়ার ঘটনাটি সম্প্রতি আরেকটি আলোচনার কেন্দ্রবিন্দুতে। প্রথমে বলা হয়েছিল যে গান গাওয়া হয় জোর করে এবং এতে জামাত শিবিরকে যুক্ত করা হয়। কিন্তু পরে জানা যায় সাম্প্রদায়িক সম্প্রীতির আবহ আনতে পূজা কমিটির আমন্ত্রণেই এটি হয়েছিল। এবং এখানে কোনো জামাত শিবির নয় বরং গান করেছিলেন পাঞ্জেরী শিল্পীগোষ্ঠি, পারাবার শিল্পী গোষ্ঠি। অনেকেই ভাবছেন, বাঙালির ধর্মীয় আবেগকে কাজে লাগিয়ে অস্থিরতা বাড়ানোর একটি প্রচেষ্টা এটি। এ প্রসঙ্গে কাকন রেজা বলেন, "দুটো কাজই চরম নির্বুদ্ধিতার পরিচয় দিয়েছে। পুজা মন্ডপে ইসলামী গান গাওয়া হচ্ছে, আবার দেখা যাবে মসজিদে ভজন গাওয়া হবে। যারা আমন্ত্রণ জানিয়েছিলেন তারা কেন একটা ইসলামিক শিল্পীগোষ্ঠীকে ডেকেছিলেন? সবাই জানে তারা ইসলামিক ধারার গান গায়, তারা হামদ-নাত-গজল গায়। আর আমন্ত্রিতরাই কেন স্টেজে উঠে গান গাইলো? দেখা করে অভিনন্দন জানিয়ে চলে গেলেই পারতো। একটা পক্ষ সবসময়ই ঝামেলা বাধাতে চায়। এই কাজগুলো যে কতোটা অস্থিরতা সৃষ্টিকারী তা দুই পক্ষের কেউ বুঝতে পারছে না। পুজা মন্ডপে গিয়ে মুসলমানদের গান গাওয়ার কোন দরকার নেই। যার যার বৈচিত্রতা নিয়ে সে সে থাকুক, সবাইকে একসাথে মিলিয়ে স্যালাইন বানাতে হবে কেন? আমাদের বামপন্থী কিছু মানুষের এই ধরনের চিন্তা ভাবনা ছিল।এই ঘটনা বর্তমান সময়ের সাথে যায় না, চট্টগ্রামের ঘটনা সেটাই প্রমাণ করেছে। যার যার ধর্মীয় জায়গা তার তার কাছে থাকা উচিত। আমাদের বৈচিত্র্যটা আমাদেরকেই ধরে রাখতে হবে, এটাকে ঘুটা দিয়ে স্যালাইন বানালে চলবে না।"

দর্শকদের পক্ষ থেকে শেখ আখতারুল ইসলাম প্রশ্ন রাখেন, যে দেশের মুসলমান ধর্মকে রাষ্ট্রকে দিয়ে দিয়েছে, তাদের আর ধর্ম পালনের আর দরকার আছে কি? কাকন রেজা প্রতিত্তোরে বলেন, "আমাদের দেশের একটা রাষ্ট্র ধর্ম আছে, আর সেটা হচ্ছে ইসলাম। এবার পাকিস্তানে উৎসবের সাথে দুর্গাপূজা হচ্ছে। কাতার, দুবাই এমনকি সৌদি আরবেও দুর্গাপূজা পালিত হয়। পকিস্তান ইসলামিক রাষ্ট্র, সৌদি আরব শরীয়া ভিত্তিক রাষ্ট্র, কিন্তু সেখানেও দুর্গাপূজা হচ্ছে। রাষ্ট্রধর্ম ইসলাম হলে যদি প্রশ্ন ওঠে যে রাষ্ট্রের কাছে ধর্মকে দিয়ে দিয়েছে তাহলে আমি বলবো সেখানে সূক্ষ্ম দোষারোপের একটা চিন্তা কাজ করে। এতোদিন এই প্রশ্ন কেউ তোলেনি কেন? ড. ইউনূস সরকার দুইমাসে এই সমাধান করতে পারবেন না। আমরা একটা গণতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠা করতে চাচ্ছি, সেই সরকারের কাছে আমরা এই প্রশ্ন তুলতে পারবো। যে সরকার রাজা হয়ে ওঠেনি, যে সরকার কর্তৃত্ববাদী না, আমাদের প্রজা ভাবেনি, সেই সরকার আমাদের প্রয়োজন। কিছু বলার, কিছু পাল্টাবার, আন্দোলন করা, সকল প্রশ্ন ওঠার জন্যে পরিবেশ তৈরি করতে হবে। প্রশ্ন উঠলেই আমরা উত্তরগুলো পেয়ে যাবো। এইসব প্রশ্ন ওঠার জন্যেই পরিবেশ তৈরি করা দরকার, এই কথাগুলো বলার জন্যেই বিপ্লব হয়েছে।"

এমন সব গুরুত্বপূর্ণ আলোচনার মাধ্যমেই সেদিনের অনুষ্ঠানটি শেষ হয়। অনুষ্ঠানটির সঞ্চালনায় ছিলেন সোহানা নাজনীন। সার্বিক পরিচালনা ও কারিগরি সহযোগিতায় ছিলেন এইচ বি রিতা। প্রথম আলো উত্তর আমেরিকার "টক অফ দ্য উইক" অনুষ্ঠানটি মাসের প্রতি বৃহস্পতিবার নিউইয়র্ক সময় রাত নয়টায় ফেসবুক পেইজ লাইভে সরাসরি সম্প্রচারিত হয়ে থাকে।

স্ত্রীসহ সাবেক সেনাপ্রধান আজিজের দেশত্যাগে নিষেধাজ্ঞা

ঢাকা অফিস

স্ত্রীসহ সাবেক সেনাপ্রধান জেনারেল আজিজের দেশত্যাগে নিষেধাজ্ঞা জারি করেছে আদালত। দুর্নীতি দমন কমিশনের (দুদক) আবেদনের পরিপ্রেক্ষিতে ঢাকার মেট্রোপলিটন সিনিয়র স্পেশাল জজ আসসামছ জগলুল হোসেনের আদালত এই নিষেধাজ্ঞা জারি করেন।

দুদকের অভিযোগ থেকে জানা যায়, আজিজ আহমেদের বিরুদ্ধে ক্ষমতার অপব্যবহার, বিষিয় অনিয়ম ও দুর্নীতির মাধ্যমে নিজ নামে ও তাঁর পরিবারের সদস্যদের নামে জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ অর্থসহ বিভিন্ন ব্যাংক ও হস্তির মাধ্যমে বিদেশে অর্থপাচার করে মালেশিয়া, সিঙ্গাপুর ও দুবাই ও ব্যবসা পরিচালনা ও বাড়ি কেনার অভিযোগ অনুসন্ধানাধীন। জানা গেছে, আজিজ ও তাঁর স্ত্রী দিলশাদ নাহার কাকলী দেশত্যাগের চেষ্টায় রয়েছেন।

সুষ্ঠু অনুসন্ধানের স্বার্থে দুজনের বিদেশগমন রহিতকরণ প্রয়োজন।

এলাকায় যাচ্ছে না

শেষ পৃষ্ঠার পর

দাফন হবে।'

মাসুদুল ইসলাম চৌধুরী আরও জানান, এলাকার মানুষের দাবি থাকলেও দেশের বর্তমান পরিস্থিতি বিবেচনায় মতিয়া চৌধুরীর মরদেহ নিজের নির্বাচনী এলাকায় নেওয়া হবে না।

বুধবার হার্ট অ্যাটাকে মারা যান দেশের রাজনীতির অন্যতম নামকরা নারী নেত্রী মতিয়া চৌধুরী। ৮২ বছর বয়সী এই আওয়ামী লীগ নেতাকে সকালে রাজধানীর এভার কেয়ার হাসপাতালে নেওয়া হয়। চিকিৎসাধীন অবস্থায় দুপুরে তার মৃত্যু হয়। হৃদরোগসহ শারীরিক কিছু জটিলতায় ভুগছিলেন মতিয়া চৌধুরী।

১৯৪২ সালের ৩০ জুন পিরোজপুরে জন্ম নেন অগ্নিকন্যা খ্যাত মতিয়া চৌধুরী। তিনি শেরপুর-২ আসন থেকে সংসদ সদস্য হয়েছেন ৫ বার। দায়িত্ব পালন করেছেন কৃষিমন্ত্রী হিসেবেও।

ইডেন কলেজে পড়াশোনার সময়ে রাজনীতিতে জড়ান মতিয়া চৌধুরী। ১৯৬৫ সালে ছাত্র ইউনিয়নের সভাপতি হন। ১৯৬৭ সালে ন্যাশনাল আওয়ামী পার্টিতে (ন্যাপ) যোগ দেন তিনি। পরে কার্যকরী কমিটির সদস্যও হন। স্বাধীনতা সংগ্রামের প্রচারণা ও মুক্তিযুদ্ধে আহতদের চিকিৎসায় সক্রিয়ভাবে অংশ নেন। পরে আওয়ামী লীগে যোগ দেন মতিয়া চৌধুরী।

১৯৭১ সালে আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক নির্বাচিত হন। পঁচাত্তর পরবর্তী সময়ে, বেশ কয়েকবার গ্রেপ্তার হন এই নেতা। মুক্তিযুদ্ধে বিশেষ অবদানের জন্য ২০২১ সালে বাংলা একাডেমি তাকে সম্মানসূচক ফেলোশিপ দেয়।

মতিয়া চৌধুরীর বাবা মহিউদ্দিন আহমেদ চৌধুরী ছিলেন পুলিশ কর্মকর্তা। মা নুরজাহান বেগম ছিলেন গৃহিণী। তার স্বামী খ্যাতিমান সাংবাদিক, প্রয়াত বজলুর রহমান।

আওয়ামী লীগ সরকারের আমলে, ৩ দফায় কৃষিমন্ত্রীর দায়িত্ব পালন করেন মতিয়া চৌধুরী। মৃত্যুর আগ পর্যন্ত আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ছিলেন। ২০২৪ সালের গণঅভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতনের পর, সংসদ বিলুপ্ত হলে, এমপি পদ হারান মতিয়া চৌধুরী।

আধুনিক কনভেনশন সেন্টার প্রতিষ্ঠার

শেষ পৃষ্ঠার পর

করার পাশাপাশি নিউইয়র্কে 'চট্টগ্রাম কনভেনশন সেন্টার' প্রতিষ্ঠার অঙ্গীকার করেন তারা।

তাহের আরিফ প্যানেলের সভাপতি প্রার্থী আবু তাহের দূর্নীতিমুক্ত চট্টগ্রাম সমিতি গড়ে তুলবেন উল্লেখ করে বলেন, আমরা যদি দায়িত্ব পাই বিগত সময়ের মতো আমাদের কমিটিতে কোন আর্থিক অস্বচ্ছতা থাকবেনা। সমিতির যাবতীয় হিসাব নিকাশ প্রতি চারমাস পরপর উপযুক্ত অডিটের মাধ্যমে সবার সামনে উপস্থাপন করা হবে বলেও উল্লেখ করেন তিনি। এছাড়াও চট্টগ্রাম সমিতির মাধ্যমে চট্টগ্রামবাসীর কল্যাণের জন্য যা যা করা লাগে সেসব উন্নয়নমূলক কাজ করতে তাহের-আরিফ পরিষদ বদ্ধ পরিকর থাকবে বলেও জানান প্যানেলের সভাপতি প্রার্থী আবু তাহের।

প্রবাসের বুকে মৃত ব্যক্তিদের কবরস্থ করার ও সার্বিক খরচ বহনের বিষয়ে তিনি বলেন, চট্টগ্রামের কোন লোক এখানে মারা গেলে কবরস্থ করা নিয়ে যে ঝামেলা থাকে আমরা সে সমস্যা সমাধান করব। অতীতেও সম্পূর্ণ বিনামূল্যে আমরা মৃত ব্যক্তিদের বরাদ্ধ দিয়ে এসেছি, ভবিষ্যতেও মৃত ব্যক্তিকে কবরস্থ করাসহ যাবতীয় ব্যয় আমরা বহন করব।

সুষ্ঠু ভোটে জেতার প্রত্যাশা ব্যক্ত করে বলেন, ভোট যদি অবাদ নিরপেক্ষ ও সুষ্ঠু হয় তাহলে আমি বিপুল ভোটে জয়ী হব। নির্বাচন কমিশন সুষ্ঠু ভোটের আয়োজন করার পরও যদি আমি হেরে যাই, সে হার আমি মাথা পেতে নিয়ে জয়ীদের আমি নিজ হাতে বিজয়ের মালা পরিয়ে দিব। এসময় তিনি চট্টগ্রামবাসীকে আগামী ২০ অক্টোবর নিজ ভোটাধিকার প্রয়োগের আহবান জানান।

তাহের আরিফ প্যানেলের সাধারণ সম্পাদক প্রার্থী আরিফুল ইসলাম বলেন, আমি দীর্ঘদিন যাবত চট্টগ্রাম সমিতির সাথে যুক্ত আছি। আমি ও আমার প্যানেলের সভাপতি প্রার্থী আবু তাহের আমরা বিশ্বাস করি আমরা চট্টগ্রামবাসীর সেবক। অতিতেও আমরা চট্টগ্রাম সমিতিতে থেকে জনগণের জন্য কাজ করেছি, মানুষের জন্য কাজ করেছি, চট্টগ্রামবাসীর জন্য কাজ করেছি। ২০ তারিখের নির্বাচনে আমরা পূর্ণ প্যানেলে ১৯ জনই জয়ী হওয়ার ব্যাপারে শতভাগ আশাবাদ ব্যক্ত করেন তিনি।

প্রসঙ্গত, আগামী ২০ অক্টোবর চট্টগ্রাম সমিতির নির্বাচন অনুষ্ঠিত হবে। এ নির্বাচনে মাকসুদ-মাসুদ ও তাহের-আরিফ দুটি প্যানেলে মোট ৩৮ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। এবারের নির্বাচনে ৪টি ভোটকেন্দ্রে সর্বমোট ২ হাজার ৮৯৪ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন। যার মধ্যে সাধারণ ভোটার ২ হাজার ৬৬৩ জন এবং লাইফ মেম্বার ২৩৩ জন।

নিজস্ব ভোট ব্যাংকের লড়াই

শেষ পৃষ্ঠার পর

সোশাল মিডিয়ায় বলেছেন, সোসাইটির নিবার্চন নিয়ে রোবো কল নিযে আমরা অতিষ্ঠ। তাদের সময় জ্ঞান নাই। মধ্যরাতে কল আসে ভোট চেয়ে। প্রতিদিন বিভিন্ন এলাকায় প্রচারমূলক সভাতো আছেই।

বাংলাদেশি অধ্যুষিত এলাকা হিসেবে পরিচিত ব্রুকলিনের চার্চ ম্যাকডোনাল্ডস, জামাইকা, ওজন পার্ক, জ্যাকসন হাইটস, ব্রংকসের পার্ক চেষ্টার এখন নির্বাচনী আমেজে সরগরম। সভাপতি প্রার্থী আতাউর রহমান সেলিম ও রুহুল আমিন সিদ্দিকী উভয়েই সংগঠনের সাধারন সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেছেন। আতাউর রহমান

সেলিম সিলেটের সন্তান। তাকে নিয়ে প্রবাসী সিলেটবাসীর মধ্যে নির্বাচনী আবেগ কাজ করছে। সিলেটের ভোট সেলিমের বাক্সে যাবে তা অনেকেরই ধারনা। তা ঠেকাতে রুহুল-মিন্টু প্যানেল সিলেটের সন্তান ও সোসাইটির সাবেক সভাপতি মরহুম কামাল আহমেদের মেয়ে রুমানা আহমেদকে তাদের প্যানেলে সম্পাদকীয় পদে প্যানেলে দাঁড় করিয়েছেন। তাদের এই কৌশল কতটুকু কার্যকর হয় তা দেখার জন্য ২৭ অক্টোবর পর্যন্ত অপেক্ষা করতে হবে।

অন্যদিকে রুহুল আমিন সিদ্দিকী বৃহত্তর ঢাকার বাসিন্দা (মুন্সীগঞ্জ)। এ অঞ্চলের মানুষের ভোট পেতে তিনি সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন । তাকে সরাসরি সর্মথন করেছেন সোসাইটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান মোহাম্মদ আজিজ। প্রায় ১ যুগ ধরে তিনি সোসাইটিকে নিয়ন্ত্রন করছেন। তার সর্মথন ছাড়া নাকি নেতৃত্ব নির্বাচিত হতে পারে না। তার ভূমিকা নিয়ে পক্ষ বিপক্ষ সমালোচনা রয়েছে। রুহুল-মিন্টু প্যানেলের বিপরীতে সেলিম—আলী পরিষদের সাধারন সম্পাদক মোহাম্মদ আলী। কমিউনিটির পরিচিত মুখ। বাংলাদেশ সোসাইটির সাবেক কোষাধ্যক্ষ। গত নির্বচনেও সাধারন সম্পাদক পদে প্রার্থী ছিলেন। অল্পভোটের ব্যবধানে হেরে যান। অতীত অভিজ্ঞতার বিচারে তিনি একজন শক্তিশালী প্রার্থী। বৃহত্তর ঢাকার অধিবাসী (নারায়নগঞ্জ) হিসেবে ঢাকা, নারায়নগঞ্জ ও মুন্সীগঞ্জের ভোট টানতে তিনিও মরিয়া। এলাকার আবেগকে তিনি কাজে লাগাতে চান। মূলধারার রাজনীতির সাথে তিনি জড়িত। কমিউনিটি বোর্ড সদস্য। নির্বাচনে জয়ের ব্যাপারে তিনি আশাবাদী।

মোহাম্মদ আলীর বিপরীতে সাধারন সম্পাদক পদে লড়ছেন জাহিদ মিন্টু। বৃহত্তর নোয়াখালীর বাসিন্দাদের মধ্যে তিনি জনপ্রিয়। গত নির্বাচনে রব-রুহুল প্যানেলের বিজয়ে তিনি মূখ্য ভূমিকায় ছিলেন । ব্রুকলিন কেন্দ্রের ভোটের মাধ্যমে তিনি বিজয়ী হতে সাহায্য করেন রব-রুহুল প্যানেলকে।। নোয়খালী অঞ্চলের অধিকাংশ ভোটার কেন্দ্রে আনতে তার পরিশ্রম ছিল লক্ষ্যনীয়। এবার জাহিদ মিনটু নিজেই সাধারন সম্পাদক পদপ্রার্থী। কমিউনিটিতে ব্যাপকহারে তার পরিচিতি নেই। কিন্তু ব্রুকলিন ও নোয়াখালীর ভোটারদের মধ্যে তার গ্রহনযোগ্যতা ব্যাপক। ব্রংকস, জামাইকা ও জ্যাকসন হাইটস এলাকায় তিনি ব্যাপক প্রচারনা চালাচ্ছেন। তিনি নোয়াখালি সমিতির সাবেক সফল সাধারন সম্পাদক। তিনি বলেছেন, সোসাইটিতে নির্বাচিত হলে ৩ মাসের মধ্যে বাংলাদেশ কমিউনিটি সেন্টার প্রতিষ্ঠার উদ্যোগ নেবেন।

বাংলাদেশ সোসাইটির নির্বাচন নিয়ে ব্যাপক উৎসাহ রয়েছে ভোটারদের মধ্যে। ভোটারদের জল্পনা কল্পনায় রয়েছে সেলিম-আলী প্যানেলের বিজয়ের সম্ভাবনা নিয়ে। অন্যদিকে জরিপের

টিডি ব্যাংককে ৩ বিলিয়ন

শেষ পৃষ্ঠার পর

পর্যন্ত ৯০ শতাংশের বেশি লেনদেন পর্যবেক্ষণ করা হয়নি, যা তিনটি অর্থ পাচার নেটওয়ার্ককে টিডি ব্যাংকের অ্যাকাউন্টের মাধ্যমে ৬৭০ মিলিয়ন ডলারের বেশি অর্থ স্থানান্তর করতে সক্ষম করে।

মার্কিন ডেপুটি ট্রেজারি সেক্রেটারি ওয়ালি আদিয়েমো এক বিবৃতিতে বলেন, টিডি ব্যাংকের এই প্রাতিষ্ঠানিক ব্যর্থতাগুলো কেবল তাত্ত্বিক ঝুঁকি তৈরি করেনি, বরং আমেরিকান নাগরিক এবং সম্প্রদায়গুলোর জন্য প্রকৃত ক্ষতি সৃষ্টি করেছে। টিডি ব্যাংক বারবার তার সমবয়সীদের চেয়ে আইন মানার চেয়ে লাভ এবং প্রবৃদ্ধিকে অগ্রাধিকার দিয়েছে। ব্যাংকটি মাদক পাচারের সঙ্গে জড়িত ছিল।

টিডি ব্যাংকের সিইও ভরত মাসরানি এক বিবৃতিতে বলেন, আমাদের ব্যাংকের ইতিহাসে এটি একটি কঠিন অধ্যায়। এই ব্যর্থতাগুলো আমার সিইও পদে থাকা অবস্থায় ঘটেছে এবং আমি আমাদের সব স্টেকহোল্ডারের কাছে ক্ষমা প্রার্থনা করছি। আমরা আমাদের মার্কিন (অ্যান্টি-মানি লন্ডারিং) প্রোগ্রামের ব্যর্থতার সম্পূর্ণ দায়িত্ব নিয়েছি এবং প্রতিশ্রুতিগুলো পূরণ করতে প্রয়োজনীয় বিনিয়োগ, পরিবর্তন এবং উন্নয়ন সাধন করছি।

টিডি ব্যাংক তার অর্থ পাচারবিরোধী নজরদারি কার্যক্রম জোরদার করছে, যার মধ্যে ৭০০-এর বেশি নতুন বিশেষজ্ঞ নিয়োগ দেওয়া হয়েছে, যারা অর্থ পাচার প্রতিরোধ, আর্থিক অপরাধ এবং

মার্কিন ফেডারেল রিজার্ভও টিডি ব্যাংককে জরিমানা করেছে এবং কোম্পানির অর্থ পর্যন্ত ৯০ শতাংশের বেশি লেনদেন পর্যবেক্ষণ করা হয়নি, যা তিনটি অর্থ পাচার নেটওয়ার্ককে টিডি ব্যাংকের অ্যাকাউন্টের মাধ্যমে ৬৭০ মিলিয়ন ডলারের বেশি অর্থ স্থানান্তর করতে সক্ষম করে।

এএমএল সংশোধনীতে অভিজ্ঞ। ব্যাংকটি নতুন প্রক্রিয়া বাস্তবায়ন করছে, যা আর্থিক অপরাধ ঝুঁকি প্রতিরোধ, শনাক্ত এবং পরিমাপ করতে সহায়তা করবে। কানাডিয়ান এই ব্যাংককে চার বছরের জন্য ফিন্যান্সিয়াল ক্রাইমস এনফোর্সমেন্ট নেটওয়ার্ক দ্বারা পর্যবেক্ষণ করা হবে, যাতে ব্যাংকটি চুক্তি অনুসরণ করছে তা নিশ্চিত করা যায়। মার্কিন ফেডারেল রিজার্ভও টিডি ব্যাংককে জরিমানা করেছে এবং কোম্পানির অর্থ পর্যন্ত ৯০ শতাংশের বেশি লেনদেন পর্যবেক্ষণ করা হয়নি, যা তিনটি অর্থ পাচার নেটওয়ার্ককে টিডি ব্যাংকের অ্যাকাউন্টের মাধ্যমে ৬৭০ মিলিয়ন ডলারের বেশি অর্থ স্থানান্তর করতে সক্ষম করে।

মার্কিন ডেপুটি ট্রেজারি সেক্রেটারি ওয়ালি আদিয়েমো এক বিবৃতিতে বলেন, টিডি ব্যাংকের এই প্রাতিষ্ঠানিক ব্যর্থতাগুলো কেবল তাত্ত্বিক ঝুঁকি তৈরি

কানাডায় চিরনিদ্রায় শায়িত জামাল উদ্দিন হোসেন

কানাডা প্রতিনিধি

কানাডায় চিরনিদ্রায় শায়িত হলেন একুশে পদকপ্রাপ্ত নাট্যজন অভিনেতা জামাল উদ্দিন হোসেন। ১২ অক্টোবর শনিবার বাদ জোহর আকরাম জুম্মা মসজিদে তার জানাজা সম্পন্ন হয়েছে। জানাজা শেষে তাকে কক্রেন কবরস্থানে দাফন করা হয়। জানাজায় বিভিন্ন কমিউনিটির প্রচুর সংখ্যক লোকের সমাগম ঘটে।

অভিনেতা জামাল উদ্দিন হোসেন ১১ অক্টোবর শুক্রবার সন্ধ্যা ৬টায় কানাডার রকিভিউ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮১ বছর।

যুক্তরাষ্ট্রের আটলান্টা থেকে কানাডার ক্যালগেরিতে ছেলে তাশফিন হোসেন তপুর বাড়িতে বেড়াতে গিয়েছিলেন অভিনেতা জামালউদ্দিন হোসেন।

জে.এম. আলম মাল্টি সার্ভিসেস ইনক্
ট্যাক্স
★ পারসনাল ট্যাক্স
★ বিজনেস ট্যাক্স
★ সেল্স ট্যাক্স
★ বিজনেস সেটআপ
AUTHORIZED IRS e-file PROVIDER
ইমিগ্রেশন
★ ফ্যামিলি পিটিশন
★ সিটিজেনশীপ আবেদন
★ গ্রীণকার্ড নবায়ন
★ সব ধরনের এফিডেভিট
আলম টুর এন্ড ট্রাভেলস
AIR TICKET
-Emirates -Qatar Airways - Etihad Airways - Turkish Airlines - Saudia & More
(646) 685-3785, (212) 810-0449
E: Alamttravels@gmail.com, WWW.Alamtourandtravels.com
Immigrant Elder Home care LLC
Authorized Homecare Provider
ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে প্রতি ঘণ্টা ২১.০০ ডলার পর্যন্ত উপার্জন করুন
কোন প্রশিক্ষনের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।

Jahangir M Alam
President & CEO
72-26 Roosevelt Ave, 2nd Fl, Suite # 201, Jackson Heights, NY 11372
Office: (718) 433-9283, Cell: (212) 810-0449
E: jmalamms@gmail.com (347) 891-7070

সুখবর! সুখবর!!
আমেরিকান সিটিজেনদের জন্য সৌদি আরবের ১০/৫ বছরের মাল্টিপল ভিসা স্বল্পমূল্যে পেতে এবং গ্রীনকার্ড দারীদের জন্য উমরাহ ভিসা পেতে আজই যোগাযোগ করুন।
571-830-9213
Email: rashid.ozonepark@gmail.com



অনিন্দ্যসুন্দর ছাতিম

শেষ পৃষ্ঠার পর

ছাতিমের মনমাতানো মিষ্টি গন্ধ মন হরণ করেছে অনেক কবি-সাহিত্যিকের। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'আরণ্যক' উপন্যাসে ছাতিমগাছের সৌন্দর্য বর্ণিত হয়েছে অত্যন্ত চমৎকারভাবে। বর্ণিত হয়েছে তাঁর বিখ্যাত উপন্যাস 'পথের পাঁচালীতে'ও। 'পথের পাঁচালী'র অপু আর দুর্গাকে মনে আছে? 'অপু বলিল, কী ফুলের গন্ধ বেরুচ্ছে, না দিদি? তাহাদের মা বলিল, তাহাদের জ্যেঠামশায়ের ভিটার পিছনে ছাতিম গাছ আছে, সেই ফুলের গন্ধ। তাহার পর সকলে গিয়া ঘুমাইয়া পড়ে। রাত্রি গভীর হয়। ছাতিম ফুলের উগ্র সুবাসে হেমন্তের আঁচলাগা শিশিরাদ্র নৈশবায়ু ভরিয়া যায়। মধ্যরাতে বেনুবনশীর্ষে কৃষ্ণপক্ষের চাঁদের ম্লান জ্যোৎস্না উঠিয়া শিশিরসিক্ত গাছপালার ডালে পাতায় চিকচিক করছে।'

সেদিন সকালে প্রাতর্ভ্রমণে গিয়ে ব্রাহ্মণবাড়িয়া রেলস্টেশনে থাকা এ ছাতিমে আকৃষ্ট হই আমি নিজেও। সঙ্গে মুঠোফোনটি ছিল বলে দু-তিনটি ছবিও তুলে ফেলেছি। ও আচ্ছা। ছাতিমের কিন্তু অনেক ঔষধি গুণও আছে। গাছের ছাল ও আঠা জ্বর, হৃদ্‌রোগ, হাঁপানি, ক্ষত, আমাশয় ও কুষ্ঠ নিরাময়ে বেশ উপকারী।

কদম যেমন বর্ষার দূত, ছাতিম তেমন হেমন্তের। তবে আশ্বিনের শেষেই ফুটতে শুরু করে ছাতিম ফুল। সচরাচর ছাতিমগাছ কেউ লাগায় না। তবু সারা দেশে বিক্ষিপ্তভাবে ছাতিমগাছ ছড়িয়ে-ছিটিয়ে রয়েছে। এর কারণ, ছাতিমগাছের বিস্তরণ হয় বীজের মাধ্যমে। ছোট কাঠির মতো বীজের সঙ্গে থাকে পশমের মতো অঙ্গ। ফল ফেটে বীজ বাতাসে ছড়িয়ে পড়লে তা বাতাসে ভেসে ভেসে অনেক দূরে চলে যায়। সুবিধামতো জায়গায় পড়লে সেখানেই গজিয়ে ওঠে পাতায়-ফুলে অনিন্দ্যসুন্দর ছাতিমগাছ।

ভিজিট বা ষ্টুডেন্ট অথবা ট্রানজিট বা অন্য যে-কোন ভিসায় কিংম্বা মেক্সিকো বর্ডার দিয়ে আমেরিকায় আগতদের বৈধতার বিষয়ে ফ্রি পরামর্শ
এসাইলাম এর মাধ্যমে ৭ মাসের মধ্যে ওয়ার্ক পার্মিট ও সোসাল সিকিউরিটি'র ১০০% নিশ্চয়তা
E2 EB3 L1A EB5 SIJS VAWA POLITICAL ASYLUM
আমেরিকান সিটিজেন বিয়ে করার পরও যদি গ্রীনকার্ড পেতে সমস্যায় পরে যান - নিশ্চিন্তে চলে আসুন আমাদের কাছে। আমরা গ্রীনকার্ড এপ্লিকেশনও প্রসেস করি। স্পাউসের অসহযোগীতায় গ্রীনকার্ড থেকে কন্ডিশন রিমোভ করতে সমস্যা হলে আমাদের সংগে যোগাযোগ করুন। মনে রাখবেন, আপনাকে গ্রীনকার্ড আপনার স্বামী বা স্ত্রী দেয়নি, দিয়েছে ইউএসসিআইএস। সুতরাং আপনার গ্রীনকার্ড রিভোক করার কোন ক্ষমতা-ই আপনার স্পাউসের নেই। বিয়ের মাধ্যমে পাওয়া কন্ডিশনাল গ্রীনকার্ডটি পারিবারিক সমস্যা বা অশান্তি অথবা কোন ভুলের কারণে টিকিয়ে রাখা ঝুঁকিপূর্ণ হলে নিশ্চিন্তে আমাদের সংগে কথা বলুন।
এসাইলাম | ওয়ার্ক পার্মিট (EAD) | সোসাল সিকিউরিটি (SSN) | ভাওয়া (VAWA) | গ্রীনকার্ড | সিটিজেনশীপ
ইবি-থ্রি (এমপ্লয়মেন্ট বেইজড গ্রীনকার্ড) ভিসায় এডজাস্টমেন্ট বা বাংলাদেশে বসবাসরতদের ইবি-থ্রি'তে আমেরিকায় নিয়ে আসতে যাবতীয় সহায়তা করি।
আমেরিকায় নিজস্ব কোম্পানী রেজিস্ট্রেশন, নিজ নামে ইআইএন প্রাপ্তি ও ব্যাংক একাউন্ট; এবং নতুন ব্যবসা শুরু করতে যাবতীয় সহায়তা করি।
আমেরিকায় নতুন এসে থাকলে আমাদের সংগে অন্তত একবার কথা বলুন - গ্যারান্টি দিচ্ছি এদেশে আপনার চলার পথ অনেকটাই মসৃণ ও সহজ হয়ে উঠবে
(718) 839-5812 টেক্সট করুন, আমরা কল ব্যাক করবো
163-10 HILLSIDE AVE, JAMAICA, NY 11432

TUITION FREE TAX SCHOOL *

লিবার্টি ট্যাক্স স্কুল

BECOME A TAX PROFESSIONAL

Complete our Income Tax Course

And Join America's Fastest Growing Tax Preparation Company for the Upcoming Tax Season.

Day, Evening & Weekend Classes are available for your convenience.

Please Contact : **718-297-3500**

LIBERTY TAX SERVICE

147-20 Hillside Ave, 2nd Floor, Jamaica NY 11435
Email: libertytaxschool101@gmail.com

(One Block East From Sutphin Blvd on the corner of Hillside Ave. Train Station, Close by F & E Train)

* The Tuition Fee is Free. The cost for books and materials varies per location.

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.

বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইনক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DIFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

Thinking of
BUYING
SELLING
INVEST, RENT
বাড়ি ক্রয়-বিক্রয়
করতে যোগাযোগ করুন
917-631-5050

- Residential
- Commercial
- Pre-Foreclosure
- Co-op & Condo

Mijanur Rahman (Mijan)
Licensed Real Estate Agent
917-631-5050

EXIT
189-10 Hillside Ave, Suite E
Hollis, Queens, NY 11423
Tel: 718-262-0205,
Fax: 718-262-0264
Email: RealtorMijan@gmail.com
www.EXITprimeNY.com
EXIT REALTY PRIME
REBNY MLS
Email: RealtorMijan@gmail.com

MIJAN REAL ESTATE LTD.
মিজান রিয়েল এস্টেট লিমিটেড
MIJAN Real Estate
Reg.No.C-187784
বাড়ি-জমি
ফ্ল্যাট-প্লট
ক্রয়/বিক্রয়
বসুন্ধরা, পূর্বাচল, উত্তরা
বনশ্রী, ধানমন্ডি, গুলশান, ঢাকা
ও চট্টগ্রাম-এ জায়গা, বাড়ি প্লট,
ফ্ল্যাট ক্রয়-বিক্রয়ের জন্য
আমাদের সাথে যোগাযোগ করুন।

Mijanur Rahman (Mijan)
Chairman & CEO.
917-631-5050

USA Address:
127-14 101 Avenue
Queens, NY 11419

Bangladesh Contact:
Dilu : +880 130-473-4949
Dr.Ali : +880 171-195-9024
Arif : +880 171-151-0542

Email: RealtorMijan@gmail.com

40 YEARS
ঠিকানা
PRESENTS:
25 YEARS
Warfaze X ARTCELL™
Live In
NEW YORK
POWERED BY:
rivertel
SAT • OCT 26, 2024 • 7:00 PM
TILLES CENTER
720 Northern Blvd, Brookville, NY 11548
TICKETS AVAILABLE AT:
I HOPE DESIGN, 169-22 HILLSIDE AVENUE, JAMAICA, NY 11432
DHANSHIRI RESTAURANT, 169-28 HILLSIDE AVENUE, QUEENS, NY 11432
STYLE WITH ME, 37-11, 74TH STREET, 2ND FLOOR, JACKSON HEIGHTS, NY 11372
KHALIL BIRYANI HOUSE, 1457 UNIONPORT RD, BRONX, NY 10462
SCAN FOR ONLINE TICKET
TICKET PRICE:
$40.00 $60.00 $100.00 $250.00 (VVIP)
FOR MORE INFORMATION:
929-538-7903, 516-263-3569
*Price excluding taxes & other fees
ORGANIZED BY:
Deshi Music & Entertainment
Galaxy media
CO-ORGANIZER:
save the smile

NABANNO
HALAL
FREE WiFi
দেশীয় স্বাদ নবান্নেই
আমরা শতভাগ ফ্রেশ খাবার পরিবেশন করি।
পিকনিক সহ সকল প্রকার অনুষ্ঠানে ক্যাটারিং করি।
আমরা সুস্বাদু হালাল চায়নিজ খাবার পরিবেশন এবং ক্যাটারিং করি।
সুসজ্জিত হলে বিয়ে,গায়ে হলুদ, জন্মদিন সহ সকল প্রকার পার্টি ও অনুষ্ঠানের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
DOORDASH
Uber Eats
GRUBHUB
www.nabannorestaurant.com
Nabanno Restaurant
37-22 73rd St, Jackson Heights, NY 11372, Phone:718 734 6000

LIBERTY BROKERAGE
GET YOUR TLC INSURANCE FROM US WITH THE BEST RATE
(Black Car, Livery, Taxi, Yellow Cab, Green Cab)
Our Services
TLC Insurance
DMV & TLC Service
TLC Car & Plate Rent
Auto, Home & Business Ins.
TLC Base (Black & Green Cab)
ARIF SHAHRIAR
PRESIDENT & CEO
NYC Office:
41-05 69th Street
Woodside, NY 11377
Buffalo Office:
170 Kerns Ave, ST #101
Buffalo, NY 14211
Phone: 718-567-5600
info@libertybkg.com, www.libertybkg.com

তবু রোদ মাখি গায়ে

তমিজ উদ্‌দীন লোদী

বাইরে হাওয়ার হিল্লোল
কাঁচের প্রতিসরাঙ্ক পেরিয়ে রোদ এসে নেমেছে বিছানায়
আমাদের যাপিত জীবন ঝুলে আছে যেখানে

পতনের অপেক্ষায় বৃক্ষপত্রগুচ্ছ
শীতের জাড্য এলো বলে
মহাসাগর পেরিয়ে রক্তাক্ত ক্রন্দন এসে হানে

মননে উড়ছে প্রাগৈতিহাসিক টেরাডাকটিল
ডানায় গুহাগন্ধ ,অবয়বে অবরুদ্ধতার ছাপ
আর এদিকে
কারা যেন ফিসফিস করে বলছে
দেখো আমার হৃদপিণ্ড ফুটো হয়ে আছে
আমাদের হাত নেই , পা নেই , চোখ নেই
তোমাদের মুক্তির জন্য আমরা তা বিলিয়ে দিয়েছি

তবু রোদ মাখি গায়ে
রোদে, আলোর উজ্জ্বলতার দিকে তাকিয়ে থাকি ।

ভুলগুলো আলোর মুখ দেখুক

দর্পণ কবীর

যে ভুলগুলো শুধরে নেয়ার কথা ছিল, ওগুলো এখন
পুরো মুঠোতে বাতাবি লেবুর গন্ধ
ছড়িয়ে রাখে। যে ভুলগুলো কাল ছিল ঠাট্টার রঙ,
আজ তা ইতিহাস বা পৌরাণিক বিভাস!
এই ধরো, তুমি ক্লিওপেট্রার প্রেম ও প্রণয়ের
সাতকাহনকে একটি সময়কালের প্রচ্ছদ মনে করো, আমি
ওর মধ্যে দেখি প্রেমের উল্টোপিঠ!

যে ভুলগুলো ইতিহাস, দর্শন বা ধর্মের মলাটে
আরো ভুলের উৎস, ওখানে একদিন
প্রেমের নির্জনতা নেমে আসুক। স্যাঁতসেঁতে অন্ধকার
একবার আলোর মুখ দেখুক। এমন একটি দিনে
আমি পুনরায় জন্ম নেব, জেনে রেখো!

ভুলগুলো আলোর মুখ দেখুক

দর্পণ কবীর

যে ভুলগুলো শুধরে নেয়ার কথা ছিল, ওগুলো এখন
পুরো মুঠোতে বাতাবি লেবুর গন্ধ
ছড়িয়ে রাখে। যে ভুলগুলো কাল ছিল ঠাট্টার রঙ,
আজ তা ইতিহাস বা পৌরাণিক বিভাস!
এই ধরো, তুমি ক্লিওপেট্রার প্রেম ও প্রণয়ের
সাতকাহনকে একটি সময়কালের প্রচ্ছদ মনে করো, আমি
ওর মধ্যে দেখি প্রেমের উল্টোপিঠ!

যে ভুলগুলো ইতিহাস, দর্শন বা ধর্মের মলাটে
আরো ভুলের উৎস, ওখানে একদিন
প্রেমের নির্জনতা নেমে আসুক। স্যাঁতসেঁতে অন্ধকার
একবার আলোর মুখ দেখুক। এমন একটি দিনে
আমি পুনরায় জন্ম নেব, জেনে রেখো!

মাত্রা, বৃত্ত ও সহি ফুলনামা

আশরাফ হাসান

ভাঙিনি কখনো ফুল, তোমার টা-তো-না
কেনো-যে এ-বুকে তবু, দিয়েছে ঘাতক হানা।

ফুলকে বলেছি আছি, যদিও না-থাকে কেউ
অকারণ ভেঙেছে যারা, ফুলের রেণু-ও মউ

চিরজ আড়াল তাদের, ত্যাজ্য ঘৃণা-ও পোষি
আলো-ও আঁধারে তফাৎ, এরাই কালো-ও দোষী।

রিসেট বাটন

জেবুন্নেছা জোৎস্না

ভুল জামা, ভুল জুতো, ভুল জহরতে
আমি ভুল মন্ত্রে ঘুরি মন - মন্বন্তর, ভুল পথে!
যতো ভুল অর্ঘ্যে গলিত বাসনা— ফলিত মননে
গোলাপ কাঁটায় হৃদয়ের নামফলকে লেখা
আকন্দ কষের অদৃশ্য ক্ষরণ হেমলকে — !
অ্যাস্ট্রিয়ার শুদ্ধতায় কাশফুল সবুজ কঞ্চিতে
তুমি ভুল ভালোবাসা, আমি ভুল মানুষের সাথে।

আমার এখানে হেমন্তের উড়াল বাতাসে —
হলদে পাতার সংক্রমণে পাগলা-দিন আসে!
তোমার ওখানে খড়স্রোতা জলোচ্ছ্বাসে
বানভাসী মানুষের নিদারুণ কষ্ট হা-হুতাশে!
ওদের আকাশে মুহুর্মুহু রকেট-মিসাইলে
মানুষের দেহ ব্যবচ্ছেদে ল্যাসপেন্সার উল্লাসে মাতে!

ক্ষুর্ধাত ক্রন্দনে অসুস্থ পৃথিবী বিষম ঘূর্ণনে —
ভুল ঋতু, ভুল যুদ্ধ - ভুলের গুজবে
মরুর দিনের দৈর্ঘ্য খোঁজে বনশ্রীর ওয়েসিসে।
আমাদের ঝাপসা হস্তরেখায় সাধকের ভুল গণনাতে
জীবনের আয়ু- মৃত্যুর দেয়াল যায় টপকে—!
সাক্ষী সকলে ভুলের এই বির্বণ সময়
এখানে গল্পের ভূমিকা ছাড়াই উপসংহার কথা কহে..!

আমি শুধু রিসেট বাটন চেপে
সব ভুল শোধরে বলতে চেয়েছি তোমায়,
"একবার আমাকে ভালোবাসতে হবে।"

প্রিয়তমা আম্মা

ভায়লা সালিনা

মানুষটিকে কতবার সতর্ক করেছি,
'এসব গাছ গাছালির উল্লাসে ভরসা করোনা আম্মা
গাছই তোমায় একদিন দূরে নিয়ে যাবে'
শুনলে না কথা; কী করুণ ব্যথা!

আমার আম্মাকে যারা একবার দেখেছেন
তারাই শুধু জানেন কিভাবে তিনি ডেকেছেন
"আয় মা আয়"
বদলে দিয়ে গেলে আম্মা তোমার আমার ভূমিকা!

আম্মার পবিত্র আত্মা রেখে এসেছি
দশহাত মাটির নিচে গোরস্থানের বিছানায়
জায়গা বদল করে শুয়ে আছে এক চিত্রল হরিণ
ধবধবে বিছানায়!
আমার আঙ্গুলে শেষকৃত্যের ধুলোমাটি জড়ানো
দুঃখ ভারাক্রান্ত জোছনার শোনিতকণা
অনন্তের অতিথি গতায়ু মানুষটির কন্যা।

অবরুদ্ধ এ মন, জীবন মানে প্রতিমুহূর্তের স্মৃতি যখন
অন্তিমবেলার বিস্মৃতি
কী ভীষণ মিল-দু'য়ের মধ্যিখানের ক্ষণিকতার রিল!

অপরিচিত প্রহর

স্বপ্ন কুমার

আগের মতো হয় না কথা আর
হয় না কথা চোখে চোখে
হয় না কথা বুকে বুকে
এখন তোমার দেখা পাওয়াই ভার

ঠিক জানি না এখন তুমি কার
এখন কাহার লোমশ বুকে
ঘুমাও তুমি স্বপ্ন সুখে
কে পেয়েছে এখন তোমার
পূর্ণ অধিকার

অপরিচিত প্রহর

স্বপ্ন কুমার

আগের মতো হয় না কথা আর
হয় না কথা চোখে চোখে
হয় না কথা বুকে বুকে
এখন তোমার দেখা পাওয়াই ভার

ঠিক জানি না এখন তুমি কার
এখন কাহার লোমশ বুকে
ঘুমাও তুমি স্বপ্ন সুখে
কে পেয়েছে এখন তোমার
পূর্ণ অধিকার

পথ জানা নেই

খ্রীষ্টফার পিউরীফিকেশন

ভাবছি নিখিলের কথা। বেচারা নিখিল, বাবার মৃত্যুতে ভেঙ্গে পড়েছে। পড়বে না? অসুস্থা মা, দুটো বোন। তার উপর নিজের পড়ালেখা। এখন সংসারে ওদের চরম দুর্গতি! সামনে নিজের ও ছোটবোন আইরিনের ফাইনাল পরীক্ষা। নিখিলের স্বপ্ন যে ভেঙ্গে চুরমার হয়ে গেছে, আমি মর্মে মর্মে তা অনুভব করতে পারছি।

নিখিল আমার পুরনো বন্ধু, একান্ত কাছের মানুষ। ওদের সংসারের সুখ দুঃখের সাথে আমিও জড়িয়ে পড়েছি নিবিড়ভাবে। নিখিলের মা-বাবা তাঁদের আর একটি ছেলের মতোই দেখেন আমাকে।

এইতো সম্প্রতি নিখিলের ছোটবোন আইরিনের জন্য কত অতন্দ্র রাত একের পর এক আমি পার ক'রে দিয়েছি! ওদের বাজার করা থেকে শুরু ক'রে ডাক্তার ডাকা, আইরিনের মাথায় জল ঢালা, ওষুধ খাওয়ানো সবই করতে হয়েছে আমাকে। অথচ নিখিলের বাবা মারা গেলেন, আমি খবর পেলাম এক সপ্তাহ পর! বাবার অসুখের খবর পেয়েই নিখিল ছুটে গেছে বাড়িতে। তার পনেরো দিন পর আইরিনের লেখা একটি চিঠি পেলাম, আমার কাছে লেখা আইরিনের এটাই প্রথম চিঠি। বাবার মৃত্যু সংবাদ ছাড়া, আর বিশেষ কিছুই লিখেনি সে। বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলের কাছেই দু'টো ছেলে পড়াতো নিখিল। আপাততঃ তার সে কাজটিই আমাকে চালাতে হচ্ছে।

নিখিল বিশ্ববিদ্যালয়ের হলে থাকে। আমার একান্ত ইচ্ছা থাকা সত্বেও পারিনি ওর কাছাকাছি থাকতে। আমাকে আমার বড়বোনের বাড়িতেই থাকতে হচ্ছে। কিন্তু প্রতিদিনই আমরা ভার্সিটিতে একই সাথে ক্লাস করি। পাবলিক লাইব্রেরির সুপ্রশস্থ লন কিংবা সোহরাওয়ার্দী উদ্যানের ঘাসে ব'সে বাদাম চিবুই। খোকন, স্বপন, মার্শেলের সাথে সাহিত্যের আড্ডা জমাই। বলাকা-জোনাকি-মধুমিতায় যাই সিনেমা দেখতে। হুড়াহুড়ি ক'রে স্টেডিয়ামের গ্যালারিতে ভিড় জমাই আবাহনী- মোহামেডানের খেলায়। লেখা নিয়ে পত্রিকা অফিসের সিঁড়ি ভেঙ্গে সম্পাদকের টেবিলে হুমড়ি খেয়ে পড়ি!

নাহ্! নিখিলকে দেখি না মনে হয় কত যুগ ধ'রে! এখনই তার হলে যাওয়া উচিত। যদিও ভার্সিটির ছুটি শেষ হবার আরও দিন কতক বাকী আছে। তবুও মন বলছে নিখিল ঢাকায় ফিরেছে।

দুর্বার এক আকর্ষণে ছুটে এলাম হলে। বিপর্যস্ত নিখিল স্টার সিগ্রেটের ধোঁয়ার মাঝে, শান্তির অস্তিত্ব হাতড়ে চলছে নিরন্তর। আমি নিঃশব্দে ওর সামনে এসে দাঁড়ালাম। এ মুহূর্তে কী বলা যায় ওকে? মায়ের কথা? কিংবা নিখিলের নিজের কথা? অথবা সেই চন্দনার কথা?

ওর কাছে ব'সে একটি হাত টেনে নিলাম আমার বুকের কাছে। বড্ড ঠান্ডা মনে হচ্ছে ওর হাতটি। নিখিল তাকালো। আমার বুক ফেটে যেতে চাইছে! তার চেহারাটা আমার চোখের সামনে, থির্ থির্ ক'রে কাঁপছে! আমি দু'হাতে জড়িয়ে ধরলাম ওকে। নাহ্ নিখিল কাঁপছে না। উত্তেজনায়, আমি নিজেই কাঁপছি এখন।

আর একটি সিগ্রেট বের করে নিখিল। তাতে আগুন যোগ ক'রে, ধোঁয়া ছাড়লো। আচ্ছা, নিখিল কথা বলছে না কেন? তবে কি আমাকে চিনতে পারেনি সে? আমি ক্ষীণ গলায় ডাকলাম, 'নি-খি-ল!'

নিখিলের ঠোঁট দু'টো কাঁপছে থর্ থর্! বুঝা যাচ্ছে, কান্না ওর বুকের ভেতর প্রচন্ড ঢেউ তুলছে! চোখের দু'কূল বেয়ে দু'ফোটা অশ্রু গড়িয়ে পড়লো। আমি নিজের হাতে মুছে দিয়ে বললাম, 'দুঃখ করিস না নিখিল। শুধু প্রার্থনা কর ঈশ্বরের কাছে, বাবার আত্মা যেন স্বর্গে ঠাঁই পায়। আর মা, বোন দু'টো এবং তুইও যেন শান্তি পাস। এ শোক বইবার শক্তি যেন ঈশ্বর তোদের সবাইকে দেন।'

নিখিলের মুখে কোন শব্দ নেই। বললাম, 'শোন নিখিল, মায়ের সবাস্থ্য কেমন দেখে এলি? আর বোন দু'টো?

-আমাকে বাঁচা বিপু! আমি যে আর পথ দেখছি না! আমি যে ম'রে যাবো রে! একরাশ অসহায়ত্ব ওকে ঘিরে ফেলে। নিখিল কাঁদতেও পারছে না এখন!

-আমি থাকতে তোর দুঃখ কিসের? আমি আছি না? ওকে সান্ত্বনা দিতে চেষ্টা করলাম।

-বিপু, মা ম'রে যাবে রে! আর আইরিন, রিনাও পাগল হয়ে যাবে!

-শান্ত হ' নিখিল!

চন্দনার কথা কি ওকে জিজ্ঞেস করবো এবার? হ্যাঁ, চন্দনাকে নিখিল ভালোবাসে। অনেক গভীর সে ভালোবাসা। ওদের এ ভালোবাসার বয়স হয়েছে বেশ! নিশ্চয় চন্দনার প্রসঙ্গ তুললে, নিখিল একটু শান্ত হবে।

-হ্যাঁ রে নিখিল। চন্দনা কেমন আছে রে?

-শাট্ আপ্! ওর নাম মুখে আনবি না! চন্দনা কে? আমি ওকে চিনি না!

এ সময় নিখিল এসব কী বলছে? চন্দনার প্রসঙ্গ তু'লে ওকে ক্ষেপিয়ে তুললাম নাকি? রাগে ক্ষোভে কাঁপছে নিখিল! কিন্তু কেন? কী হয়েছে ওদের মাঝে? আমাকে জানতে হবে।

-নিখিল। চল। আমার বাসায় চল। এখানে তোকে কোন অবস্থাতেই রেখে যেতে পারবো না। নে, ওঠ।

-বিপু, আমার স-ব শেষ হয়ে গেছে! আমার কিচ্ছু নেই! স-ব... ... ...'

-নিখিল! আমি ধমকের সুরে বললাম, 'আমাকে চিনতে তুই ভুল করলি রে! এত কাছের মানুষটি হয়েও তুই এই বিপুকে চিনতে পারলি না! এটাই আমার বড় দুঃখ!

-বিপু, আইরিনের পরীক্ষাটা বুঝি ... ...

-চুপ! আর কোন কথা নয়। চল।

-আহ্ বিপু! কথা শোন না। আমার হাত টেনে ধরে নিখিল।

-বিপু! তুই আইরিনকে বিয়ে করবি? আমার বোনকে তুই ... ...!

এ কী বলছে নিখিল! আইরিনকে আমি বিয়ে করবো কেন? সে তো নিখিলের বোন! আমারও! আমার স-ব জেনেও এসব বলছে কেন নিখিল?

-বিপু! আইরিন তোকে ভালোবাসে। তুই জানিস না? আ-মি কিন্তু জানি। ও তোকে বাড়ি যেতে বলেছে। যাবি না?

-নিখিল! তুই আমাকে কাঁদাস নে ভাই! আ-মি কিন্তু নির্ঘাত পাগল হয়ে যাবো!

-কী! পাগল হয়ে যাবি? উত্তেজিত নিখিল উঠে দাঁড়ায়।

-শালার ভালোবাসা! থুঃ মারি ওতে! তুই পাগল হ'বি কেন? ছ্যাঁক খেয়েছিস নাকি? আমাকে দেখছিস না? কই, আমিতো পাগল হইনি! নিখিলের গলার স্বর, নেমে আসে কিছুটা।

-বিপু। চন্দনার বিয়ে হয়ে গেছে!

-কী! চন্দনার বিয়ে হয়ে গেছে?

আমার চোখ কান দিয়ে, কে যেন গরম তেল ঢেলে দিলো! 'তা কী ক'রে সম্ভব? নিখিল তোর মাথা খারাপ হয়ে গেছে নাকি? চন্দনা তোকে ছাড়া তো বাঁচতেই পারে না। আর তুই বলছিস ... । নাহ্! চন্দনা অন্য পুরুষের হাত ধ'রে ...! তা হতেই পারে না নিখিল!

-হ্যাঁ! চন্দনা শেষ পর্যন্ত, আমার সাথে বেইমানী করেছে! সে তার অতীত ভুলে গেছে! এটাই সত্য!

হ্যাঁ। এই নিখিলই চন্দনাকে এত উপরে তুলে এনেছে। বাবা মারা যাওয়ার পর চন্দনাদের পরিবারের পাশে গিয়ে দাঁড়ায় নিখিল। চন্দনাকে সাহস নিয়ে বাঁচার পথ দেখিয়ে দিয়েছে এই নিখিল। নিখিলদের এলাকায়, চন্দনাই এখন পাট-হস্তশিল্পের সাথে জড়িত অগণিত মহিলাদের সামনে এগিয়ে যেতে নেতৃত্ব দিচ্ছে। তাদের সকলের পরিবারে, এসেছে স্বচ্ছলতা। এতে নিখিলের অবদান ও কম নয়!

আর সেই চন্দনাই শেষ পর্যন্ত নিখিলের হৃদয়টাকে খন্ড বিখন্ড ক'রে দিতে পারলো? এই কি তবে নিখিলের ভালোবাসার প্রতিদান?

-আমার চন্দনা এখন আমেরিকা-প্রবাসীর ঘরের বউ! আমি, কাউকেই আর বিশ্বাস করতে পারছি না রে! কোথায় যাবো? কা'র কাছে যাবো? কে আমাকে, সুন্দর একটা পথের সন্ধান দেবে? কে আমাকে বাঁচাবে? বল বিপু! তুই আর চুপ ক'রে থাকিস না।

নিখিল ভেঙ্গে পড়েছে দারুন ভাবে। এবার ডুঁকরে কেঁদে ওঠে সে শব্দ ক'রে।

আমি এখন কী বলবো ওকে? নিখিলের পথ জানা নেই। আমার ও তাই! নিখিলের বাবা মারা গেছেন। চন্দনার বিয়ে হয়ে গেছে। নিখিলের হৃদয় ভেঙ্গে গেছে। সে এখন ভীষণ অসহায়। কিন্তু এ অবস্থায় আমি কী করতে পারি? জানি না। কারণ আমারও পথ জানা নেই!

NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAY CARE
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
CenterLight Health System
Anthem.
Hamaspik
MANAGED CARE
MetroPlusHealth
SWH
Senior Whole Health
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
Shah M. Nawaz MBA
President & CEO
646-591-8396
CALL US NOW:
718-516-3425
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ GROUP
CONTACT US:
Off: 718-516-3425
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suit C
Ozone Park, NY 11416


M & N HOME CARE
Best pay rate in the industry
CDPAP
PCA
HHA
$ 23.99
SNAP
SNAP BENIFITS
HOUSING Assistance
CASH Assistance
Upto $ 21.282.68
Phone : 866-688-6922
Cell : 646-280-5001

Parkchester Medical
PARKCHESTER MEDICAL
পার্কচেষ্টার মেডিক্যাল
WE WELCOME WALK INS
MEDICAL CENTER
718.828.6610
INTERNAL MEDICINE
ASTHMA DIABETES CENTER
CARDIOLOGY
PHYSICAL THERAPY
UROLOGY
GYNECOLOGY
PODIATRY
GASTRO-ENTEROLOGY
ORTHO-PEDICS
HEALTH CARE FOR THE ENTIRE FAMILY
1211 WHITE PLAINS ROAD, BRONX, NY 10472
TEL: 718-828-6610
WE ARE OPEN:
MONDAY & THURSDAY 8:30AM-8:00PM
TUESDAY, WEDNESDAY & FRIDAY 8:30AM-6:00PM
SATURDAY 9:00AM-3:00PM
WE ACCEPT ALL MEDICAID / MEDICARE MOST INSURANCES ACCEPTED INCLUDING WORKERS COMP. NO-FAULT, SLIP AND FALL.
শারীরিক অভ্যন্তরীন সমস্যা
শ্বাসকষ্ট, ডায়বেটিস চিকিৎসা
হৃদরোগ
শারীরিক ব্যায়াম বা থেরাপি
মূত্র সংক্রান্ত চিকিৎসা
নারী স্বাস্থ্য চিকিৎসা কেন্দ্র
পায়ের চিকিৎসা
পরিপাকতন্ত্রীয় চিকিৎসা
হাড়ের চিকিৎসা
সম্পূর্ণ পরিবারের স্বাস্থ্যসেবা কেন্দ্র
আমরা বাংলায় কথা বলি
মেডিক্যাল সময়সূচি:
তাৎক্ষনিক চিকিৎসা সেবায় স্বাগতম!
সোমবার এবং বৃহস্পতিবার
সকাল ৮:৩০ মিঃ থেকে সন্ধ্যা ৮:০০টা
মঙ্গলবার, বুধবার এবং শুক্রবার
সকাল ৮:৩০ মিঃ থেকে সন্ধ্যা ৬:০০টা
শনিবার
সকাল ৯:০০ মিঃ থেকে দুপুর ৩:০০টা
আমরা সকল প্রকার মেডিকেইড ও মেডিকেয়ার সহ অধিকাংশ ইন্সুরেন্স গ্রহণ করি।
সাথে আরো আছে: •কর্মস্থলের ক্ষতিপুরন •নির্দোষ প্রমাণের ব্যবস্থা •পিছলে পড়ে যাওয়া

INJURED?
WE CAN HELP!!

FREE
Accident
Consulation

Have you or a loved one been injured by a carelessly driven vehicle or 18-wheeler or by another's irresponsible conduct?

Let us protect your rights and recover the full amount due from the insurance companies and responsible parties.

WE ALSO HANDLE

- CAR ACCIDENTS | গাড়ি দুর্ঘটনা
- TRUCK ACCIDENTS | ট্রাক দুর্ঘটনা
- TRIP AND FALL | ট্রিপ এবং পতন
- UBER/LYFT ACCIDENT | UBER/LYFT দুর্ঘটনা
- DEPORTATIONS | নির্বাসন
- ADJUSTMENT OF STATUS | স্থিতির সামঞ্জস্য
- ASYLUM APPLICATIONS | আশ্রয়ের আবেদনপত্র
- VAWA PETITIONS | তাদের পিটিশন আছে
- FIANCE VISA PETITIONS | বাগদত্তা ভিসা পিটিশন
- FAMILY PETITIONS | পারিবারিক পিটিশন
- EB1/E82 PETITIONS | EB1/E82 পিটিশন
- UNCONTESTED DIVORCE | অপ্রতিদ্বন্দ্বী বিবাহবিচ্ছেদ

ATTORNEY AT LAW

MELANIE ABRAMS, ESQ.

RECOVERED MILLIONS FOR OUR CLIENTS.

GET HELP TODAY!
718-997-9797

104-70 QUEENS BOULEVARD, SUITE 403
FOREST HILLS, NY 11375

abramslawgroupny.com
https://g.co/kgs/iC36XA
abramslawgrouppc
abramslawgrouppc

প্রয়োজনে এটর্নী হাসপাতাল বা বাসায় আসবেন

প্রথম আলো

Prothom Alo North America
17 October 2024, Thursday, Issue 396

১৭ অক্টোবর ২০২৪, ১ কার্তিক ১৪৩১, ১৪ রবিউস সানি ১৪৪৬, বৃহস্পতিবার

ক্ষতি হ্যারিকেন মিলটনের তান্ডবে ফ্লোরিডায় ব্যাপক ক্ষয়ক্ষতি হয়।

এলাকায় যাচ্ছে না মতিয়া চৌধুরীর মরদেহ, ঢাকায় দাফন

ঢাকা অফিস

প্রয়াত সাবেক সংসদ উপনেতা বেগম মতিয়া চৌধুরীর মরদেহ তার নির্বাচনি এলাকা শেরপুরে নেওয়া হচ্ছে না। তাকে বুদ্ধিজীবী কবরস্থানে দাফন করা হবে বলে জানিয়েছেন তার ভাই মাসুদুল ইসলাম চৌধুরী।

মাসুদুল ইসলাম চৌধুরী বলেন, 'বৃহস্পতিবার বাদ জোহর গুলশান আজাদ মসজিদে নামাজে জানাজা শেষে শহিদ বুদ্ধিজীবী কবরস্থানে তাকে দাফন করা হবে। বুদ্ধিজীবী কবরস্থানে নতুন জায়গা চাওয়া হয়েছে সিটি করপোরেশনের কাছে। জায়গা পেলে সেখানে দাফন করা হবে, না পেলে তার স্বামী বজলুর রহমানের কবরে

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ৪

ছাতিমের আছে ঔষধি গুণাবলি।

অনিন্দ্যসুন্দর ছাতিম

মাসুদ উর রহমান

ছাতিম। ছাতার মতো চারদিকে ছড়িয়ে থাকে বলেই কি এ গাছের নাম ছাতিম? স্থানীয়ভাবে একে 'ছাতিয়ান, ছাত্তিয়ান' নামেও ডাকা হয়। এর ইংরেজি নাম 'ডেভিলস ট্রি'। ছাতিমগাছ ১৫ থেকে ২০ মিটার উঁচু, চিরসবুজ দুধকষভরা সুশ্রী গাছ। পাতা প্রায় ১৮ সেন্টিমিটার লম্বা, মসৃণ, ওপরটা উজ্জ্বল সবুজ, নিচ সাদাটে। ছাতিমে একটি ফুলগুচ্ছে সাতটি পাতা একসঙ্গে যুক্ত থাকে বলে সংস্কৃত ভাষায় একে সপ্তবর্ণা বা সপ্তপর্ণা নামেও ডাকা হয়। অ্যাপোসাইনেসি বর্গের অন্তর্ভুক্ত ছাতিমগাছের বৈজ্ঞানিক নাম অ্যালস্টোনিয়া স্কলারিস।

তবে ফুলটির একটি বড় বৈশিষ্ট্য হলো, এটি তীব্র ঘ্রাণযুক্ত। মজার ব্যাপার হলো, ঘ্রাণ ছড়ায় সন্ধ্যার পর এবং রাত বাড়ার সঙ্গে সঙ্গে তা বাড়তে থাকে। রবীন্দ্রনাথ তাঁর 'হৈমন্তী' গল্পের প্রধান চরিত্র হৈমন্তীর নাম গল্পের প্রেক্ষাপটে শুরুতে দিয়েছিলেন শিশির। কেননা, 'শিশিরে কান্নাহাসি একেবারে এক হইয়া আছে, আর শিশিরে ভোরবেলাটুকুর কথা সকালবেলায় আসিয়া ফুরাইয়া যায়।' ছাতিমেও ঠিক তাই। রাতে ছাতিমের এমন মাদকতাপূর্ণ ঘ্রাণ সকাল হতেই কেমন কর্পূরের মতো বাতাসে মিলিয়ে যায়! আবার রাতে যে ফুলের এমন মিষ্টি গন্ধ, রাত শেষে বাসি ফুল থেকে ভেসে আসে উল্টো তীব্র ঝাঁজালো গন্ধ! সে গন্ধে ঝিমঝিম করে ওঠে মন-মস্তিষ্ক।

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১

চট্টগ্রাম সমিতির নির্বাচন

আধুনিক কনভেনশন সেন্টার প্রতিষ্ঠার অঙ্গীকার তাহের-আরিফ প্যানেলের

উত্তর আমেরিকা অফিস

আর মাত্র কয়েক দিন পর অনুষ্ঠিত হতে যাচ্ছে চট্টগ্রাম এসোসিয়েশন অব নর্থ আমেরিকা তথা চট্টগ্রাম সমিতির নির্বাচন। নির্বাচনের দিন যত ঘনিয়ে আসছে ততই নির্বাচন ঘিরে বাড়ছে উৎসাহ উদ্দীপনা। কে হচ্ছে চট্টগ্রাম সমিতির কাণ্ডারি তা নিয়েও চলছে নানা জল্পনা কল্পনা। এ নির্বাচনে মাকসুদ-মাসুদ প্যানেলের বিপরীতে প্রতিদ্বন্দ্বিতা করছে তাহের আরিফ প্যানেল। আসন্ন নির্বাচনে নিজেদের জয়ের ব্যাপারে আশাবাদ ব্যক্ত করেন প্যানেলের সভাপতি প্রার্থী আবু তাহের ও সাধারণ সম্পাদক প্রার্থী আরিফুল ইসলাম। নির্বাচনে জয়ী হলে চট্টগ্রাম সমিতিকে প্রবাসের একটি আধুনিক সংগঠনে পরিণত

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ৪

টিডি ব্যাংককে ৩ বিলিয়ন ডলার জরিমানা

এছাড়াও টিডি ব্যাংক মার্কিন বিচার বিভাগকে ১.৮ বিলিয়ন ডলার পরিশোধ করবে

উত্তর আমেরিকা অফিস

মাদক পাচারকারীদের অর্থ পাচার কার্যক্রম সঠিকভাবে পর্যবেক্ষণ করতে ব্যর্থ হওয়ার অভিযোগে টিডি ব্যাংককে ৩ বিলিয়ন ডলার জরিমানা দিতে হবে। ইউএস নিয়ন্ত্রক সংস্থাগুলো গত ১০ অক্টোবর বৃহস্পতিবার এই জরিমানা ঘোষণা করে। এই জরিমানার মধ্যে ১.৩ বিলিয়ন ডলার মার্কিন ট্রেজারি ডিপার্টমেন্টের ফিনান্সিয়াল ক্রাইমস এনফোর্সমেন্ট নেটওয়ার্কে পরিশোধ করতে হবে। এই জরিমানা একটি ব্যাংকের জন্য সর্বোচ্চ রেকর্ড। এছাড়াও টিডি ব্যাংক মার্কিন বিচার বিভাগকে ১.৮ বিলিয়ন ডলার পরিশোধ করবে এবং ব্যাংক সিক্রেসি অ্যাক্ট লঙ্ঘনের অভিযোগ মীমাংসা করতে দোষ স্বীকার করবে।

যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ জানায়, টিডি ব্যাংকের অর্থ লেনদেন পর্যবেক্ষণ ব্যবস্থায় দীর্ঘমেয়াদি, ব্যাপক এবং প্রাতিষ্ঠানিক ঘাটতি ছিল। অ্যাটর্নি জেনারেল মেরিক গারল্যান্ড গত ১০ অক্টোবর বৃহস্পতিবার এক সংবাদ সম্মেলনে বলেন, অপরাধীদের জন্য এর সেবাগুলো সহজলভ্য করে তোলার মাধ্যমে, এটি অপরাধের অংশ হয়ে দাঁড়িয়েছিল। একটি ঘটনার উল্লেখ করে, বিচার বিভাগ জানায়, টিডি ব্যাংকের কর্মীরা ৫৭ হাজার ডলারের বেশি গিফট কার্ড সংগ্রহ করেছিলেন, যা ৪৭০ মিলিয়ন ডলারের বেশি নগদ জমা প্রক্রিয়াকরণের জন্য ব্যবহৃত হয়েছিল এবং কর্মীদের লেনদেনগুলো রিপোর্ট না করার জন্য প্রণোদনা প্রদান করেছিল।

একই সঙ্গে মার্কিন কারেন্সি কন্ট্রোলার অফিস (ওসিসি) জানায়, টিডি ব্যাংক শত শত মিলিয়ন ডলার লেনদেন প্রক্রিয়া করেছে, যা অত্যন্ত সন্দেহজনক কার্যকলাপ নির্দেশ করে। অভিযোগ অনুসারে, টিডি ব্যাংক ২০১৮ সালের জানুয়ারি থেকে ২০২৪ সালের এপ্রিল

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১

নিজস্ব ভোট ব্যাংকের লড়াই বাংলাদেশ সোসাইটির নির্বাচনে

উত্তর আমেরিকা অফিস

আগামী ২৭ অক্টোবর রোববার অনুষ্ঠিত হবে বাংলাদেশ সোসাইটির নির্বাচন। প্রায় ১৯ হাজার প্রবাসী বাংলাদেশি ভোটাধিকার প্রয়োগের সুযোগ পাবেন। এ নির্বাচনে সেলিম-আলী ও রুহুল-মিন্টু প্যানেল সরাসরি প্রতিদ্বন্দ্বিতা করছে। ব্যস্ত সময় পার করছেন প্রার্থীরা, ছুটছেন ভোটারদের কাছে। ভোটের প্রচারনায় টেলিফোন কল, ডোর টু ডোর নক চলছে সমান্তরালে। অবশ্য ফোন কল নিয়ে ভোটাররা বিরক্তি প্রকাশ করেছেন। একাধিক ভোটার

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ৪

সম্পাদক: **ইব্রাহীম চৌধুরী**, নির্বাহী সম্পাদক: **মনজুরুল হক**। প্রথম আলো উত্তর আমেরিকা কর্তৃক ৩৭-১৮, ৭৩ স্ট্রিট, সুট # ২০২ জ্যাকসন হাইটস, নিউইয়র্ক-১১৩৭২ থেকে প্রকাশিত।
ফোন: ৭১৮- ৩০৮ - ৫০২০, **ই-মেইল: নিউজ:** news@prothomalony.com, **বিজ্ঞাপন:** cm@prothomalony.com